

Report of Nore Habi Chowdhury &

CONFIDENTIAL

ADMINISTRATIVE REFORM


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



প্রশাসনিক পুনর্বিন্যাস প্রতিবেদন :
সমর্পণ পত্র



প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি
জুন, ১৯৯৬।



CONFINED

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



প্রশাসনিক পুনর্বিন্যাস প্রতিবেদন :
সমর্পণ পত্র



প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি
জুন, ১৯৯৬।

CONFINED

সূচীপত্র

ক্রমিক নং।	বিষয়	পৃষ্ঠা/অনুলেখন
০১.	কেন্দ্রীয় ও প্রাদেশিক সংস্থাগুলির অপরিবর্তিত পুনর্বিবর্তন	০১/০২
০২.	অতীতের পুনর্বিবর্তন প্রয়াস	০২/০৩-০৪
০৩.	প্রশাসনিক পুনর্বিবর্তন কমিটি নিয়োগ	০২/০৫-০৬
০৪.	কর্ম-পদমতি	০৪/০৭-১০
০৫.	পুনর্বিবর্তনের কলাকল	০৫/১১-১৪
০৬.	উদ্বৃত্ত কর্মচারীদের ব্যবস্থা সম্পর্কিত পদমতি	০৬/১৫-১৬
০৭.	মনোনিয়ন্ত্রণ ও বিভাগের পুনর্বিবর্তন	০৭/১৮-২০
০৮.	পরিচালনা কমিশনের পুনর্বিবর্তন: জাতীয় পরিচালনা সংস্থা	০৮/২১
০৯.	সুপ্রিম কোর্ট সচিবালয়	০৮/২২
১০.	হিসাব সংরক্ষণ হইতে হিসাব নিরীক্ষা পদ্ধতিকরণ	০৮/২৩
১১.	ন্যায়পাল সচিবালয় এবং অন্যান্য জবাবদিহিতামূলক ব্যবস্থা	০৯/২৪
১২.	সরকারী সেবা সম্পর্কিত তথ্য	০৯/২৫-২৬
১৩.	আইন-কানুন অনুবাদ	১০/২৭
১৪.	নতুন অফিস: 'দেউদারী ও দেওয়ানী কার্যধারা পরিদপ্তর'	১০/২৮
১৫.	শিক্ষা ব্যবস্থার পুনর্বিবর্তন	১১/২৯
১৬.	স্বাস্থ্য ব্যবস্থা	১১/৩০-৩১
১৭.	স্বাস্থ্য ও শিক্ষা খাতের পুনর্গঠন	১২/৩২
১৮.	কর্মতা বিকেন্দ্রীকরণ	১২/৩৩-৩৫
১৯.	বিকল্পিকরণ প্রবর্তনা	১৩/৩৬
২০.	প্রস্তাবিত স্থায়ী সংগঠন ও ব্যবস্থাপনা কমিশন	১৪/৩৭
২১.	কর্তৃত্ব জ্ঞাপন	১৪/৩৮

পারিশিষ্ট সূচী

ক্রমিক নং।	বিবরণ	পারিশিষ্টের নাম।	পৃষ্ঠা
০১.	মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত প্রশ্ননমোনা	'ক'	০১ - ০২
০২.	অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর ও সংযুক্ত অফিসে প্রেরিত প্রশ্ননমোনা	'খ'	০১ - ০২
০৩.	চেরারম্যান ও সদস্যগণ কর্তৃক পুনর্বিপর্যাসকৃত সংস্কার তালিকা	'গ'	০১ - ১৭
০৪.	বাংলাদেশের থানাসমূহের শ্রেণীবিন্যাস	'ঘ'	০১ - ১৫
০৫.	বাংলাদেশের জেলাসমূহের শ্রেণীবিন্যাস	'ঙ'	০১ - ০৭
০৬.	সুপারিশকৃত জনবল ও আর্থিক সংশ্লেষ সম্পর্কিত বিবরণী	'চ'	০১ - ০৭
০৭.	পুনর্বিপর্যাসের কারণে উদ্ভূত জনবলের বিষয়ে কমিটির সুপারিশ	'ছ'	০১ - ০৩
০৮.	মন্ত্রণালয়/বিভাগের পুনর্বিপর্যাস	'জ'	০১ - ০৫
০৯.	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটের জনবল সূচনাবরণ	'ঝ'	০১ - ০৯
১০.	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সহায়ী জনবল	'ঞ'	০১ - ২৪
১১.	প্রশাসনিক ও আর্থিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্কার মধ্যে দায়িত্ব ও ক্রমতার পুনর্বিপর্যাস	'ট'	০১ - ২১
সম্পূর্ণ পত্রের ইংরাজী সংস্করণ			০১ - ২২



প্রশাসনিক পুনর্বিব্যাস কমিটি

সম্পর্ক পত্র

জন্ম-লগেন : যে সব কর্মচারীরা সৎসংস্থা ছিল, তাহা নইয়াই বাংলাদেশ সরকার কাজ শুরু করে । ইহার পূর্বে দুইটি সরকার ছিল । একটি ছিল পাকিস্তান কেন্দ্রীয় সরকার এবং অপরটি ছিল পূর্ব পাকিস্তান প্রাদেশিক সরকার । কেন্দ্রীয় সরকার গঠন করা হইয়াছিল কেন্দ্রীয় বিষয়গুলি এবং অবশিষ্ট বিষয়গুলির প্রশাসনের উদ্দেশ্যে এবং প্রাদেশিক সরকারের কাজ ছিল প্রাদেশিক বিষয়াদির প্রশাসন । কেন্দ্রীয় সরকার গঠিত হয় কতিপয় মন্ত্রণালয়, বিভাগসহকারে এবং সেইগুলির প্রশাসনিক নিয়ন্ত্রণে ছিল কয়েকটি অধিদপ্তর ও অন্যান্য অফিস । অপরদিকে প্রাদেশিক সরকারে ছিল কয়েকটি ডিপার্টমেন্ট, যোগুলির শীর্ষে ছিলেন এক একজন প্রাদেশিক মন্ত্রী । এইসব ডিপার্টমেন্টের অধীনে থাকিত কতিপয় ডাইরেক্টরেট (পরিদপ্তর), যাহার কাজ ছিল সরকারী সিদধান্ত বাস্তবায়ন করা । কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার দুইটির মধ্যে যে মৌলিক পার্থক্য ছিল, তাহা ছিল কেন্দ্রীয় সরকারের তুলনায় প্রাদেশিক সরকারের উচ্চতম পর্যায়ের কর্মকর্তাদের নিম্নতর অবস্থান বা মর্যাদা । প্রাদেশিক সরকারের অধিকাংশ ডিপার্টমেন্টের প্রধান ছিলেন সচিব, যাহারা পদ-মর্যাদায় ছিলেন কেন্দ্রীয় সরকারের উপ-সচিবের সমতুল্য । মাঝে মাঝে ডিপার্টমেন্টের শীর্ষে যাহারা ছিলেন, তাহাদের পদ-মর্যাদা ছিল কেন্দ্রীয় সরকারের যুগ্ম-সচিবের সমতুল্য । একইভাবে ডাইরেক্টরেটগুলির প্রধানের পদ-মর্যাদা ছিল কেন্দ্রীয় সরকারের উপ-সচিব বা তাহারও নিম্নে । একমাঝে ব্যতিক্রম ছিল ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, যাহার পদ-মর্যাদা ছিল কেন্দ্রীয় যুগ্ম-সচিবের সমান । আর কেন্দ্রীয় সরকারের অধীন অধিদপ্তরগুলির (ডিপার্টমেন্ট) শীর্ষে স্থানে ছিলেন ডাইরেক্টর জেনারেল, যাহার পদ-মর্যাদা ছিল কেন্দ্রীয় সরকারের যুগ্ম-সচিবের সমান ।

কেন্দ্রীয় ও প্রাদেশিক সংস্থাগুলির অপরিবর্তিত পুনর্বিব্যাস

- ০২। স্বাধীনতা লাভের পরে বাংলাদেশ প্রাদেশিক ও কেন্দ্রীয় আমলাতন্ত্রের সাহায্যেই কাজ শুরু করে । প্রাদেশিক ডিপার্টমেন্ট (কার্যতঃ মন্ত্রণালয়) ও ডাইরেক্টরেট এবং কেন্দ্রীয় সরকারের অনুরূপ অফিসগুলি কেবলমাত্র নামেই পৃথক ছিল তাই নয়, ইহাদের বেতন স্কেল ও পদ-মর্যাদায়ও পার্থক্য ছিল । উদাহরণ স্বরূপ বলা যায় যে, কেন্দ্রীয় সরকারের নির্মাণমূলক ডিপার্টমেন্টের নাম ছিল পিউরিউডি, আর প্রাদেশিক সরকারের অনুরূপ অফিসের নাম ছিল সিএন্ডবি । দুই সরকারের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের পদ-মর্যাদায়ও পার্থক্য ছিল, এমন কি কেরানীদের বেতন স্কেলেও ছিল বিরাট ব্যবধান । কেন্দ্রীয় সরকারে যাহারা চাকরি করিত, তাহারা উচ্চতর বেতন স্কেল ও পদ-মর্যাদা ভোগ করিত । প্রাতিষ্ঠানিক পরিবর্তন/পরিবর্তনের সময়ে কিছু সংখ্যক ঘটনা পরিলক্ষিত হয় । উপরোক্তকালে যে দুই শ্রেণীর আমলাতন্ত্র পাওয়া গেল, ইউনিটারী বাংলাদেশে তাহা পৃথক পৃথক রাখা সম্ভব হইল না । কোন প্রকার নির্বিড় সমীক্ষা এবং সুচিন্তিত পরিকল্পনা ব্যতীতই সময়ের তাগিদে দুইটি সিস্টেম একীভূত করা হইল । কল হইল প্রথমতঃ বিচ্ছিন্নতা ও বিভ্রান্তি এবং সংস্থাগুলির বিকৃতি । দ্বিতীয়তঃ একীভূত করার সময়ে এমনভাবে সমন্বয় সাধনের চেষ্টা করা হইল, যাহার ফলে প্রায় সব কয়টি সংস্থার প্রধানদের পদ-মর্যাদা বৃদ্ধি করা হইল এবং কতকগুলি পদ-মর্যাদা বৃদ্ধি করা হইল, যাহাতে কেন্দ্রীয় সরকারে কর্মরত ব্যক্তিদের আত্মপ্রসাদ করা সম্ভব হয় । এইভাবে সত্তরশতাব্দীতে সরকারী সংস্থাগুলি এলোমেলো বা বিচ্ছিন্নভাবে পরিবর্তিত হইল । কোন কর্মসূচি বা কমিটির মাধ্যমে কোন নির্বিড় ও অনুসন্ধানী সমীক্ষার ভিত্তিতে এইসব পরিবর্তনশীল সরকারী অফিসের সুবিন্যাসের কোন প্রচেষ্টা করা হয় নাই ।

এই সময়ে চাকরি ও বেতন বৃদ্ধি সম্পর্কিত বিষয়ে কমিশন গঠন করা হয়েছিল। তবে বেতন স্কেল ও চাকরি সংস্কারের প্রচেষ্টা আরও বেশী অর্থবহ হইত যদি একই সময়ে প্রাদেশিক ও কেন্দ্রীয় প্রতিষ্ঠানগুলির একীভূতকরণ এবং প্রাদেশিক ও কেন্দ্রীয় বেতন স্কেল একীভূতকরণের পটভূমিতে একটি প্রশাসনিক পুনর্বি'ন্যাস কমিশন গঠন করা হইত।

অতীতের পুনর্বি'ন্যাস প্রয়াস

০৩। সরকারী ও আধা-সরকারী প্রতিষ্ঠানগুলির সাংগঠনিক কাঠামো সুপারিশ করার উদ্দেশ্যে সাময়িক আইন সরকার সর্বপ্রথমে এনাম কমিটি নামে পরিচিত একটি কমিটি গঠন করে। মনে হয় এই কমিটির প্রাথমিক দায়িত্ব ছিল বিভিন্ন প্রতিষ্ঠানের জনবল ও অফিস সরঞ্জাম সম্পর্কে হিসাব নিকাশ করা। এই কমিটি অনুমোদিত পদের হিসাব সংগ্রহ করে, প্রয়োজনীয় সংখ্যক জনবল সম্পর্কে সুপারিশ করে এবং অফিস সরঞ্জামের তালিকাও প্রণয়ন করে। এই কমিটির মূখ্য কাজ ছিল সরকারী অফিসে নিয়োজিত প্রয়োজনের অতিরিক্ত কর্মচারী সনাক্ত করা। প্রত্যেকটি প্রতিষ্ঠানের প্রতিটি পদে নিয়োজিত সরকারী কর্মচারীকে শুমারি করা হয়। ইহা পুরাপুরি সাংগঠনিক কাঠামো সমীক্ষা না হইলেও, ইহাই ছিল সর্বপ্রথম অনুরূপ সমীক্ষা। নিঃসন্দেহে বলা যায় যে, ইহাই ছিল সরকারী প্রতিষ্ঠান সম্পর্কিত সর্বপ্রথম সমীক্ষা।

০৪। সাত বৎসর পরে ১৯৮৯ সালে রাষ্ট্রপতির সচিবালয়ের তৎকালীন মহা-পরিচালক জনাব এ. মুরীদ চৌধুরীর নেতৃত্বে সরকার আর একটি কমিটি গঠন করে। এই কমিটির কাজ ছিল যে সকল ডিপার্টমেন্ট জাতীয় ফল্যাণ বা উন্নয়নের ক্ষেত্রে গুরুত্ব বা উপযোগিতা হারাইয়াছে, সেগুলির বিলুপ্তি বা একীকরণ সম্পর্কে সুপারিশ প্রণয়ন করা। কমিটি মোট ৩৩টি সংস্থার বিলুপ্তি এবং একীকরণের সুপারিশ করে। এইসব সুপারিশ আংশিকভাবে বাস্তবায়ন হয়।

প্রশাসনিক পুনর্বি'ন্যাস কমিটি নিয়োগ

০৫। এনাম কমিটির কাজের শেষে সংস্থাপন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের সেখান হইতেই কাজ শুরু করা উচিত ছিল। এই অনুবিভাগের উচিত ছিল প্রতিটি সরকারী এজেন্সির সাংগঠনিক কাঠামো প্রণয়ন করা এবং তাহাদের চেইন অব কমান্ড এবং নিয়ন্ত্রণের বিন্যাস (স্প্যান অব কন্ট্রোল) সুস্পষ্টভাবে দেখান। প্রতিটি সংস্থার উদ্দেশ্য, কার্যাবলী এবং প্রতিটি কর্মকর্তার পদ-বর্ণনা (জব-ডেস্ক্রিপশন) বিস্তারিতভাবে প্রণয়ন করা উচিত ছিল। এই কাজতো এই অনুবিভাগ করেই নাই, এনাম কমিটি যে পোজিশন চার্ট রাখিয়া গিয়াছিল, তাহাও ইহারা সংশোধন করে নাই। কলে বহু ক্ষেত্রেই কোন প্রতিষ্ঠানের জনবলের হিসাব ও কোন পদের অবস্থান কোথায়, তাহা খুঁজিয়া পাওয়া যায় না। এইরূপ পরিস্থিতিতেই সরকার বিগত ০৫-০৮-১৯৯৩ তারিখে এই কমিটিটি গঠন করে এবং ইহার উদ্দেশ্য নির্ধারিত হয় সরকারী কাজে গতিশীলতা আনয়ন ও সংস্থাগুলি আধুনিকায়নের উদ্দেশ্যে সরকারের মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তরের পুনর্গঠন ও সুবীকরণ।

৩৬। এই কমিটি নিম্নলিখিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত হয় :

- | | | |
|----|--|---------------------------|
| ক. | জনাব ম. নূরউন নবী চৌধুরী,
সদস্য, পরিকল্পনা কমিশন। | চেয়ারম্যান (সার্বজনিক) ; |
| খ. | জনাব আব্দুস সালাম,
অবসরপ্রাপ্ত সচিব। | সদস্য (সার্বজনিক) ; |
| গ. | ডঃ এ.এম.এম. শওকত আলী,
সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়। | সদস্য (খন্ডকালীন) ; |
| ঘ. | জনাব বি.আর. চৌধুরী,
মহা-পরিচালক,
(অতিরিক্ত সচিব), নিগোট, স্বাস্থ্য ও
পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সদস্য (খন্ডকালীন) ; এবং |
| ঙ. | জনাব মারুফ মোরশেদ,
ফুগম-সচিব, সংগঠন ও ব্যবস্থাপনা,
সংস্থাপন মন্ত্রণালয়। | সদস্য-সচিব (খন্ডকালীন)। |

কমিটির উপর অর্পিত কর্মপরিধি :

- ক. মন্ত্রণালয়, বিভাগ এবং অন্যান্য সরকারী অফিসের কার্য সম্পাদনের জন্য বর্তমান সাংগঠনিক কাঠামো পর্যাপ্ত কি না, তাহা পরীক্ষা করা ;
- খ. সর্বস্তরের কর্মকর্তাদের পদ-বর্ণনা (জব-ডেস্ক্রিপশন) এবং কার্যভার পরীক্ষা করা ;
- গ. সমস্ত অফিসের দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় জনবল নির্ণয় করা ;
- ঘ. এইসব অফিসের কার্যাবলী, সুব্রমীকরণ ও পুনর্গঠন সুপারিশ করা ; এবং
- ঙ. প্রাসংগিক বলিয়া বিবেচিত অন্যান্য বিষয় সম্পর্কে সুপারিশ প্রণয়ন।

খন্ডকালীন সদস্য জনাব বি.আর. চৌধুরীর অবসর গ্রহণের পর কমিটির গঠন একটু পরিবর্তিত হয়। অবসরপ্রাপ্ত এই কর্মকর্তার পরিবর্তে অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোতাহার হোসেনকে ২৯-১০-৯৪ তারিখে খন্ডকালীন সদস্য হিসাবে নিয়োগ করা হয়। তাঁহার অবসর গ্রহণের পর তাঁহাকে সার্বজনিক সদস্যরূপে নিয়োগ করা হয়। খাদ্য মন্ত্রণালয়ের তৎকালীন সচিব জনাব এ. মুরীদ চৌধুরীকে ২৩-০৪-৯৫ তারিখে খন্ডকালীন সদস্যরূপে নিয়োগ করা হয়।

কর্ম-পদমতি

৩৭। প্রথম দিকে অনুষ্ঠিত সভাতেই কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে যে, সমস্ত সরকারী প্রতিষ্ঠান হইতে প্রশ্নমালার ভিত্তিতে তথ্য সংগ্রহ করিতে হইবে। এই উদ্দেশ্যে দুই কর্ম প্রশ্নমালা (পরিশিষ্ট-‘ক’ ও ‘খ’ আকারে সংলগ্ন) প্রণয়ন ও চূড়ান্ত করা হয়। এক কর্ম ছিল মন্ত্রণালয় ও বিভাগসমূহের জন্য এবং তাহা তাহাদের নিকট প্রেরণ করা হয়। অপর কর্মটি প্রেরণ করা হয় মন্ত্রণালয় ও বিভাগসমূহের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, পরিদপ্তর ও অন্যান্য দপ্তরের নিকট।

৩৮। সরকারী সিদ্ধান্ত অনুসারে সংস্থাপন মন্ত্রণালয় বিভিন্ন সংস্থা, যথা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং সরকারী যানবাহন পরিদপ্তর হইতে মূদ্রাক্রমিক, কেরানী ও পিয়ন সংগ্রহ করে। মন্ত্রণালয় বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের (ওএসডি) সার্ভিসও কমিটির হাতে ন্যস্ত করে।

৩৯। কমিটিকে সাতটি গ্রুপে বা দলে বিভক্ত করা হয় এবং প্রত্যেকটির জন্য কয়েকটি করিয়া সংস্থা বরাদ্দ করা হয়। চেয়ারম্যান দুইটি গ্রুপের দায়িত্ব গ্রহণ করেন এবং পরবর্তীকালে আর একটি গ্রুপের অসমাপ্ত কাজও হাতে নেন। প্রত্যেক সদস্য এক একটি গ্রুপের দায়িত্ব গ্রহণ করেন; বাহার কাজ ছিল প্রাপ্ত তথ্যের নিভুলতা পরীক্ষা করা এবং তাহার উপর ন্যস্ত সংস্থা সম্পর্কিত রিপোর্ট প্রণয়ন ও চূড়ান্তকরণে সহায়তা করা। চেয়ারম্যান ও সদস্যগণ যেনই সংস্থার রিপোর্ট প্রণয়ন ও চূড়ান্ত করিয়াছেন, তাহার তালিকা পরিশিষ্ট-‘গ’ আকারে সংলগ্ন করা হইল। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, প্রতিটি রিপোর্টে আছে সংশ্লিষ্ট সংস্থার পর্যালোচনা, ইহার উপর ন্যস্ত কার্যাবলী, কার্যভার এবং প্রথম শ্রেণীর কর্মকর্তাদের পদ-বর্ণনা (জব-ডেসক্রিপশন)। প্রতিটি রিপোর্টের মধ্যে আছে একটি সাংগঠনিক কাঠামো। ইহাতে চেইন অব কমান্ড এবং স্প্যান অব কন্ট্রোল সুস্পষ্টভাবে দেখান হইয়াছে। সাংগঠনিক কাঠামোর উপরিভাগে দেখান হইয়াছে সংশ্লিষ্ট সংস্থার উপর ন্যস্ত কার্যাবলী এবং নিচের দিকে আছে জনবলের সার-সংক্ষেপ। প্রস্তাবিত পুনর্বিবিন্যাসের ফলে যে আর্থিক সংশ্লেষ হইতে পারে, তাহাও রিপোর্টের মধ্যে অন্তর্ভুক্ত করা হইয়াছে। প্রতিটি সংস্থার রিপোর্টেই কমিটি কর্তৃক অনুমোদিত হয়। কমিটির অনুমোদনক্রমে কয়েকটি সংস্থার রিপোর্ট একত্র বানধাই করা হয় এবং তাহা সংস্থাপন মন্ত্রণালয়ে পেশ করা হয়। রিপোর্টের প্রথম খন্ডটি ১৫-০২-৬৪ তারিখে পেশ করা হয়। তাহার পর হইতে কমিটি একটির পর একটি খন্ড পেশ করিতে থাকে এই ভ্রমসাধ্য যে, মন্ত্রিপরিষদের প্রশাসনিক সংস্কার কমিটি এই রিপোর্টগুলি প্রাপ্তির পর ইহা বিবেচনা করিতে থাকিবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে, রিপোর্টগুলি বিবেচনার জন্য তৎকালীন বোগাযোগ মন্ত্রী জনাব ওয়ালী আহমদের নেতৃত্বে গঠিত মন্ত্রিপরিষদ কমিটি কোন বৈঠকে মিলিত হয় নাই। ফলে এই বিপুল পরিমাণ সময় ও শক্তি ব্যয় করিয়া বাহা করা হইল, তাহা কার্যে পরিণত করা হইল না এবং সরকারের সুবমীকরণের কাজ এতদিনেও বাস্তবায়িত হইল না।

৪০। কমিটি সর্বপ্রথমে অধিদপ্তর, দপ্তর এবং অন্যান্য অধীন দপ্তরের পুনর্গঠন কাজ চূড়ান্ত করে, বাহাতে মন্ত্রণালয়/বিভাগসমূহের পুনর্বিবিন্যাস পরিকল্পনা অনুযায়ী এইগুলি বরাদ্দ করা যায়। দেখা গেল যে, সরকারী অফিসের থানা ও জেলা পর্যায়ের অফিসগুলির আকার প্রায় একই রকম, যদিও প্রতিটি অফিসের উপর ন্যস্ত কার্যভার ছিল বিভিন্ন। এই কারণে কমিটি থানাগুলির শ্রেণীবিবিন্যাস করে, বাহাতে এই শ্রেণীবিবিন্যাস অনুযায়ী বিভিন্ন মাঠ পর্যায়ের অফিসের জন্য বিভিন্ন রকম জনবল সুপারিশ করা যায়। ইহার একটি অনুলিপি পরিশিষ্ট-‘ঘ’ আকারে সংলগ্ন করা হইল। অনুরূপভাবে জেলাগুলি শ্রেণীবিবিন্যাসের কাজও সম্পন্ন করা হয়। ইহার অনুলিপি পরিশিষ্ট-‘ঙ’ হইতে দেখা যাইবে। চেয়ারম্যানের নেতৃত্বে পরিকল্পনা কমিশনের জনাব মোহাম্মদ মেসবাহ উদ্দিন আহমদ কর্তৃক সম্পাদিত এই দুইটি সমীক্ষা, যথা, (ক) জেলাগুলির শ্রেণীবিবিন্যাস এবং (খ) থানাগুলির শ্রেণীবিবিন্যাস, বিভিন্ন দপ্তরের মাঠ পর্যায়ের অফিস পুনর্বিবিন্যাসে খুবই সহায়ক বলিয়া প্রমাণিত হয়।

পুনর্বি'ন্যাসের ফলাফল

১১। তথ্য আহরণের উদ্দেশ্যে কমিটি ২৬৭টি সরকারী সংস্থার নিকট প্রশ্নমালা প্রেরণ করে। ইহার মধ্যে কয়েকটি সংস্থা বিভিন্ন কারণে তথ্য প্রেরণ হইতে বিরত থাকে। এইসব সংস্থা হইতে তথ্য সংগ্রহের জন্য কমিটি চাপ প্রয়োগ করে নাই। যে ২৫৭টি সংস্থা হইতে বিভিন্ন পর্যায়ে তথ্য পাওয়া যায়, তাহার মধ্যে ৭টি সংস্থা সরাসরি বিলুপ্তির জন্য সুপারিশ করা হয় এবং পুনর্বি'ন্যাসের কারণে ৪৩টি সংস্থা হ্রাস পায়। নতুনভাবে ১৭টি সংস্থা সৃষ্টির সুপারিশ করা হয়। ইহার মধ্যে কয়েকটি হইল বর্তমানে বিদ্যমান সংস্থার সংস্কৃত রূপ। এই ভাবে কমিটির বিবেচনাধীন মোট ২৫৭টি সংস্থার মধ্য হইতে পুনর্বি'ন্যাস্ত সংস্থার সংখ্যা হইতেছে (২৫৭-৭-৪৩+১৭)=২২৪টি।

১২। পুনর্বি'ন্যাসের ফলে মোট জনবলের উপর যে প্রতিক্রিয়া হইল, তাহা বেশ কৌতূহল উদ্দীপক। পর্যালোচনাধীন ২৩০টি সংস্থাসমূহে জনবল ছিল ৫,৯৯,৬৫৭। ইহার মধ্যে ৩৩,৬৯৯টি পদ ছিল প্রথম শ্রেণীতে, ১৫,৩২৩টি ছিল দ্বিতীয় শ্রেণীতে এবং ৪,৩৫,২৯১টি ছিল তৃতীয় শ্রেণীতে এবং ১,১৫,৩৪৪টি পদ ছিল চতুর্থ শ্রেণীতে। পুনর্বি'ন্যাসের ফলে এই সংখ্যা দাঁড়ায় প্রথম শ্রেণী ৩৪,০৯৮টি, দ্বিতীয় শ্রেণী ১৬,৬৭৯টি, তৃতীয় শ্রেণী ৪,০১,৫৮৭টি এবং চতুর্থ শ্রেণী ১,০০,২৭৪টি। পুনর্বি'ন্যাস প্রস্তাবের ফলে সর্বমোট জনবলের সংখ্যা দাঁড়ায় ৫,৫২,৬৩৮টিতে এবং উদ্ভূত জনবলের সংখ্যা হয় ৪৭,০১৯টি।

১৩। অতীতে যুক্তিভিত্তিক বা সুবমীকরণের উদ্দেশ্যে কোন পুনর্বি'ন্যাস কাজ হয় নাই। ফলে উপনিবেশিক আমলে স্বল্প-সংখ্যক সিদধান্ত গ্রহণকারীর বিপরীতে যেমন বিপুল সংখ্যক সহায়ক কর্মচারী ও এমএলএসএস ছিল, তাহাই আজও চলিয়া আসিতেছে। বিশেষ করিয়া পুরাতন অফিসগুলিতে এই পরিস্থিতি ছিল অত্যন্ত প্রকট। এইভাবে যখনই পুরাতন সংস্থার সম্প্রসারণ হইয়াছে অথবা নতুন সংস্থা গঠিত হইয়াছে, তখনই এই ধরনের কর্মচারী বিন্যাস (Staffing pattern) অনুসৃত হইয়াছে। সরকারী কাজের সুবিধার জন্য প্রয়োজন পর্যাপ্ত সংখ্যক সিদধান্ত গ্রহণকারী। বর্তমান পুনর্বি'ন্যাস প্রস্তাবগুলির ক্ষেত্রে দ্রুত কার্য সম্পাদন এবং উচ্চতর পাবলিক সার্ভিসের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হইয়াছে। সুবমীকরণ ও সমান্বয় বিধানের প্রয়োজনে কিছু সংখ্যক তৃতীয় শ্রেণীর পদকে দ্বিতীয় শ্রেণীতে এবং দ্বিতীয় শ্রেণীর পদকে প্রথম শ্রেণীতে উন্নীত করিতে হইয়াছে। এইসব কারণে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদের সংখ্যা সামান্য বৃদ্ধি পাইয়াছে। কমিটির অভিমত এইরূপ ছিল যে, সহায়ক কর্মচারীর পদ আরও হ্রাস করা যাইত এবং এমএলএসএস এর পদ প্রায় সবই বিনোদন করা যাইত। সে বাহা হউক, কমিটি মনে করে যে, এইসব শ্রেণীর জনবল বেশী পরিমাণে হ্রাস করা হইবে খুব কঠোর ও বেদনাদায়ক। শেষ লক্ষ্য এইরূপ নির্দিষ্ট রাখা যাইতে পারে, তবে এই লক্ষ্যে উত্তরণের জন্য দীর্ঘদিনের সময় প্রয়োজন। প্রশাসনিক সংস্কার তো সামাজিক সংস্কারের মতই। সুতরাং ইহা ধীরে ধীরে করাই শ্রেয়।

১৪। পুনর্বি'ন্যাসের ফলে যে আর্থিক সংশ্লেষ হইতে পারে, তাহাও প্রতিটি সংস্থার ক্ষেত্রে হিসাব করা হইয়াছে। উদ্ভূত জনবলের জন্য যে আর্থিক সাশ্রয় হইতে পারে বা অতিরিক্ত প্রয়োজনীয় জনবলের জন্য যে অতিরিক্ত ব্যয় হইতে পারে, তাহাও রিপোর্টে উল্লেখ করা হইয়াছে এবং সম্ভাব্য অতিরিক্ত ব্যয় বা সাশ্রয় সম্পর্কে বিস্তারিত হিসাব দেখান হইয়াছে। পুনর্বি'ন্যাসের ফলে প্রাক্কলিত নীট আর্থিক সাশ্রয় হইবে ১৭৫ কোটি টাকা। প্রতিটি কর্মকর্তা-কর্মচারীর অফিসের জারগার ব্যয় ও আনুষঙ্গিক ও অন্যান্য আবর্তক ব্যয় উপরি-উক্ত হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত করা হয় নাই, উহা অন্তর্ভুক্ত করিলে প্রকৃত সাশ্রয় প্রাক্কলিত নীট সাশ্রয়ের দ্বিগুণ হইবে। সুপারিশকৃত জনবল ও আর্থিক সংশ্লেষ সম্পর্কিত একটি বিবরণী পরিশিষ্ট-‘চ’ আকারে সংলগ্ন করা হইল।

১৬। কমিটি, সংস্থাপন বিভাগে এমন একটি অনুবিভাগের সৃষ্টির সুপারিশ করিয়াছে, যাহার কাজ কাজ হইবে উদ্ভূত কর্মচারীদের সার্ভিস রেকর্ড পরীক্ষা ও সংরক্ষণ করা, তাহাদের মূল অফিসের সহলে একটি খোক অনুদান (লান্স গ্রান্ট) হইতে তাহাদের বেতন প্রদান এবং তাহাদের আত্মীকরণ প্রক্রিয়াকরণ। এই প্রক্রিয়ার উদ্ভূত কর্মচারীদের একটি তালিকা প্রণীত হইবে, উদ্ভূত কর্মচারীদের প্রকৃত সংখ্যা নির্ণীত হইবে, পূর্বের ন্যায় কেএম/ভুয়া উদ্ভূত কর্মচারী সৃষ্টির সম্ভাবনা দূরীভূত হইবে এবং সকল উদ্ভূত কর্মচারীর নিয়মিত বেতন প্রাপ্তি নিশ্চিত হইবে। এই পদ্ধতিতে কোন ব্যক্তি তাহার মাসিক বেতন প্রাপ্তি হইতে বঞ্চিত হইবে না। পূর্ববর্তী পুনর্বিন্যাসের ফলে যে অভিযোগ বা বিতর্কের সৃষ্টি হইয়াছিল, তাহার মূল কারণ ছিল মাসিক বেতন না পাওয়া এবং আত্মীকরণের দীর্ঘসূত্রী পদ্ধতি। আমরা উদ্ভূত কর্মচারীদের সমাক্ত করার জন্য একটি সহজ-সরল ও সংক্ষিপ্ত পদ্ধতি এবং আত্মীকরণ না হওয়া পর্যন্ত নিয়মিতভাবে মাসিক বেতন প্রদানের জন্য সুপারিশ করিয়াছি।

উদ্ভাও- কর্মচারীদের ব্যবস্থা সম্পর্কিত পদধতি

১৫। উদ্ভাও- জনবল সম্পর্কে কিভাবে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, সে সম্পর্কেও কমিটি সুপারিশ পেশ করিয়াছে (পারিশিড্ট-'ছ')। একটি পন্থা হইল বর্তমান জনবল সুপারিশকৃত জনবলের সমপর্যায়ে আনয়নের জন্য প্রাকৃতিক বা স্বাভাবিক নিয়ম অনুসরণ করা। প্রকৃত প্রস্তাবে, এইসব উদ্ভাও- জনবলের আত্মবিক্রণের সময়ে এক সংস্থা হইতে অন্য সংস্থায় রহন লোকের স্থানান্তর সূচিত হইবে। অন্যত্র আত্মবিক্রিত বা বিমুক্ত না হওয়ার পর্যন্ত উদ্ভাও- কর্মকর্তা-কর্মচারীরা পূর্ণ বেতন-ভাতা পাইতে থাকিবে। ইহাই হইল চিরাচরিত পদধতি। এই পদধতির মধ্যেই রহিয়াছে ক্রমান্বয়ে ক্রয় বা সমতা বিধান এবং এক সংস্থা হইতে অন্য একটি বা একাধিক সংস্থায় আত্মবিক্রণ। এই সাথে যোগ করা যায় যে সব উদ্ভাও- কর্মকর্তা-কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ করিতে চাহে, তাহাদিগকে অনুরূপ অনুমতি প্রদান। অবসর গ্রহণে উৎসাহিত করার উদ্দেশ্যে আমরা তাহাদের জন্য সুবিধাজনক গ্রাচ্যুইটির হার সুপারিশ করিয়াছি। বিনা কাজে উদ্ভাও- জনবলের বোঝা বহন করার তুলনায় গ্রাচ্যুইটির (আনুতোষিক) হার একটু বৃদ্ধি করা হইবে লাভজনক হইবে। চাকুরী বিধিতে উদ্ভাও- জনবলকে ছাটাই করার বিধান থাকা সত্ত্বেও আমরা সুপারিশ করি না যে, সরকার এইরূপ পন্থার আশ্রয় গ্রহণ করুক। আমাদের কাজের প্রথম দিকে ১৯৯৩ সালে যে ৪২,৮০০টি শূন্য পদের কথা উল্লেখ করা হইয়াছিল, তাহার স্থলে নীতি উদ্ভাও- সংখ্যা দাঁড়াইয়াছে ৪৭,০১৯ জন। আমাদের তিন বৎসর ব্যাপী কাজের সময়ে নতুন নিয়োগের ক্ষেত্রে যে নিষেধাজ্ঞা ছিল, তাহার ফলে শূন্য পদের সংখ্যা এখন আরও অনেক বৃদ্ধি পাইয়াছে। ইহাতে নীতি উদ্ভাও- তুলনায় শূন্য পদের সংখ্যা অনেক বেশী। হিসাব করিয়া দেখা গিয়াছে যে, ১৯৯৩ সালের পর হইতে কমপক্ষে ২৪,০০০টি শূন্য পদ হইয়া পড়িয়াছে। নীতি উদ্ভাও- ৪৭,০১৯ জনবলের সকলেই সর্বমোট ৬৬,৮০০টি (৪২,৮০০+২৪,০০০) শূন্য পদের বিপরীতে আত্মবিক্রিত হইতে পারিবে। তাহার পরেও ২০,০০০ পদ নতুন লোক নিয়োগ করার প্রয়োজন হইবে। প্রশাসনিক সংস্কারের দৃষ্টিকোণ হইতে দেখিলে ইহা অপেক্ষা অধিকতর সৌভাগ্যজনক আর কিছুই হইতে পারে না। এসব সত্ত্বেও এমনভাবে পুনর্বিন্যাস করিতে হইবে, বাহার জন্য প্রয়োজন হইবে এক পদ হইতে অন্য পদে, এক অফিস হইতে অন্য অফিসে বদলি এবং পুনর্প্রশিক্ষণ। ইহার কারণ এই যে, কেবলমাত্র বিভিন্ন পদের মধ্যে রদবদল সম্পূর্ণ নিখুঁত হইতে পারে না। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর যে সব কর্মচারী উদ্ভাও- হইবে, তাহাদের মধ্যে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সরাসরি এক অফিস হইতে অন্য অফিসে বদলি করা বাইবে এবং তৃতীয় শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে সামান্য প্রশিক্ষণ প্রয়োজন হইতেও পারে, নাও হইতে পারে। কারণ এইসব শ্রেণীর কর্মচারীদের এক অফিস হইতে অন্য অফিসে বদলিতে কাজের তেমন কোন অসুবিধা হওয়ার কথা নয়।

- ১৭। আমাদের পুনর্বিন্যাস প্রস্তাবের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় নিম্ন অনুচ্ছেদগুলিতে উল্লেখ করা হইল।

মন্ত্রণালয় ও বিভাগের পুনর্বিন্যাস

- ১৮। স্বাধীনতা লাভের পর হইতে বিগত ২৫ বৎসরে মন্ত্রণালয় ও বিভাগের সংখ্যায় বিরাট উৎখান-পতন পরিলক্ষিত হয়। স্বাধীন বাংলাদেশ মাথায় ২১টি মন্ত্রণালয় লইয়া কাজ শুরু করে। এই সংখ্যা ১৯৭৫ সালে ২৬-এ পরিণত হয়। সংবিধানের চতুর্থ সংশোধনীর পর ১৯৭৫ সালে এই সংখ্যা ১৩-তে নামে, কিন্তু মাথায় দুই বৎসরের মধ্যে ১৯৭৭ সালে এই সংখ্যা বৃদ্ধি পাইয়া ৩০-এ উন্নীত হয়। আবার ১৯৭৮ সালের সামরিক আইন সরকার এই সংখ্যা ২৪-এ নামাইয়া আনে। কিন্তু ১৯৮০ সালে পুনরায় এই সংখ্যা ৩০-এ উন্নীত হয়। আবার ১৯৮২ সালে সামরিক আইন জারির পর দেখা গেল যে, এই সংখ্যা নামিয়া ১৯-এ দাঁড়াইল। মন্ত্রণালয়/বিভাগের এই সংখ্যা পুনরায় ক্রমান্বয়ে বৃদ্ধি পাইতে শুরু করিল এবং ১৯৯১ সাল পর্যন্ত ৩৩-এ উন্নীত হইল এবং ১৯৯৫ সালে সর্বোচ্চ ৩৫-এ উঠিল। ইহাতে দেখা বাইতেছে যে, মন্ত্রণালয়ের সংখ্যা ও কর্ম-প্রতিষ্ঠান সরকারের প্রকৃতির উপর নির্ভরশীল অর্থাৎ সরকার সংসদীয় সরকার, নাকি রাজপুত্রের অধীন সরকার, নাকি সামরিক সরকার, তাহার উপরই মন্ত্রণালয়ের সংখ্যা নির্ভর করে। ক্ষমতাসীন সরকার কর্তৃক নিযুক্ত মন্ত্রীর সংখ্যা অনুসারেই মন্ত্রণালয়ের সংখ্যা নিরূপিত হইয়া আসিয়াছে। এইভাবে রাজনৈতিক পরিস্থিতিই মন্ত্রীর সংখ্যা নির্ধারণ করিয়া আসিতেছে। পুরাতন স্বল্প-সংখ্যক সুলভ মন্ত্রণালয়গুলি ভাঙিয়াই মন্ত্রণালয়ের সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে।
- ১৯। কমিটির অভিমত এই যে, কোন স্থিতিশীল প্রশাসনের জন্য এই প্রবণতা বান্ধুণীয় নয়। উপরি-উক্ত পরিস্থিতির প্রেক্ষিতে কমিটি বর্তমান মন্ত্রণালয়/বিভাগের (ক) কাজের পরিমাণ, (খ) কাজের প্রকৃতি, (গ) এক বা একাধিক মন্ত্রণালয়ের কাজের মধ্যে বিদ্যমান সান্নিধ্য ও পারস্পরিক নিবিড় সম্পর্ক, (ঘ) সংসদীয় গণতন্ত্রকে একটি দৃঢ়ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার পূর্বসূরী, (ঙ) মুক্ত বাজার অর্থনীতির আলোকে অর্থনৈতিক কাঠামো পুনর্বিন্যাস, (চ) একটি জবাবদিহিতামূলক স্বচ্ছ প্রশাসনিক ব্যবস্থা প্রবর্তন ইত্যাদি বিষয় বিবেচনা করিয়া ১৯৯৫ সালের ৩৫টি মন্ত্রণালয়ের স্থলে মোট ২২টি মন্ত্রণালয়ের সুপারিশ করিয়াছে। ইহাতে ১৩টি মন্ত্রণালয় কমিয়া যাইবে। অল্পদিন আগে বিবেচনায় বিভাগবিহীন একক মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের/বিভাগের সংখ্যা ছিল ৫১, সেখানে এখন সুপারিশ করা হইয়াছে ৩৫টি প্রশাসনিক ইউনিটের (প্রস্তাবিত পুনর্বিন্যাসের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-‘জ’)। ইহাতে সরকারের উচ্চ পর্যায়ের ১৬টি প্রশাসনিক ইউনিট হ্রাস পাইবে। কমিটি মনে করে যে, সরকারের উচ্চ পর্যায়ের স্বল্পতর সংখ্যক মন্ত্রণালয় ও বিভাগ সরকারের মিতব্যয়িতা ও দক্ষতার সহিত অধিক সামঞ্জস্যপূর্ণ হইবে।
- ২০। কমিটি সম্পূর্ণ সচেতন যে, রাজনৈতিক তাগিদে অধিক সংখ্যক মন্ত্রী নিয়োগ করার প্রয়োজনেই মন্ত্রণালয়ের সংখ্যা বৃদ্ধি করিতে হয়। সে বাহা হউক, কমিটি মনে করে যে, মন্ত্রণালয়ের সংখ্যা সুপারিশকৃত সংখ্যার মধ্যে সীমাবদ্ধ রাখা সম্ভব এবং বৃহদাকার মন্ত্রণালয়ে জুনিয়র মন্ত্রী নিয়োগ করিয়া ক্ষমতাসীন দল রাজনৈতিক চাপের মোকাবেলা করিতে পারে। এই নীতি অনুসৃত হইলে যে কোন বয়সের রাজনীতিবিদকে মন্ত্রী পদে নিয়োগ করার অতিরিক্ত সুবিধাও থাকিবে।

পরিকল্পনা কমিশনের পুনর্বি'ন্যাস :
জাতীয় পরিকল্পনা সংস্থা

পরিকল্পনা কমিশনের কর্ম-পদ্ধতির পরিবর্তন এবং সরকারের অর্থনৈতিক নীতি পরিবর্তিত হওয়ার ফলে কমিটি অনুভব করে যে, পরিকল্পনা কমিশনের পুনর্বি'ন্যাস প্রয়োজন। আরও অনুভব করা হয় যে, পরিকল্পনা কাজটি সরকারের মূল ধারার সহিত ওতপ্রোতভাবে একীভূত করা প্রয়োজন। পরিকল্পনা কমিশন যতদিন কাজ করিয়াছে, তাহাতে ইহা সরকারী অনুমোদন বর্তপক্ষের জন্য একটি প্রকল্প প্রক্রিয়াকরণ এজেন্সিতে পরিণত হইয়াছে। ইহার প্রধান কাজ ছিল অর্থনৈতিক ও উন্নয়ন নীতি প্রণয়ন করা; বাহা ইহা এখন প্রায় ভুলিয়াই গিয়াছে। এইসব দুটি রিচ্যুটি নিরূপণের উদ্দেশ্যে একজন মুখ্য সচিবের নেতৃত্বে গঠিত একটি ক্ষুদ্রতর আকারের "জাতীয় পরিকল্পনা সংস্থা" সুপারিশ করা হইয়াছে। এই সংস্থার প্রধান কাজ হইবে অর্থনৈতিক ও উন্নয়ন নীতি নির্ধারণ এবং জাতীয় পরিকল্পনা প্রণয়ন। সরকারের অনুমোদনের জন্য ইহা কেবলমাত্র গুরুত্বপূর্ণ প্রকল্পই প্রক্রিয়াকরণ করিবে। প্রকল্প প্রণয়ন, অনুমোদন ও পরিবীক্ষণের জন্য মন্ত্রণালয় ও বিভাগগুলিকে পূর্বে তালমার বেশী শক্তিশালী করা হইয়াছে (পারিশিষ্ট-৫)। তাহারা এখন হইতে প্রকল্প প্রক্রিয়াকরণের ব্যাপারে ক্রমবর্ধিত দায়িত্ব পালন/গ্রহণ করিবে। অপর একটি সমীক্ষার ভিত্তিতে সরকারের যেটি এজেন্সির জন্য স্থায়ী জনবল সুপারিশ করা হইয়াছে, বাহাতে কোন প্রকল্পের শুরু হইতে শেষ পর্যন্ত অর্থ ও বাস্তবায়ন পর্যন্ত কাজের জন্য সুদক্ষ ও অভিজ্ঞ জনবল প্রাপ্তিতে কখনো অসুবিধা না হইবে (পারিশিষ্ট-৬)। এইভাবে পুনর্বি'ন্যাস জাতীয় পরিকল্পনা সংস্থা (এপিও), মন্ত্রণালয় ও বিভাগগুলির পরিকল্পনা ও উন্নয়ন ইউনিট এবং উল্লিখিত যেটি এজেন্সির জন্য সুপারিশকৃত জনবল সম্মিলিতভাবে এমন একটি পরিস্থিতি/পরিবেশের সৃষ্টি করিতে পারিবে, বাহাতে অর্থনৈতিক ক্যাডারের কর্মকর্তাগণ সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের অফিস পর্যন্ত বাইতে পারিবে এবং এইভাবে তাহারা কোন প্রকল্প পরিকল্পনা ও অনুমোদন, পরিবীক্ষণ ও বাস্তবায়ন ইত্যাদি কাজের জন্য একটি সুদক্ষ কর্মী-গোষ্ঠীতে পরিণত হইতে পারিবে। বর্তমানে যেভাবে কেবলমাত্র পরিদর্শনের মাধ্যমে মূল্যায়ন কাজ করা হইতেছে, তাহার পরিবর্তে ধারাবাহিক ও পুঙ্খানুপুঙ্খ পরিদর্শন ও মূল্যায়নের পন্থা সুপারিশ করা হইয়াছে। পরিকল্পনা ও উন্নয়ন কাজে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে সরকারী অফিসগুলির পুনর্বি'ন্যাস ও সুবন্ধকরণের যে দায়িত্ব (টিওআর) কমিটিকে দেওয়া হইয়াছিল, তাহার পরিপ্রেক্ষিতে পরিকল্পনা প্রণয়ন ও জাতীয় পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়নের সহিত জড়িত সংস্থাগুলি পুনর্বি'ন্যাসের প্রস্তাব করা হইয়াছে।

সুপ্রিম কোর্ট সচিবালয়

দেশের প্রধান প্রধান রাজনৈতিক দলের ঘোষিত নীতির অনুসরণে নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগকে পৃথকীকরণের ফলে উদ্ভূত বাবতীয় কাজ সম্পাদনের উদ্দেশ্যে 'সুপ্রিম কোর্ট সচিবালয়' নামে একটি সাংগঠনিক কাঠামো সুপারিশ করা হইয়াছে। কমিটি মনে করে যে, বর্তমানে অধস্তন বিচার বিভাগীয় কর্মকর্তাদের নিয়োগ, রদলি, পদায়ন ও পদোন্নতি সম্পর্কিত যেসব কাজ সরকার/নির্বাহী কর্তৃপক্ষ করিয়া আসিতেছে, তাহা রহিত হইবে এবং তাহার পরিবর্তে সুপ্রিম কোর্টই এইসব কাজ করিবে। কমিটি মনে করে না যে, ম্যাজিস্ট্রেটের প্রশাসনিক কাজ এক মন্ত্রণালয় হইতে অন্য মন্ত্রণালয়ে প্রদান করার যে সরকারী প্রস্তাব আছে, তাহাতে তেমন কোন লাভ হইবে। কমিটি মনে করে যে, বিচার বিভাগের প্রশাসনমূলক কাজ সুপ্রিম কোর্টে ন্যস্ত না করিলে নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ অপ্রবছ হইবে না। এইরূপ একটি সংগঠন বিদ্যমান থাকিলে বিচার বিভাগের পৃথকীকরণের জন্য কে একটি মাত্র কাজ অবশিষ্ট থাকে, তাহা হইল সিদ্ধান্ত গ্রহণ।

হিসাব সংরক্ষণ হইতে হিসাব নিরীক্ষা পৃথকীকরণ

কমিটি হিসাব নিরীক্ষা কার্যকে হিসাব-নিয়ন্ত্রণ/সংরক্ষণ কার্য হইতে পৃথক করার উদ্দেশ্যে যে সুপারিশ করিয়াছে, তাহার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সব কমিটি সাংগঠনিক কাঠামো


পুনর্নির্মাণ করিয়াছে। মহা-হিসাব-নিয়ন্ত্রকের একমাত্র কাজ হইবে হিসাব নিরীক্ষা। তাহার সদর দপ্তর সম্পর্কে যে সুপারিশ করা হইয়াছে, তাহাতেই তাহার স্বাধীনতা নিশ্চিত করা হইয়াছে। বর্তমানে যে-মামুলি-ও-ধরা-ব্যাধি-প্রকৃতির হিসাব-নিরীক্ষা হয়, তাহার পরিবর্তে ব্যাপক হিসাব-নিরীক্ষার জন্য প্রয়োজনীয় চণ্টার্ড একাউন্ট্যান্ট ও অন্যান্য দক্ষ কর্মকর্তার নিয়োগের জন্য সুপারিশ করা হইয়াছে। অডিট টিমগুলি বেড়াইবে গঠনের প্রস্তাব করা হইয়াছে, তাহাতে বর্তমানে প্রচলিত ইচ্ছানুরূপ মামুলি নিরীক্ষার পরিবর্তে অর্থের মূল্যায়ন নীতি প্রয়োগ করিয়া পূর্ণাঙ্গ ও সুষ্ঠু নিরীক্ষা করা সম্ভব হইবে। ইহাতে একদিকে সরকার নগণ্য ও মামুলি ধরনের অনিষ্টপন্ন ও অনিষ্টপন্নযোগ্য অডিট আপিওর স্তূপ হইতে নিষ্কৃতি পাইবে। পূর্ণাঙ্গ প্রশাসনিক কাঠামো সহ হিসাব বিভাগীকরণের জন্য যে সুপারিশ করা হইয়াছে, তাহাতে সঠিক ও সময়মত জবাবদিহিতা এবং উপবোজন ও আর্থিক হিসাব সংকলন সম্ভব হইবে। বর্তমান ব্যবস্থায় হিসাব বৎসরের পর বৎসর বকেয়া থাকে। এখন যে সুপারিশ করা হইয়াছে, তাহাতে হিসাব একেবারে আধুনিক হালনাগাদ করা সম্ভব হইবে। আর্থিক ও উপবোজন হিসাব সময়মত পাওয়া গেলে বাজেটের গুণগত মান নিঃসন্দেহে উন্নীত হইবে এবং মুখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রথম বারের মত, সময়মত তাহার দায়িত্ব পালনে সক্ষম হইবেন।

ন্যায়পাল সচিবালয় এবং অন্যান্য জবাবদিহিতামূলক ব্যবস্থা

- ২৪। ন্যায়পালের অফিসের জন্য কমিটি একটি সাময়িক/অস্থায়ী সাংগঠনিক কাঠামো সুপারিশ করিয়াছে। সংবিধানে বর্ণিত ন্যায়পাল সম্পর্কিত বিধান এবং ন্যায়পাল আইন, ১৯৮০, এর পটভূমিতে ইহার প্রয়োজন আছে বলিয়া অনুভূত হয়। আইনগত কাঠামো এবং রাজনৈতিক সদিচ্ছা উভয়ই বর্তমান। এখন প্রয়োজন হইল আইনের বিধানগুলি বাস্তবায়ন করা। আইনের বিধান বাহাতে অবিলম্বে কার্যকর করা যায়, সেইজন্যই একটি সাংগঠনিক কাঠামো সুপারিশ করা হইয়াছে। সংসদীয় জবাবদিহিতার ক্ষেত্রে ইহা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিবে। সংসদ সদস্যদের জন্য অফিস সহায়তা এবং তদন্ত জাতীয় কাজের জন্য একটি ক্ষুদ্র আকারের তহবিলও সুপারিশ করা হইয়াছে, বাহাতে তাহাদের বক্তব্যগুলি তথ্য-নির্ভর হইতে পারে।

সরকারী সেবা সম্পর্কিত তথ্য

- ২৫। সরকার কর্তৃক দেয় সেবা সম্পর্কিত নিয়মাবলী, আদায়যোগ্য কি এবং অন্যান্য প্রাসংগিক তথ্য বাহাতে সহজলভ্য হয়, সেইজন্য প্রয়োজনীয় ব্রোচ্যুর (Brochure) প্রকাশনা এবং এসব অফিসের সার্ভিস কাউন্টারে বা ইহার নিকটবর্তী স্থানে বিলবোর্ড স্থাপনের মাধ্যমে ব্যবস্থা করার সুপারিশ করা হইয়াছে। যেসব অফিস হইতে সেবা প্রদান করা হয়, সেখান হইতে তাৎক্ষণিক ভিত্তিতে তথ্য প্রাপ্তি এবং নাগরিকদের অভাব-অভিযোগ ও ক্রোধ অবিলম্বে নিরসনের জন্য একটি বিভাগীয় পন্থাও সুপারিশ করা হইয়াছে। কোন লিখিত অভিযোগের লিখিত উত্তর পাওয়ার অধিকার প্রত্যেক নাগরিকের আছে। কোন একটি সেবা প্রদানের জন্য কি পরিমাণ সময় লাগিতে পারে, তেমন কোন মানদণ্ড বর্তমানে নাই। কলে সেবা প্রদানের জন্য নিয়োজিত ব্যক্তিদের কাজের পরিমাণ মাপের কোন উপায় নাই। অন্য ভাষায় বলিতে গেলে বলিতে হয় যে, এমন কোন মানদণ্ড নাই, বাহার সাহায্যে ইহাদের কাজের পরিমাণ নির্ণয় করা যায়।
- ২৬। এই কারণে আমরা মন্ত্রণালয় ও বিভাগগুলির জন্য সুপারিশ করিয়াছি যে, সরকারী অফিস কর্তৃক দেয় সেবাগুলি সনাক্ত করিতে হইবে এবং এইরূপ সেবা প্রদানের জন্য কি পরিমাণ সময় লাগিবার কথা, তাহাও নির্ধারণ করিতে হইবে। এইভাবে প্রদত্ত সেবা সম্পর্কে নির্দিষ্ট সময় অন্তর নিয়মিত পরিদর্শন ও মূল্যায়নের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হইবে। ইহাও সুপারিশ করা হইয়াছে যে, কোন সিদ্ধান্তের কলে ক্ষতিগ্রস্ত নাগরিক যদি আবেদন করে, তাহা হইলে অনুরূপ সিদ্ধান্তের ভিত্তি বা কারণ সম্পর্কে তাহাকে আবেদন করার এক মাসের মধ্যে জানাইতে হইবে। ইহাতে একদিকে খামখেয়ালী সিদ্ধান্ত



বন্দ্য হইবে এবং অপরদিকে উপযুক্ত ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত নাগরিকের ক্ষতির প্রতিকার বা প্রতিবিধান চাহিবার মত তথ্য তাহারা পাইতে পারিবে। এই অনুচ্ছেদে ইতঃপূর্বে উল্লিখিত ব্যবস্থাগুলির কোনটিই বাস্তবায়ন করা কঠিন নয়। কোনটির জন্যই অত্যধিক ব্যয় বা প্রয়াসের প্রয়োজন হইবে না। ইহার সবগুলি ব্যবস্থাই অবিলম্বে বাস্তবায়ন করা যায়। এই ব্যবস্থাগুলি গৃহীত হইলে সরকারের পক্ষে জনগণের দাবী-দাওয়া বা চাহিদার প্রতি অধিকতর সহানুভূতিশীল হওয়া সম্ভব হইবে। সরকারী গোপনীয়তা আইন, ১৯২৪ (অকিসিয়াল সিক্রেটস অ্যাক্ট, ১৯২৪) এবং সরকারী কর্মচারী আচরণ বিধির প্রাসংগিক অংশ বিশেষের উপযুক্ত সংশোধনের জন্যও সুপারিশ করা হইয়াছে। ইহাতে সরকারের মধ্যে একটি খোলাখুলি পরিবেশের সৃষ্টি হইবে। কোন সরকারী সিদধান্ত বা পদক্ষেপ গোপন বলিয়া চিহ্নিত না হইলে তাহা সংবাদপত্র ও জনসাধারণকে অবহিত করিতে হইবে। সবচ্ছবতা কোন গণতান্ত্রিক সরকারের কাজ-কর্মের জন্য যেমন প্রয়োজন, উত্তম সরকারের জন্যও তেমনি অপরিহার্য।

আইন-কানুন অনুবাদ

২৭। উচ্চ শিক্ষার মাধ্যম ইংরাজীর পরিবর্তে বাংলা হওয়ার কারণে সরকারের উচ্চ পর্যায় ব্যতীত সর্বত্র ইংরাজী-জ্ঞান-সম্পন্ন সরকারী কর্মচারীদের সংখ্যা হ্রাস পাইতেছে। কিন্তু সরকারের আইন-কানুন, বিধি বিধান ইত্যাদি, বাহা পূর্বেই প্রণীত হইয়াছে, তাহা ইংরাজীতেই বহিয়া গিয়াছে। এইগুলিই হইল প্রশাসনিক ব্যবস্থার মূল হাতিয়ার। সরকারী ভাষা ইংরাজী হইতে বাংলার রূপান্তরের জন্য সংস্থাপন মন্ত্রণালয়ের বাংলা ভাষা বাস্তবায়ন কোষ একটি অতি দূর্বল প্রচেষ্টা মাത്ര। সরকারী কাজে ব্যবহার্য একটি শব্দকোষ সংকলন রূপে ইহা অনুবাদদের কাজে কোন দিন হাত দেয় নাই। বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ হইতে অনুদিত কাজ আসার অপেক্ষায় ইহা বসিয়া থাকে, কিন্তু তাহাও কখনও আসে না। ইহা কখনও জোরালোভাবে চাওয়াও হয় না। এমত অবস্থায় অতীতের সমস্ত আইন, কানুন ও বিধি-বিধান বাংলার অনুবাদ হওয়া একান্ত প্রয়োজন। এই কারণে সুপারিশ করা হইয়াছে যে, এই কাজটি আইন মন্ত্রণালয়কে হাতে লইতে হইবে এবং তাহারা ইহা ভাড়া করা অভিজ্ঞতা সম্পন্ন লোকের সাহায্যে সম্পাদন করিবে। এজন্য পর্যাপ্ত জনবল সুপারিশ করা হইয়াছে। এই অগ্রাধিকারপূর্ণ কাজের জন্য প্রয়োজনীয় তহবিল মঞ্জুর করা বাঞ্ছনীয়।

নূতন অফিস 'কৌজদারী ও দেওয়ানী কার্যধারা পরিদপ্তর'

২৮। কমিটি দুইয়ের সহিত লক্ষ্য করিয়াছে যে, পাবলিক প্রসিকিউটার ও সরকারী উকিলদের গুণগত মান এমন নিম্ন পর্যায়ে নামিয়া গিয়াছে, বাহা মানিয়া লওয়া যায় না। বর্তমানে যেভাবে সরকারের পক্ষ হইতে কৌজদারী মামলা ও দেওয়ানী মামলা পরিচালিত হইতেছে, তাহা কোনক্রমেই বাঞ্ছনীয় নয়। সরকারী কাজের জন্য ইহা এমন একটি ক্ষেত্র, সমাজের স্থায়ীত্বের জন্য বাহা সদা-সর্বদাই সুশৃঙ্খলা ও এটিহীনভাবে থাকা অপরিহার্য। ইহা এমন একটি ক্ষেত্র, বাহা সংস্কারের ব্যাপারে কাল বিলম্ব করার অবকাশ নাই। এই কারণে কমিটি কৌজদারী ও দেওয়ানী কার্যধারা পরিদপ্তর (Office of Public Prosecution and Defence) প্রতিষ্ঠার জন্য সুপারিশ করিয়াছে। দক্ষতা, নৈপুণ্য এবং আন্তরিকতা সহকারে কাজ করার উদ্দেশ্যে এক দল প্রশিক্ষিত আইনবিদ নিয়োগ করিতে হইবে, তাহাদিগকে বিভাগীয় প্রশিক্ষণ দিতে হইবে এবং এই কাজে মোতায়েন করিতে হইবে। আইন-আদালতে সরকারের দেওয়ানী ও কৌজদারী মোকদ্দমা পরিচালনা এবং কৌজদারী মোকদ্দমা তদন্ত কার্যের উদ্দেশ্যে পুখিবীর বহু দেশেই কৌজদারী ও দেওয়ানী উকিলদের অফিস আছে। তদর্থক-ভিত্তিক কাজ বাদ দিয়া সরকারের কৌজদারী ও দেওয়ানী মামলা পরিচালনার জন্য একটি নিয়ম-ভিত্তিক সূষ্ঠা ব্যবস্থা গ্রহণ করা একান্ত অপরিহার্য।

শিক্ষা ব্যবস্থার পুনর্বিবর্তন

- ২৯। জীবন ধারণের জন্য দুইটি মৌল প্রয়োজন হইল শিক্ষা ও স্বাস্থ্য । এই দুইটি ক্ষেত্রেই সরকারী উপস্থিতি বিপুলভাবে বৃদ্ধি পাইয়াছে । রহস্যময়ক স্কুল-কলেজ রাষ্ট্রীয়করণ করা হইয়াছে, কিন্তু এগুলিকে মূল ধারা বা ব্যবস্থার সহিত আত্মীকরণের কথা চিন্তাই করা হয় নাই । মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর নামক বর্তমান সরকারী প্রতিষ্ঠানটি জানেও না যে, বিভিন্ন বিষয়ের জন্য কি পরিমাণ শিক্ষক নিয়োগ করিতে হইবে, কি কি সুযোগ-সুবিধা চালু রাখিতে হইবে এবং কি কি সুযোগ-সুবিধার পরিবর্তন করিতে হইবে । স্কুল-কলেজ রাষ্ট্রীয়করণের বিরতিহীন দাবীর কলে সরকারী তহবিল হইতে বিপুল অর্থ ব্যয়ের পরিবর্তে কেবলমাত্র শিক্ষকরাই উপকৃত হইয়াছে । বর্তমান অধিদপ্তরটি পরিস্থিতির মোকাবিলা করিতে পারিতেছে না । এমত পরিস্থিতিতে কমিটি তিনটি অধিদপ্তর সৃষ্টির সুপারিশ করিয়াছে । একটি হইবে কেবলমাত্র মাধ্যমিক বিদ্যালয় ব্যবস্থাপনার জন্য মাধ্যমিক বিদ্যালয় অধিদপ্তর, কলেজগুলির ব্যবস্থাপনার জন্য কলেজ অধিদপ্তর এবং মাদ্রাসা অধিদপ্তর । মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সৃষ্টির কলে বর্তমানে মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে যে দৈবত-শাসন বিদ্যমান, তাহার অবসান হইবে । মাধ্যমিক শিক্ষা পরীক্ষার সহিত জড়িত বিভিন্ন পদধতি এবং কার্যভার পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করা হইয়াছে এবং কমিটি এই সিদ্ধান্তে উপনীত হইয়াছে যে, মাধ্যমিক শিক্ষা পরীক্ষার জন্য সারা দেশে একটিমাত্র বোর্ড এবং ইহার কয়েকটি আঞ্চলিক অফিস থাকিলেই এই কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা যাইবে । একটি মাত্র বোর্ড স্থাপনে যে লাভ হইবে, তাহা সুস্পষ্ট ।

স্বাস্থ্য ব্যবস্থা

- ৩০। শিক্ষার মত স্বাস্থ্য খাতও বিপুল পরিমাণে বৃদ্ধি পাইয়াছে । ইহা বরং একটু বেশী পরিমাণে বিস্তৃষ্ট হইয়াছে । কারণ, স্বাস্থ্য সম্পর্কিত প্রতিটি সমস্যা সমাধানের জন্য এক একটি উন্নয়ন প্রকল্প গৃহীত হইয়াছে । এই প্রকল্পের শেষে ইহার অবশিষ্ট কাঠামোটিও প্রধান প্রতিষ্ঠানের সহিত সমস্যারূপে গুলিতে থাকে । কিন্তু ইহাকে প্রধান প্রতিষ্ঠানের সাথে একীভূত করার জন্য তেমন গুরুত্ব সহকারে চেষ্টাই করা হয় নাই । কমবেশী ৫৫,০০০ কর্মকর্তা-কর্মচারীর প্রশাসনমূলক কাজের জন্যই অধিদপ্তরটি ব্যতিব্যস্ত থাকে । তাহাও যে খুব সাফল্যজনকভাবে করিতে পারিতেছে, তাহাও বলা যায় না । এই অবস্থার নিরসনের জন্য কমিটি কয়েকটি ব্যবস্থা গ্রহণের সুপারিশ করিয়াছে ।

- ৩১। স্বাধীনতা লাভের পর হইতে বহুসংখ্যক মেডিক্যাল কলেজ এবং পোস্ট-গ্রাজুয়েট মেডিকেল প্রশিক্ষণ প্রতিষ্ঠান সৃষ্টি হইয়াছে । স্বাস্থ্য অধিদপ্তরের উপর নিপতিত অসহনীয় কার্যভার, উচ্চতর মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠান এবং সেগুলির সহিত সংযুক্ত হাসপাতালগুলির জন্য কিয়ৎ পরিমাণ স্বায়ত্তশাসন অধিকারের বিবরণ চিন্তা করিয়া কমিটি একটি নতুন চিকিৎসা শিক্ষা অধিদপ্তর (ডিপার্টমেন্ট অব মেডিকেল এডুকেশন) সৃষ্টির সুপারিশ করিয়াছে । অর্থ ব্যয়, যন্ত্রপাতি সংরক্ষণ এবং গবেষণামূলক কাজের ক্ষেত্রে পর্যাপ্ত স্বায়ত্তশাসনের অধিকার সুপারিশ করা হইয়াছে, যাহা গড়গড়ানু বড় তত্ত্বাবধানে প্রয়োগ করা যাইবে । একটি স্বাস্থ্য সেবা অধিদপ্তর থাকিবে, যাহার কাজ হইবে অন্যান্য হাসপাতাল, ক্লিনিক ও অন্যান্য স্বাস্থ্য ইউনিটের তত্ত্বাবধান করা । স্বাস্থ্য প্রশাসনের অন্যতম বড় দুর্বলতা হইল হাসপাতাল প্রশাসনে প্রশিক্ষিত ডাক্তারের অভাব । বর্তমানে যে ভাবে যে কোন ডাক্তারকে হাসপাতাল প্রশাসনের কাজে নিয়োগ করা হইতেছে, তাহা অবসান করিয়া হাসপাতাল প্রশাসনে প্রশিক্ষিত ডাক্তারদেরকে নিয়োগ করিতে হইবে । বর্তমানে মহাখালিতে হাসপাতাল প্রশাসনের প্রশিক্ষণ দানের যেকোন প্রচেষ্টা চলিতেছে, তাহার সহিত যোগ করিতে হইবে কোটা ও

পিএটিসির মত প্রতিষ্ঠানে হাসপাতাল প্রশাসন সম্পর্কে প্রশিক্ষণের ব্যবস্থা। হাসপাতাল প্রশাসনে যে সংখ্যক ডাক্তারকে প্রশিক্ষণ দেওয়া সম্ভব, তাহা দিতে হইবে এবং তাহাদিগকে এই কাজে নিয়োগ করিতে হইবে। এই গ্রুপের জন্য একটি আকর্ষণীয় ও সুসংহত ক্যারিয়ার প্যাটান থাকা এবং প্রশাসনমূলক কাজের ক্ষেত্রে ধাপে ধাপে উন্নতির ব্যবস্থা থাকা অপরিহার্য।

স্বাস্থ্য ও শিক্ষা খাতের পুনর্গঠন

৩২। ইতঃপূর্বেই বলা হইয়াছে যে, শিক্ষা ও স্বাস্থ্য খাতের কেন্দ্রীয় প্রশাসন কোনমতেই সন্তোষজনক নয়। উদাহরণ স্বরূপ বলা যায় যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দেশের ৩৭,৭১০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জনবলের প্রশাসনমূলক ব্যবস্থা করিয়া আনিতেছে। একদ্যতিত, এই প্রতিষ্ঠানকে হাজার হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও স্যাটেলাইট বিদ্যালয়ের কাজও করিতে হয়। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সংখ্যা ১,৬৭,৯৪৮। ইহা একটি বিরাট সংখ্যা। কমিটি এখন এই সংখ্যা বৃদ্ধি করিয়া ১,৮৮,৫৫০ করার সুপারিশ করিতেছে। মাঠ পর্যায়ের অফিসের সাহায্য সত্ত্বেও একটি মাএ কেন্দ্রীয় প্রতিষ্ঠানের জন্য ইহা একটি বিরাট কাজ। এই সমস্যার একমাএ সমাধান হইতে পারে প্রাথমিক শিক্ষার প্রশাসনিক বিষয়টি সম্পূর্ণভাবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিকট সমর্পণ করা অথবা প্রাথমিক শিক্ষার প্রশাসনমূলক কাজের জন্য একটি নতুন স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান সৃষ্টি করা। ইতঃপূর্বে এইরূপ একটি প্রচেষ্টা করা হইয়াছিল, এমনকি এই উদ্দেশ্যে একটি আইনও পাশ করা হইয়াছিল। কিন্তু তাহা বাস্তবায়ন না করিয়া হিমাগারে তুলিয়া রাখা হয়। সরকারী মাধ্যমিক বিদ্যালয়, বেসরকারী বিদ্যালয় পরিদর্শন, সাহায্য মন্তব্যরূপী প্রদান এবং শিক্ষকদের বেতনের অংশ বিশেষ প্রদান এসবই বর্তমানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের প্রশাসনিক নিয়ন্ত্রণে। আমরা মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের উন্নততর প্রশাসনিক ব্যবস্থার জন্য দুইটি পৃথক অধিদপ্তর সৃষ্টির সুপারিশ করিয়াছি। কমিটি মনে করে যে, জেলা বোর্ডের অধীনে একটি পৃথক দপ্তরের মাধ্যমেই মাধ্যমিক বিদ্যালয়ের প্রশাসন অধিকতর সুষ্ঠুভাবে পরিচালিত হইতে পারে। কিন্তু যেহেতু সরকারী কার্যবলীর পুনর্বিবিন্যাস এই কমিটির আওতার মধ্যে পড়ে না, সেইহেতু আমরা উন্নততর প্রশাসনের স্বার্থে বর্তমানের একটিমাএ অধিদপ্তরের স্থলে আর একটি পৃথক অধিদপ্তর সৃষ্টির সুপারিশ করিতেছি। এই পরিপ্রেক্ষিতে কমিটি সুপারিশ করিতেছে যে, বিদ্যালয় পরিচালনার বিষয়টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানে অর্পণ করা সম্পর্কে সরকারের বিবেচনা করা বাঞ্ছনীয়। বর্তমানে পরিস্থিতি এমন একটি পর্যায়ে উপনীত হইয়াছে, বাহাতে নিম্নতর কোন সংস্থার হাতে ক্ষমতা অর্পণ বা বিকেন্দ্রীকরণ করিলেই সমস্যাটির সমাধান হইবে না। পুনর্গঠন-পুনর্বিবিন্যাসের পদধতি, সাংগঠনিক কাঠামো, তহবিল প্রদান ও নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে সুপারিশ করার জন্য একটি কমিটি গঠন করা বাইতে পারে। অপর একটি কমিটি থানা হেলথ কমপ্লেক্স ও জেলা হাসপাতালগুলির ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিতভাবে পরীক্ষা করিতে পারে এবং সেইগুলি জেলা বোর্ডে হস্তান্তর করা এবং সেইগুলি পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা সম্পর্কে বিবেচনা করিতে পারে। কমিটির সুচিন্তিত অভিমত এই যে, এইসব সংস্থাকে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে হস্তান্তরের বিষয়টি আর বিলম্ব করা উচিত নয়।

ক্ষমতা বিকেন্দ্রীকরণ

৩৩। মন্ত্রণালয়গুলির প্রশাসনিক নিয়ন্ত্রণের অধীন দপ্তর, কর্পোরেশন ও অন্যান্য অফিসে কি পরিমাণ ক্ষমতা অর্পণ করা হইয়াছে, সে সম্পর্কে একটি সমীক্ষা হাতে লওয়া হয়। ক্ষমতা অর্পণ সম্পর্কিত সুস্পষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও দেখা যায় যে, বহুক্ষেত্রেই মন্ত্রণালয় ও বিভাগগুলি নিজেরাই ক্ষমতা প্রয়োগ করে। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায় যে,

প্রত্যেকটি দপ্তর প্রধানকে তাহার নিকটতম অধীন কর্মকর্তা ব্যতীত অন্য সকল কর্মকর্তার প্রশাসনিক বিষয় সম্পর্কিত বাবতীর কাজ করার ক্ষমতা অর্পণ করা হইয়াছে। এই নির্দেশ পালনের পরিবর্তে ইহা শুধু লংঘন করাই হইতেছে। সরকারী কাজের সুষ্ঠু পরিচালনার স্বার্থে যেসব ক্ষমতা দপ্তর ও কর্পোরেশনের হাতে হস্তান্তর করা প্রয়োজন, তাহা আমরা সনাক্ত করিয়াছি। বিভিন্ন দপ্তর ও কর্পোরেশনের কর্মকর্তাদের মধ্যে বিদ্যমান অসন্তোষের অন্যতম প্রধান কারণ হইল মন্ত্রণালয় ও বিভাগসমূহের উদ্দেশ্যপূর্ণ এবং অতি-কেন্দ্রায়নমূলক ভাবভঙ্গি ও আচরণ। এই পরিস্থিতি তাহাদের জন্য শ্রাস্ত্রদধকর এবং অবমাননা কর + কলে তাহারা সুষ্ঠুভাবে কাজ করিতে পারে না। আর কাল বিলম্ব না করিয়া এই পরিস্থিতির নিরসন করা ছাড়া গত্যন্তর নাই। আমাদের সমীক্ষার ভিত্তিতে—আমরা দপ্তর ও কর্পোরেশনে ক্ষমতা অর্পণ সম্পর্কে একটি স্কীম সুপারিশ করিয়াছি (পরিশিষ্ট-‘ট’)

৩৪। এই প্রসঙ্গে এই ধরনের একটি পরিস্থিতি উল্লেখ করা যায়। কোন প্রতিষ্ঠানে উপযুক্ত কর্মকর্তা আছে কি না, তাহা বিবেচনা না করিয়াই বাহির হইতে অন্য একজন কর্মকর্তাকে উক্ত প্রতিষ্ঠানের শীর্ষে স্থাপন করার বর্তমান অস্বাভাবিক পদ্ধতি। এমনকি কোন কোন ক্ষেত্রে, তাহাদের অব্যবহিত নিম্নপদেও বহিরাগত কর্মকর্তাদের নিয়োগ করা হয়। এই ব্যবস্থায় এক দিকে বিভাগীয় কর্মকর্তাগণ তাহাদের আইন-সংগত পদোন্নতি হইতে বন্ধিত হয় এবং জনসাধারণও দক্ষ প্রশাসন হইতে বন্ধিত হয়। জনস্বার্থে এবং আমলাতন্ত্রে সামঞ্জস্য রিধানের প্রয়োজনে এই পদ্ধতি বন্ধ করিতে হইবে।

৩৫। বর্তমানে জেলা প্রশাসন সার্বজনিকভাবে গাড়ী প্রাপ্তির অধিকারী কর্মকর্তাদের এবং বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগকে গাড়ী সরবরাহের দায়িত্ব সরকারী পরিবহন পরিদপ্তরের উপর ন্যস্ত। এই পরিদপ্তর ভ্রমণরত বিদেশী অতিথিদের জন্যও একটি পরিবহন-বহর রাখে। এইসব কাজ পুঙ্খানুপুঙ্খভাবে বিবেচনার পর কমিটি সুপারিশ করিয়াছে যে, এই পরিদপ্তর সচিব, ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, সমস্ত মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদের জন্য গাড়ী সরবরাহ করিবে এবং ভ্রমণরত বিদেশী অতিথিদের জন্য একটি পরিবহন-বহর সংরক্ষণ করিবে। অন্যান্য সমস্ত গাড়ী, গাড়ীচালক ও সহায়ক কর্মচারীদের জেলা প্রশাসনে যেসব কর্মকর্তা সার্বজনিক গাড়ী প্রাপ্তির অধিকারী তাহাদের অফিসে এবং মন্ত্রণালয় ও বিভাগের আওতায় দিয়া দিতে হইবে। একইভাবে গাড়ীচালক ও মেকানিকদের পদগুলিও এইসব অফিসে সমর্পণ করিতে হইবে। সে বাহা হউক, এই প্রক্রিয়ার একটি কাজের জন্য যেন একাধিক পদ সৃষ্টি করা না হয়। আশা করা যায় যে, এই সুপারিশের ফলে গাড়ীচালকগণ অধিকতর নিয়মানুবর্তী ও কর্তব্যপরায়ণ হইবে। এইসব কর্মচারীর ক্ষেত্রে দূরবর্তী নিয়ন্ত্রণ কোনক্রমেই নিয়মানুবর্তিতা ও দক্ষতার নিশ্চয়তা বিধান করিতে পারে না। ক্ষুদ্র আকারের একটি পুল এখন সচিব, মন্ত্রী ও ভ্রমণরত বিদেশী অতিথিদের জন্য নির্ধারিত অবশিষ্ট গাড়ী ও গাড়ীচালকদের প্রতি বেশী মনোযোগ দিতে পারিবে। কমিটি আরও সুপারিশ করিয়াছে যে, সরকারী ওয়ার্কশপের বাহিরে গাড়ী মেরামতের জন্য বর্তমানে যে "অন্যাপিও সনদ" প্রদানের নিয়ম প্রচলিত আছে, তাহা বন্ধ করিতে হইবে। এইসব সনদ প্রাপ্তির পিছনে সন্দেহজনক বিবেচনা নিহিত থাকে বলিয়া রলা হইয়া থাকে। এই ব্যবস্থায় তেমন কোন সুস্পষ্ট লাভ হয় না, ইহাতে অনর্থক বিলম্ব হয় এবং ইহা ব্যয়সাধ্য।

বিক্রয়িকরণ প্রণালী

৩৬। কমিটির গোচরীভূত হয় যে, বহুসংখ্যক সংস্থার মধ্যে একটি অসুস্থ প্রণয়না আছে। কারিগরী ও বিনিয়োগ প্রকল্পের জন্য বহুসংখ্যক পদ সৃষ্টি করা হয় এবং কয়েক বৎসর পরে সংস্থাপন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনায় অনুবিভাগের সাহায্যে তদর্থক-ভিত্তিতে অনুমোদন করাইয়া এইসব পদ মূল সংস্থার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়। প্রকল্প অনুমোদনের

সময়ে প্রস্তাবকারী সংস্থার মূল কাঠামোর সহিত প্রস্তাবিত পদগুলির সামঞ্জস্য রাখার দিকেও কোন মনোযোগই দেওয়া হয় না। প্রকল্প সমাপ্তির পরে এইসব পদ তদর্থক-ভিত্তিতে বার্ষিক অনুমোদন দানের সময়েও তেমন চিন্তা-ভাবনা করা হয় না। ইহার ফলে মূল সংস্থার স্ট্রাকচার প্যাটার্ন সাংঘাতিকভাবে বিকৃত হইয়া যায়। কমিটি সুপারিশ করিয়াছে যে, কোন প্রস্তাবিত প্রকল্পের জনবল নির্ধারণের সময়ে বিদ্যমান সংস্থার সাংগঠনিক কাঠামোর প্রতি দৃষ্টি রাখিতে হইবে। এতদব্যতীত কমিটি আরও সুপারিশ করিয়াছে যে, সদর দপ্তরের মূল কর্মকর্তা ব্যতীত সমস্ত প্রকল্প কর্মকর্তা-কর্মচারীর নিয়োগ হইতে হইবে চুক্তি-ভিত্তিক। ৫১টি নির্বাচিত এজেন্সির মূল কর্মকর্তাগণই হইবে সংশ্লিষ্ট সংস্থার অবিচ্ছেদ্য অংগ। সরকার ইতোমধ্যেই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, প্রকল্পের জনবল চুক্তি-ভিত্তিতে নিয়োগ করিতে হইবে। এই সিদ্ধান্ত কমিটির সুপারিশের সহিত সামঞ্জস্যপূর্ণ। এই সিদ্ধান্তটি খুবই নিম্নলিখিত এবং কোন অজুহাতেই ইহা পরিবর্তন করা উচিত হইবে না।


প্রস্তাবিত স্থায়ী সংগঠন ও ব্যবস্থাপনা কমিশন


৩৭। সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের উপর ন্যস্ত দায়িত্ব সম্পাদনের ব্যাপারে এই অনুবিভাগের দক্ষতা-হীনতার কথা কমিটি অন্যত্র উল্লেখ করিয়াছে। যথোপযুক্ত সমীক্ষা ব্যতীতই নতুন পদ সৃষ্টির জন্য এই অনুবিভাগের উপর যে চাপ প্রয়োগ করা যায়, সেই কারণে এই অনুবিভাগকে সংস্থাপন মন্ত্রণালয়ের অধীনে স্থাপন করা ঠিক নয়। শুধু ইহাই নহে, যেসব কর্মকর্তাকে এখানে স্বল্প-কালীন মেয়াদে পদায়ন করা হয় এবং তাহারা যে পটভূমি হইতে আসে, তাহাতে তাহারা এখানকার জন্য প্রয়োজনীয় সমীক্ষা কার্য পরিচালনা করিবার উপযোগী নয়। এই কাজের জন্য প্রয়োজন পেশাজীবী বিশেষজ্ঞ কর্মকর্তা এবং বর্তমানে যেসব উৎস হইতে ইহারা আসিতেছে, কোনক্রমেই এসব উৎস হইতে আসা উচিত নয়। এই অনুবিভাগটি বর্তমানে যেভাবে সংগঠিত, তাহাতে ইহা কোনক্রমেই সরকারী সংস্থার পুনর্নির্মাণ ও সুস্বীকৃতির জন্য এবং সরকারী কার্য-প্রণালীতে উন্নতি বিধানের সুপারিশ প্রণয়নের জন্য উপযুক্ত নয়। এই কারণে কমিটি সুপারিশ করিয়াছে যে, একটি স্থায়ী সংগঠন ও ব্যবস্থাপনা কমিশন গঠন করিতে হইবে এবং তাহা প্রধান মন্ত্রীর প্রত্যক্ষ নিয়ন্ত্রণে স্থাপন করিতে হইবে। সরকারের দক্ষতা ও মিতব্যয়িতা আনয়নের উদ্দেশ্যে এই প্রতিষ্ঠানকে একটি বিশেষজ্ঞ প্রতিষ্ঠান রূপে গড়িয়া তুলিতে হইবে এবং ইহার চেয়ারম্যান হইবেন চাকুরীরত বা অবসরপ্রাপ্ত একজন সিনিয়র সরকারী কর্মকর্তা। কোন সম্প্রসারণমূলক প্রস্তাব আসিলে সমীক্ষার ভিত্তিতে তাহা গ্রহণ করা বা প্রত্যাখ্যান করার এবং পেশাভিত্তিক গবেষণার ভিত্তিতে কার্য-প্রণালীতে উন্নয়ন সম্পর্কিত প্রস্তাব পেশ করার পূর্ণ অধিকার এই কমিশন ভোগ করিবে।


কৃতজ্ঞতা জ্ঞাপন

৩৮। বিবেচনাধীন সকল সংস্থার পক্ষ হইতে যে সমর্থন ও সহযোগিতা পাওয়া গিয়াছে, তাহার জন্য কমিটি কৃতজ্ঞতা স্বীকার করিতেছে। এই সহযোগিতা পাওয়া না গেলে কমিটির কাজ সমাধা করা সম্ভব হইত না। এই প্রসঙ্গে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নামই বিশেষভাবে উল্লেখ করিতে হয়। এই অধিদপ্তর ইহার আওতাধীন বিভিন্ন সুযোগ-সুবিধা কমিটির সাথে ভাগ করিয়া লইয়াছে। কমিটির কাজের পূর্ণ সময়ের জন্যই পরিকল্পনা মন্ত্রণালয় ইহার অন্যতম সুদক্ষ কর্মকর্তা জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিনকে সার্বজনিক ভিত্তিতে কমিটিতে কাজ করার জন্য প্রেরণ করে। একইভাবে মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকও তাহার দুইজন কর্মকর্তা জনাব মোশাররফ হোসেন ভূঁইয়া এবং জনাব ফিরোজ আহমেদকে খন্ডকালীনভাবে কমিটিকে সাহায্য করার জন্য প্রেরণ করেন। কমিটির কাজের জন্য তাহাদের অবদানও উল্লেখযোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডও ইহার দুইজন উদ্বর্তন কর্মকর্তাকে কমিটিকে সাহায্য করার জন্য মনোনয়ন দেন। তাহাদের বিশেষ অবদানের


কথাও কমিটি কৃতজ্ঞচিত্তে স্বীকার করিতেছে। যে উৎস হইতে কমিটির কাজের জন্য কর্মকর্তা-কর্মচারী সংগ্রহ করা হয়, তাহাতে গুরুত্বের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও ইহাদের মধ্য হইতে প্রাপ্ত কয়েকজন কর্মকর্তা কমিটির কাজে বিশেষ অবদান রাখিয়াছেন। সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ হইতে অবসরপ্রাপ্ত এবং চুক্তিভিত্তিতে নিযুক্ত একক বিশেষজ্ঞ জনাব আলতাক কবীরের সাভিস্তাও পাওয়া যায়। সমস্ত প্রথম শ্রেণীর কর্মকর্তার পদ-বর্ণনা (জব-ডেসক্রিপশন) প্রণয়নে এবং বহুসংখ্যক রিপোর্ট সম্পাদনায় তাহার অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। সংস্থাপন মন্ত্রণালয়ের একের পর এক আগত সচিব এবং অন্যান্য কর্মকর্তার প্রতিও আমরা আমাদের বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। বিশেষভাবে সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ হইতে আমরা প্রায়োগিক এবং অন্যান্য সাহায্য ও সহযোগিতা পাইয়াছি এবং ইহার যুগ্ম-সচিব জনাব মারুক মোরশেদের নেতৃত্বে ইহার কর্মকর্তা-কর্মচারীগণ কমিটিকে বিশেষভাবে সাহায্য করিয়াছেন। তাহারাও আমাদের ধন্যবাদ প্রাপ্তির যোগ্য।



(ম. নূরউদ্দিন নবী চৌধুরী)
চেয়ারম্যান


(আকমাল সানাং)
সদস্য


(ডঃ এ.এম.এম. শওকত আলী)
সদস্য


(আকমাল মুরীদ চৌধুরী)
সদস্য


(মোতাহার হোসেন)
সদস্য


(মারুক মোরশেদ)
সদস্য-সচিব

মন্ত্রণালয়/বিভাগ

- ০১। মন্ত্রণালয়/বিভাগ এর নাম
- ০২। এনাম কমিটি অনুমোদিত সাংগঠনিক কাঠামোর কটোকপি
- ০৩। এনাম কমিটির পর পদ/যানবাহন/সরঞ্জাম বৃদ্ধি বা হ্রাস সংক্রান্ত তথ্যাদি
- ০৪। এই সংক্রান্ত জি, ও
- ০৫। উন্নয়ন খাত থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদ, যানবাহন, অফিস সরঞ্জাম ছক অনুযায়ী তথ্যাদি প্রেরণ করা হয়েছে কি না ।
- ০৬। উন্নয়ন খাতের পদ, যানবাহন, অফিস সরঞ্জাম রাজস্ব খাতে স্থানান্তরিত না হয়ে কোন দপতরে ব্যবহৃত হয়ে থাকলে ।
- ০৭। এনাম কমিটির পর কোনরূপ কন্টিজেন্ট পদ সৃষ্টি করা হয়ে থাকলে তা ছক অনুযায়ী দেখানো হয়েছে কি না ।
- ০৮। রাজস্ব খাতে স্থানান্তরিত আনুষঙ্গিক পদের বিবরণ ছক অনুযায়ী দেয়া হয়েছে কি না ।
- ০৯। ২৬-১২-১৯৮২ ইং তারিখের পর অতিরিক্ত কার্যাবলীর বর্ণনা ।

১০। ২৬-১২-১৯৮২ ইং তারিখের পর স্থানান্তরিত কাজের বিবরণ ।

১১। কার্য বন্টন ।

১২। সচিব ব্যতীত সকল কর্মকর্তার কাজের বর্ণনা ।

১৩। প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা সংক্রান্ত আদেশের অনুলিপি ।

১৪। বিগত তিন বৎসরের বৎসরওয়ারী এবং শাখা ওয়ারী তথ্য ।

(ক) প্রাপ্ত পত্র সংখ্যা

(খ) জারীকৃত পত্র সংখ্যা

(গ) পূর্ববর্তী বৎসর হতে আনীত নথির সংখ্যা

(ঘ) নতুন নথির সংখ্যা

(ঙ) বিলুপ্ত নথির সংখ্যা

১৫। এনাম কমিটি অনুমোদিত অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর ও সংযুক্ত অফিসের তালিকা ।

১৬। এনাম কমিটির পর অনুমোদিত বা বিলুপ্ত অধিদপ্তর, দপ্তর, পরিদপ্তর ও সংযুক্ত অফিসের তালিকা ।

১৭। নিজ সংস্থা পুনর্গঠন সংক্রান্ত সুপারিশ ।

১৮। অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর ও সংযুক্ত অফিস পুনর্গঠন, সুব্যবস্থা একীভূত বা বিলুপ্তির সুপারিশ ।

১৯। সর্বশেষ বার্ষিক প্রতিবেদনের দুই কপি ।

অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর ও সংযুক্ত অফিস

- ০১। অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর ও সংযুক্ত অফিসের নাম
- ০২। এনাম কমিটি অনুমোদিত সাংগঠনিক কাঠামোর কটোকপি
- ০৩। এনাম কমিটির পর রাজস্ব রাজেটে সূজি বা অবলুপ্ত পদ/যানবাহন/অফিস সরঞ্জাম টিওয়ান্ডাইতে দেখানো হয়েছে কি না।
- ০৪। পদ/যানবাহন/অফিস সরঞ্জাম সূজি বা অবলুপ্ত সংক্রান্ত জি,ও
- গ. সেবচ্ছায় অবসর গ্রহণকারী সকল কর্মকর্তা/কর্মচারীর জন্যই এই হার প্রযোজ্য হইবে । ইহার অতিরিক্ত আর কিছুই তাহার প্রাপ্য হইবে না । তবে ১০ বৎসরের নীচে বাহাদের চাকুরী হইয়াছে এবং ৫২ বৎসরের ত্রিশী বাহাদের বয়স হইয়াছে তাহার 'খ' এ বর্ণিত অতিরিক্ত সুবিধাদি পাইবেন না । অর্ধাংশ তাহার প্রচলিত নিয়মেই অবসর সুবিধাদি পাইবেন ।

- ০৩। কোন পদ বিলুপ্তির কারণে সরকারী অফিসে কর্মরত কর্মচারীকে অবসর দেওয়া যাইতে পারে । তবে এই ক্ষেত্রে তাহাকে অন্ততঃ তিন মাসের নোটিশ দিতে হইবে । অথবা ইহার পরিবর্তে আনুতোষিক দিতে হইবে (বিএসআর ১ম খন্ড ধারা ৩১৭) । একই সংগে যদি কোন বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা না হয় তাহা হইলে যে সময় তিনি কার্যরত ছিলেন উহার জন্য ক্ষতিপূরণ পেনশন (Compensation Pension) বা আনুতোষিক বাহা তাহার পাওনা হয়, তাহা তাহাকে দিতে হইবে । ক্ষতিপূরণ পেনশন (Compensation Pension) বলিতে অবশ্য পেনশনের কোন পৃথক হারের কথা বলা হয় নাই, কারণ এইরূপ পেনশন সাধারণ নিয়মে প্রদেয় পেনশনেরই অনুরূপ । একমাত্র পাঠ্য এই যে, সাধারণ নিয়মে চাকুরী ২৫ বৎসরের কারণে পেনশন সমপরিমাণ অর্থ আনুতোষিক হিসাবে পাওয়া যায় । ১০ বৎসর বা তদুর্ধ্ব চাকুরীকালীন সময়ের জন্য সর্বশেষ বেতনের ৩২% হইতে প্রতি বৎসর চাকুরীর জন্য ৩-৪% হারে বৃদ্ধি পাইতে পাইতে ২৫ (পঁচিশ) বৎসর বা তদুর্ধ্ব চাকুরীকালীন সময়ের জন্য পূর্ণ পেনশন (বাহা বেতনের ৮০ শতাংশ) পাওয়া যায় ।

- ০৪। শূন্য পদ পূরণের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের ১২-০১-৮৯ ইং তারিখের এমই(এসপি)-৪৪/৮৮(খন্ড)-৩৫ নং পরিপত্র এবং ১৫-০৩-৯২ ইং তারিখের সম(এসপি)-৪৪/৮৮-১৮৪ নং পরিপত্রে বর্ণিত নির্দেশ অবশ্যই অনুসরণ করিতে হইবে । গেজেটেড পদ-মর্যাদার কর্মকর্তা/কর্মচারীদের আত্মীকরণ নির্দেশ ওএন্ডএম কমিশনের চেয়ারম্যানের স্বাক্ষরে জারী করিতে হইবে ।

৩৫। The Surplus Public Servents (Absorption) Ordinance, 1985 এর 5(4) নং- ধারা মোতাবেক একজন উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারীকে ৫(১) ধারায় একবারই আত্মীকরণের বিধান রহিয়াছে। যেহেতু রাজস্ব খাতের পদে আত্মীকরণের সুযোগ সীমিত, সেইহেতু সাময়িকভাবে উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারীকে উন্নয়ন প্রকল্পের পদেও আত্মীকরণ করা বাইতে পারে। সেই ক্ষেত্রে কমিটির ১ নং সুপারিশ মত ওএনডএম কমিশনে সংশ্লিষ্ট উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারীর Lien থাকিবে। প্রকল্প সমাপ্ত হইয়া রাজস্ব বাজেটে স্থানান্তর হইলে উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারী তাহার পদসহ রাজস্ব বাজেটধীন পদে স্বয়ংক্রিয়ভাবে (Automatically) নিয়মিতভাবে আত্মীকৃত হইবেন। তবে প্রকল্প সমাপ্ত হইয়া রাজস্ব বাজেটে স্থানান্তর না হইলে উক্ত উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারী ওএনডএম কমিশনে প্রত্যাখ্যাত করিবেন এবং কমিশন তাহাকে পুনরায় আত্মীকরণের পদক্ষেপ গ্রহণ করিবে। এই প্রেক্ষাপটে অর্থাৎ যদি কোন উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারী কোন উন্নয়ন প্রকল্পের পদে আত্মীকৃত হন, কিন্তু প্রকল্পটি/পদটি রাজস্ব বাজেটে স্থানান্তরিত না হয়, সুধুমাত্র এই ক্ষেত্রে পুনঃ আত্মীকরণের অবকাশ থাকিবে। তদনুযায়ী একজন উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারীকে একাধিকবার আত্মীকরণের সুযোগ থাকিবে বিধায় উক্ত Ordinance এর ৫(৪) নং ধারায় প্রয়োজনীয় সংশোধনী আনয়ন প্রয়োজন হইবে।

৩৬। সাধারণতঃ প্রশাসনিক পুনর্বিন্যাসজনিত ও পদ সংকোচনের কারণেই বিভিন্ন অফিস, সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী উদ্বৃত্ত হইয়া থাকে। উদ্বৃত্ত ঘোষণা করিবার ক্ষেত্রে একটি সুষ্ঠু নীতিমালা অনুসৃত হওয়া বাঞ্ছনীয়। চাকুরীতে সর্বকনিষ্ঠ কর্মকর্তা/কর্মচারীকে উদ্বৃত্ত ঘোষণা করিবার বিষয়ে প্রাধান্য দেওয়াই সমীচীন। অর্থাৎ যে পদটি বিলুপ্ত হইবে উহার পদধারীর চাইতে Junior কোন কর্মকর্তা/কর্মচারী না থাকিলে, উক্ত পদধারী উদ্বৃত্ত বলিয়া ঘোষিত হইবার যোগ্য হইবেন। অন্যদিকে যদি একই অফিসের বিলুপ্ত পদটির অনুরূপ ভিন্ন একটি পদে (অভিন্ন কার্যক্রম, বেতনক্রম ও মর্যাদাভুক্ত পদ), বিলুপ্ত পদের পদধারীর চাইতে কোন Junior পদধারী কর্মরত থাকেন, তবে সর্বকনিষ্ঠ পদধারীকে উদ্বৃত্ত ঘোষণা করাই বিধেয় হইবে।


(ম. নূরউল নবী (কর্মচারী))
চেয়ারম্যান
প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি।

মন্ত্রণালয়/বিভাগের সংখ্যার যৌক্তিক পুনর্বিন্যাস

স্বাধীনতা লাভের পর বিগত ২৫ বৎসরের ধারা (Trend) পর্যালোচনা কালে মন্ত্রণালয়/বিভাগের সংখ্যা ও পরিধিতে সময় ভিত্তিক ব্যাপক তারতম্য পরিলক্ষিত হয়। উদাহরণ স্বরূপ বলা যায় যে, ১৯৭২ সালে ২১টি মন্ত্রণালয় লইয়া বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থার বাণী শুরু হয়। ১৯৭৫ সালে এই সংখ্যা বাড়িয়া ২৬টিতে দাঁড়ায়। কিন্তু চতুর্থ সংশোধনীর পর এই সংখ্যা ১৩টিতে কমিয়া আসে। পরবর্তীতে ১৯৭৭ সালে এই সংখ্যা বাড়িয়া ৩০টিতে দাঁড়ায়। আবার ১৯৭৮ সালের সাময়িক শাসনের আওতায় নির্বাচিত সরকার মন্ত্রণালয়ের সংখ্যা ২৪টিতে কমাইয়া আনে। পরবর্তীতে ১৯৮০ সালে এই সংখ্যা বাড়িয়া ৩৪টিতে দাঁড়ায়। আবার ১৯৮২ সালে সাময়িক শাসন জারীর পর মন্ত্রণালয়ের সংখ্যা ১৯টিতে কমিয়া আসে। পরবর্তীতে ক্রমান্বয়ে মন্ত্রণালয়ের সংখ্যা ১৯৯১ সালে ৩৩টি এবং ১৯৯৫ সালে ৩৫টিতে উন্নীত হয়। দেখা যায় যে, মন্ত্রণালয়/বিভাগের সংখ্যা এবং উহাদের কার্যপরিধি এ যাবৎ মূলতঃ রাষ্ট্রীয় শাসন ব্যবস্থা (সংসদীয় গণতন্ত্র, রাষ্ট্রপতি শাসিত গণতন্ত্র ও সাময়িক শাসন) এবং রাজনৈতিক বিবেচনায় মন্ত্রীদের সংখ্যার উপর নির্ভরশীল ছিল। ফলে প্রায় জুনরূপ কাজের জন্য পৃথক মন্ত্রণালয়/বিভাগ সৃষ্টি হইয়াছে। আবার কেবলমাত্র বিভাগ এমন কি উইং হিসাবে থাকিতে পারে এমন বিভাগ/উইং কে আনাদা মন্ত্রণালয়ে উন্নীত করা হইয়াছে। একটি স্থিতিশীল প্রশাসনিক ব্যবস্থার জন্য ইহা মোটেই কাম্য নয়।

২। উপরি-উক্ত পরিস্থিতির প্রেক্ষিতে কমিটি বর্তমান মন্ত্রণালয়/বিভাগের (ক) কাজের পরিমাণ (Work load), (খ) কাজের প্রকৃতি (nature of work), (গ) এক বা একাধিক মন্ত্রণালয়/বিভাগের কাজের মধ্যে সামঞ্জস্য ও পারস্পরিক নিবিড় সম্পর্ক, (ঘ) সংসদীয় গণতন্ত্রকে একটি দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার পূর্ব-শর্ত, (ঙ) মূলত বাজার অর্থনীতির আলোকে অর্থ ও অর্থনৈতিক কাঠামোর পুনর্বিন্যাস, (চ) একটি জবাবদিহিতামূলক স্বচ্ছ প্রশাসনিক ব্যবস্থা প্রবর্তন ইত্যাদি বিষয় বিবেচনা পূর্বক একটি যুক্তিপূর্ণ রাজনৈতিক ও প্রশাসনিক দৃষ্টিকোণ হইতে বিদ্যমান ৫১টি একক মন্ত্রণালয়/বিভাগকে ৩৫টি একক মন্ত্রণালয়/বিভাগে পুনর্বিন্যাসের সুপারিশ করিয়াছে। প্রস্তাবিত ব্যবস্থায় বিদ্যমান ৩৬টি মন্ত্রণালয়ের স্থলে ২২টি মন্ত্রণালয় থাকিবে (প্রস্তাবিত পুনর্বিন্যাসের বিস্তারিত যৌক্তিকতা পরিশিষ্ট- 'জ১' হইতে দেখা যাইতে পারে)। বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশের জন্য এবং সার্বভূমিক ও দক্ষিণ/দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যান্য দেশের তুলনায় বিদ্যমান বিরাট সংখ্যক মন্ত্রণালয়/বিভাগের চাইতে প্রস্তাবিত মন্ত্রণালয়/বিভাগের সংখ্যা অধিকতর যৌক্তিক হইবে।

৩। রাজনৈতিক বাস্তবতার কারণে সংসদীয় গণতান্ত্রিক শাসন ব্যবস্থার অনেক সময় মন্ত্রণালয়ের তুলনায় মন্ত্রীর সংখ্যা বেশী হইতে পারে। ইতঃপূর্বে দেখা গিয়াছে যে, মন্ত্রীর সংখ্যা বাড়ানোর প্রয়োজনেই মূলতঃ মন্ত্রণালয়ের সংখ্যা বাড়ানো হইয়াছে। তবে কমিটি মনে করে যে মন্ত্রণালয়ের সংখ্যা না বাড়াইয়াও মন্ত্রীর সংখ্যা বাড়ানো সম্ভব। বড় এবং গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ে এক বা একাধিক প্রতিমন্ত্রী/উপ মন্ত্রী নিয়োগ করা যাইতে পারে। এই সকল প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রীগণ মন্ত্রণালয়ের প্রশাসনিক দায়িত্ব ছাড়াও গণ-সংযোগ কার্য সম্পাদন করিবেন।

প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি

মন্ত্রণালয়/বিভাগের সংখ্যার বৌদ্ধিক পুনর্বিন্যাস

ক্র.সং.	বর্তমান মন্ত্রণালয়/বিভাগ	সুপারিশকৃত মন্ত্রণালয়/বিভাগ	সুপারিশের বৌদ্ধিকতা/কারণ
১১।	রাষ্ট্রপতির সচিবালয় ১১.১। জন.বিভাগ ১১.২। আপন বিভাগ	০১। রাষ্ট্রপতির সচিবালয় (জন বিভাগ ও আপন বিভাগ একত্রে)	রাষ্ট্রপতির সচিবালয়ের কাজের পরিমাণ ও ধরন বিবেচনায় জন বিভাগ ও আপন বিভাগ নামে দুইটি আলাদা বিভাগের কোন বৌদ্ধিকতা আছে বলিয়া মনে হয় না। এই দুইটি বিভাগকে একীভূত করিয়া একজন সচিবের অধীনে রাষ্ট্রপতির সচিবালয় ন্যস্ত করার সুপারিশ করা হইয়াছে।
১২।	প্রধান মন্ত্রীর কার্যালয় ১২.১। প্রধান মন্ত্রীর সচিবালয় ১২.২। সন্দ. বাহিনী বিভাগ ১২.৩। মন্ত্রিপরিষদ বিভাগ ১২.৪। নির্বাচন কমিশন সচিবালয় ১২.৫। বিশেষ কার্যাদি বিভাগ ১২.৬। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ	০২। প্রধান মন্ত্রীর কার্যালয় ১২.১। প্রধান মন্ত্রীর কার্যালয় ১২.২। মন্ত্রিপরিষদ বিভাগ ১২.৩। সংস্থাপন বিভাগ (বাংলাদেশ সরকারী বর্ম কমিশন সচিবালয়) ১২.৪। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ১২.৫। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	প্রধান মন্ত্রীর কার্যালয়ে বিদ্যমান প্রধান মন্ত্রীর সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রাথমিক ও গণশিক্ষা বিভাগসহ সংস্থাপন বিভাগ ও বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হইয়াছে। সংস্থাপন বিভাগের কাজের ধরন এবং প্রধান মন্ত্রীর কার্যালয়ের সহিত উহার সম্পর্ক বিবেচনায় ইহাকে একটি আলাদা মন্ত্রণালয় হিসাবে না দেখাইয়া প্রধান মন্ত্রীর কার্যালয়ের অধীন একটি বিভাগ হিসাবে দেখানোই অধিক বৌদ্ধিক হইবে। এদিকে সর্বোচ্চ পর্যায়ের সরাসরি উদ্বোধনে থাকিরা একটি অর্ধ-বছর পরিবর্তি ও মূল্যায়নের মাধ্যমে উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে প্রধান মন্ত্রীর কার্যালয়ের অধীনে ন্যস্ত করার সুপারিশ করা হইয়াছে।
১৩।	সংস্থাপন মন্ত্রণালয় (বাংলাদেশ সরকারী বর্ম কমিশন সচিবালয়)		
১৪।	প্রতিরক্ষা মন্ত্রণালয়	০৩। প্রতিরক্ষা মন্ত্রণালয় (প্রতিরক্ষা বিভাগ ও সন্দ. বাহিনী বিভাগ একত্রে)	সন্দ. বাহিনী বিভাগের কাজের ধরন এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ে সহিত উহার সম্পর্ক বিবেচনায় উহাকে আলাদা একটি বিভাগ হিসাবে প্রধান মন্ত্রীর কার্যালয়ের অধীনে না রাখিয়া প্রতিরক্ষা বিভাগের সহিত একীভূত করিয়া প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা সুপারিশ করা হইয়াছে।
১৫।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয় (বিশেষ কার্যাদি বিভাগ একটি উইং হিসাবে)	পার্বত্য চট্টগ্রামের বিশেষ সমস্যা সংক্রান্ত কাজে নিয়োজিত বিশেষ কার্যাদি বিভাগের কাজের ধরন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহিত উহার সম্পর্ক বিবেচনায় উহাকে প্রধান মন্ত্রীর কার্যালয়ের অধীনে একটি আলাদা বিভাগ হিসাবে না রাখিয়া একটি উইং হিসাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা সুপারিশ করা হইয়াছে।

ক্র:নং	বর্তমান মন্ত্রণালয়/বিভাগ	সুপারিশকৃত মন্ত্রণালয়/বিভাগ	সুপারিশের যৌথিত্ব/কারণ
২৪।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	২৩। যুব, ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়	কাজের ধরন, পরিমাণ ও পারস্পরিক নিকিড় সম্পর্ক বিবেচনায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় দুইটিকে একীভূত করিয়া এক যুব, ক্রীড়া ও সংস্কৃতি মন্ত্রণালয় নামকরণের সুপারিশ করা হইয়াছে।
২৫।	সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়		
২৬।	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ২৬.১। স্থানীয় সরকার বিভাগ ২৬.২। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	২৪। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	কাজের ধরন, পরিমাণ ও পারস্পরিক নিকিড় সম্পর্ক বিবেচনায় বিদ্যমান স্থানীয় সরকার বিভাগ ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে একীভূত করিয়া এক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় নামকরণের সুপারিশ করা হইয়াছে।
২৭।	যোগাযোগ মন্ত্রণালয় ২৭.১। সড়ক ও রেলপথ বিভাগ ২৭.২। কমনো সেক্স বিভাগ	২৫। যোগাযোগ মন্ত্রণালয়	সড়ক, রেল, নৌ, বিমান, ডাক ও টেলিফোনকে একটি পারস্পরিক সম্পর্কযুক্ত সমন্বিত যোগাযোগ পদ্ধতি (Integrated Communication System) হিসাবে বিবেচনা করিয়া অভ্যন্তরীণ যোগাযোগের সহিত অধিক সম্পর্কযুক্ত প্রতিষ্ঠানকে একটি এবং বৈদেশিক/আন্তর্জাতিক যোগাযোগের সহিত সম্পর্কযুক্ত প্রতিষ্ঠানকে লিখে অপর একটি মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার সুপারিশ করা হইয়াছে।
২৮।	নৌ-পরিবহন মন্ত্রণালয়	২৬। পরিবহন মন্ত্রণালয়	তদনুসারে সড়ক, রেল এবং সমুদ্র বন্দর ব্যতিরেকে অভ্যন্তরীণ নৌ-যোগাযোগকে লইয়া এক পরিবহন মন্ত্রণালয় এবং সমুদ্র বন্দর, বেসামরিক বিমান চলাচল, পর্যটন, ডাক ও টেলি যোগাযোগকে লইয়া এক যোগাযোগ মন্ত্রণালয় গঠনের সুপারিশ করা হইয়াছে।
২৯।	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়		
৩০।	পরিবহন মন্ত্রণালয়	২৭। পরিবহন মন্ত্রণালয়	কাজের ধরন ও নিজস্ব স্বকীয়তা বজায় রাখার জন্য এই এক মন্ত্রণালয়টিকে অপরিবর্তিত রাখার সুপারিশ করা হইয়াছে।
৩১।	পরিবহন মন্ত্রণালয়		
৩২।	তথ্য মন্ত্রণালয়	২৮। তথ্য মন্ত্রণালয়	কাজের ধরন ও নিজস্ব স্বকীয়তা বজায় রাখার জন্য এই এক মন্ত্রণালয়টিকে অপরিবর্তিত রাখার সুপারিশ করা হইয়াছে।
৩৩।	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	২৯। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	কাজের ধরন ও নিজস্ব স্বকীয়তা বজায় রাখার জন্য এই এক মন্ত্রণালয়টিকে অপরিবর্তিত রাখার সুপারিশ করা হইয়াছে।

ক্র:নং:	বর্তমান মন্ডাল/বিভাগ	সুপারিশকৃত মন্ডাল/বিভাগ	সুপারিশের বৈধিত্ব/কারণ
৩৪।	গৃহায়ন ও গৃহপূর্ত মন্ডাল	২৩। গৃহপূর্ত মন্ডাল	কাজের ধরন ও নিম্নস্ব স্বকীয়তা বজায় রাখার জন্য এই একক মন্ডালটিকে অপরিবর্তিত রাখার সুপারিশ করা হয়েছে। তবে গৃহায়ন ও গৃহপূর্ত মন্ডালগুলোর নাম কিছুটা সংশোধন করিয়া গৃহপূর্ত মন্ডাল রাখার সুপারিশ করা হয়েছে।
৩৫।	শ্রম ও জনশক্তি মন্ডাল	২১। শ্রম ও জনশক্তি মন্ডাল	কাজের ধরন ও নিম্নস্ব স্বকীয়তা বজায় রাখার জন্য এই একক মন্ডালটিকে অপরিবর্তিত রাখার সুপারিশ করা হয়েছে।
৩৬।	মৎস্য ও পশু সম্পদ মন্ডাল	২২। মৎস্য ও পশু সম্পদ মন্ডাল	কাজের ধরন ও নিম্নস্ব স্বকীয়তা বজায় রাখার জন্য এই একক মন্ডালটিকে অপরিবর্তিত রাখার সুপারিশ করা হয়েছে।
৩৭।	ধর্ম বিকল্প মন্ডাল	২৩। ধর্ম মন্ডাল	কাজের ধরন ও নিম্নস্ব স্বকীয়তা বজায় রাখার জন্য এই একক মন্ডালটিকে অপরিবর্তিত রাখার সুপারিশ করা হয়েছে। তবে ধর্ম বিকল্প মন্ডালগুলোর নাম কিছুটা সংশোধন করিয়া ধর্ম মন্ডাল রাখার সুপারিশ করা হয়েছে।
		২৪। সুপ্রিম কোর্ট সচিবালয়	প্রশাসন হইতে বিচার বিভাগকে আলাদা করার যে প্রস্তাব সরকারের বিবেচনাধীন রহিয়াছে উহার প্রেক্ষিতে স্রাসরি প্রধান বিচারপতির অধীনে সুপ্রিম কোর্ট সচিবালয় নামে একটি আলাদা বিভাগ সৃষ্টির সুপারিশ করা হয়।
		২৫। সংসদ সচিবালয়	সংসদ সচিবালয়ের স্বাধীনতা ও স্বকীয়তা বজায় রাখার উদ্দেশ্যে স্রাসরি জাতীয় সংসদের স্রাসরি অধীনে ক্রিয়মান সংসদ সচিবালয়কে ন্যস্ত করার সুপারিশ করা হয়।
		২৬। নির্বাচন কমিশন সচিবালয়	নির্বাচন কমিশনের স্বাধীনতা ও স্বকীয়তা বজায় রাখার উদ্দেশ্যে স্রাসরি প্রধান নির্বাচন কমিশনের অধীনে নির্বাচন কমিশন সচিবালয় ন্যস্ত করার সুপারিশ করা হয়।

প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি

উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের জন্য
বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটের
জনবল সুষমকরণ ও আনুষঙ্গিক অঙ্গবিধাদি দূরীকরণ

উন্নয়ন প্রকল্প যথাযথ ভাবে চিহ্নিতকরণ, প্রকল্প সারণ্য/ছক প্রণয়ন ও উহার অনুমোদন এবং পর্যালোচনা/পরিবীক্ষণের মাধ্যমে উহাদের সূষ্ঠা বাস্তবায়নের লক্ষ্যেই মূলতঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে পরিকল্পনা ইউনিট (তৎকালীন পরিকল্পনা কোষ) সৃষ্টি করা হয় । কিন্তু অধিকাংশ মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট কাজের পরিমাণের তুলনায় বিদ্যমান জনবলের সংখ্যা এবং পদওয়ারী বন্টন সুষম নয় । ইহা ছাড়া বিদ্যমান ব্যবস্থায় পরিকল্পনা ইউনিটে কর্মরত কর্মকর্তাদেরকে মন্ত্রণালয়/বিভাগে কর্মরত অন্যান্য কর্মকর্তাদের ন্যায় সরকারী আদেশ জারী কিংবা সরকারের পক্ষে সর্বাধিকারের ক্ষমতা প্রদান করা হয় নাই । ফলে উন্নয়ন প্রকল্প চিহ্নিত, প্রণয়ন, অনুমোদন, পরিবীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে বর্তমানে বেশ কিছু দুর্বলতা/সমস্যা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হইতেছে । ইতোমধ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC) এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (ECNEC) বৈঠকসহ দেশী/বিদেশী বিশেষজ্ঞ প্রণীত বিভিন্ন প্রতিবেদনে উন্নয়ন প্রকল্পের সূষ্ঠা বাস্তবায়নের উদ্দেশ্যে মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটসমূহকে শক্তিশালী ও উহার জনবল সুষমকরণের সুপারিশ/প্রস্তাব প্রদান করা হইয়াছে । এই প্রেক্ষিতেই কিছু সহজ পরিসংখ্যান পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটসমূহের জনবল সুষমকরণের অণু সুপারিশটি প্রণয়ন করা হইয়াছে । প্রয়োজনীয় জনবলের সংখ্যা নির্ধারণে একটি যৌক্তিক নীতিমালা প্রণয়নের লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটসমূহের কাজের পরিমাণ (Work Load) নির্ণয়ের জন্য নিম্নবর্ণিত ৭টি উল্লেখযোগ্য নির্ণায়ক (Criterion) চিহ্নিত করা হয় ।

- (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্প সংখ্যা ;
- (খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত সাহায্যপুষ্ট প্রকল্প সংখ্যা ;
- (গ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহের প্রকল্প প্রতি প্রাক্কলিত ব্যয় ;
- (ঘ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রদত্ত প্রকল্প প্রতি বরাদ্দ ;
- (ঙ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্প প্রতি প্রকৃত ব্যয় ;
- (চ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে আওতাধীন সংস্থা সংখ্যা ; এবং
- (ছ) উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে ভবিষ্যৎ সম্ভাবনা ।

০২। প্রাথমিক পর্যায়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে উল্লেখিত ৭টি নির্ণায়কের ভিত্তিতে স্ব-স্ব মান (Value) প্রদান করা হয় । ইহাদের মধ্যে ভবিষ্যৎ সম্ভাবনা সূচক মান ব্যতিরেকে অপর ৬টি নির্ণায়কের ক্ষেত্রে বিগত তিনটি অর্থবৎসরের (১৯৯০-৯১, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩) গড় মান প্রদান করা হয় । অতঃপর বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অর্জিত মানসমূহকে স্কোরে (Score) রূপান্তর করা হয় । স্কোরে রূপান্তর করার সময় কাজের পরিমাণে নির্ণায়কের ভূমিকা অনুযায়ী যথাযথ গুরুত্ব (Weightage) প্রদান করা হয় । এই পদ্ধতিতে উন্নয়ন প্রকল্প সংখ্যাকে সর্বাপেক্ষা গুরুত্ব আরোপ করিয়া উহার জন্য ৩০, সাহায্যপুষ্ট প্রকল্প সংখ্যা এবং আওতাধীন সংস্থা সংখ্যার প্রতিটির জন্য ১৫ এবং প্রাক্কলিত ব্যয়, বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রদত্ত বরাদ্দ, প্রকৃত ব্যয় ও ভবিষ্যৎ সম্ভাবনা সূচক মান এর প্রতিটির জন্য ১০ স্কোর নির্ধারণ করা হয় । অর্থাৎ সর্বমোট ১০০

স্কোর নির্ধারণ করিয়া প্রতিটি মন্ত্রণালয় বিভাগকে ৭টি নির্ণায়কের ক্ষেত্রে উহাদের দ্বারা অর্জিত স্কোরের ভিত্তিতে মোট স্কোর প্রদান করা হ (পারিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য)। স্কোরের শ্রেণী বিন্যাসের ক্ষেত্রে সর্বোচ্চ ও সর্বনিম্ন মান অর্থাৎ মানের ব্যাপ্তি (Range) এবং বিভিন্ন ধাপে উহাদে পৌনঃপুনিকতা (Frequency) বিবেচনা করা হয়। নিম্নে ৭টি নির্ণায়কের ব্যাপ্তি সহ স্কোর ও উহাদের শ্রেণী বিন্যাস প্রদান করা হইল :

(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্প সংখ্যা

স্কোর : ৩০
ব্যাপ্তি : সর্বোচ্চ : ৯৯
সর্বনিম্ন : ০১

স্কোর এর শ্রেণী বিন্যাস

০ : ০
১-৫ : ১০
৬-১০ : ১৫
১১-২০ : ২০
২১-৫০ : ২৫
৫০ > : ৩০

(গ) আত্মাধীন সংস্থার সংখ্যা

স্কোর : ১৫
ব্যাপ্তি : সর্বোচ্চ : ১৪
সর্বনিম্ন : ০

স্কোর এর শ্রেণী বিন্যাস

১-৫ : ৫
৬-১০ : ১০
১০ > : ১৫

(ঙ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রদত্ত প্রকল্প প্রতি বরাদ্দ

স্কোর : ১০
ব্যাপ্তি : সর্বোচ্চ : ২৩ কোটি
সর্বনিম্ন : ০.৫০ কোটি

স্কোর এর শ্রেণী বিন্যাস

০.০১ কোটি - ১০.০০ কোটি : ০৫
১০.০০ কোটি > : ১০

(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত সাহায্যপুষ্ট প্রকল্প সংখ্যা

স্কোর : ১৫
ব্যাপ্তি : সর্বোচ্চ : ৭৩
সর্বনিম্ন : ০

স্কোর এর শ্রেণী বিন্যাস

০ : ০
১-৫ : ০৫
৬-২০ : ১০
২০ > : ১৫

(ঘ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্প প্রতি প্রাক্কলিত ব্যয়

স্কোর : ১০
ব্যাপ্তি : সর্বোচ্চ : ২৪৩ কোটি
সর্বনিম্ন : ০১ কোটি

স্কোর এর শ্রেণী বিন্যাস

০.০১ কোটি - ১০.০০ কোটি : ০৫
১০.০০ কোটি > : ১০

(চ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্প প্রতি প্রকৃত ব্যয়

স্কোর : ১০
ব্যাপ্তি : সর্বোচ্চ : ১৯ কোটি
সর্বনিম্ন : ০.৫০ কোটি

স্কোর এর শ্রেণী বিন্যাস

০.০১ কোটি - ১০.০০ কোটি : ০৫
১০.০০ কোটি > : ১০

(ছ) ভবিষ্যৎ সম্ভাবনা সূচক মান

স্কেয়ার : ১০

ব্যাপ্তি : প্রযোজ্য নয়

স্কেয়ার এর শ্রেণী বিন্যাস

ঋণাত্মক/কম সম্ভাবনাময় : ০

বর্তমান ধারায় চলবে : ০৫

অত্যন্ত সম্ভাবনাময় : ১০

০৩। অতঃপর প্রাপ্ত স্কেয়ারের ভিত্তিতে মন্বণালয়/বিভাগসমূহকে মানের ক্রমানুসারে সাজাইয়া ৫টি গ্রুপে বিভক্ত করা হয় (পরিশিষ্ট- 'খ' দ্রষ্টব্য)। গ্রুপে বিভক্ত করার সময় প্রথমে মন্বণালয়/বিভাগ কতক প্রদত্ত স্কেয়ারের গড় (Mean= $x=৫৯.৮৫$) নির্ণয় করা হয়। এই গড় মান হইতে ২৫% পর্যন্ত অধিক (< ৭৪.৮১) স্কেয়ার সম্পন্ন মন্বণালয়/বিভাগসমূহকে (ক্রমিক নং ১২ হইতে ১৫ পর্যন্ত মোট ৪টি) মধ্যম গ্রুপ (গ্রুপ - 'গ') হিসাবে ধরা হয়। গড় মান হইতে ২৫%-৫০% অধিক (৭৪.৮১-৮৯.৭৮) মান সম্পন্ন মন্বণালয়/বিভাগসমূহকে (ক্রমিক নং ৭ হইতে ১১ পর্যন্ত মোট ৫টি) মধ্যম গ্রুপ হইতে এক ধাপ উচ্চতর গ্রুপ (গ্রুপ - 'খ') এবং গড় মান হইতে ২৫% পর্যন্ত কম (৪৪.৮৯ $>$) মান সম্পন্ন মন্বণালয়/বিভাগসমূহকে (ক্রমিক নং ১৬ হইতে ২৪ পর্যন্ত মোট ৯টি) মধ্যম গ্রুপ হইতে এক ধাপ নিম্ন গ্রুপ (গ্রুপ - 'ঘ') হিসাবে ধরা হয়। এদিকে গড় মান অপেক্ষা ৫০% এর অধিক (৮৯.৭৮ $>$) মান সম্পন্ন ৬টি (ক্রমিক নং ১ হইতে ৬) মন্বণালয়/বিভাগকে সর্বাপেক্ষা উচ্চতর গ্রুপে (গ্রুপ - 'ক') দেখানো হয়। পক্ষান্তরে, গড় মান অপেক্ষা ২৫% এর অধিক কম (< ৪৪.৮৯) মান সম্পন্ন ৯টি (ক্রমিক নং ২৫ হইতে ৩৩) মন্বণালয়/বিভাগকে সর্বাপেক্ষা নিম্ন গ্রুপে (গ্রুপ - 'ঙ') দেখানো হয় (পরিশিষ্ট- 'খ' দ্রষ্টব্য)।

০৪। সর্বশেষ পর্যায়ে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত ৩৩টি মন্বণালয়/বিভাগের জন্য নিম্নরূপ সূক্ষ্ম জনবল চিহ্নিত করা হয় :

গ্রুপ	ক্রমিক নং	মন্বণালয়/ বিভাগের সংখ্যা	উন্নয়ন প্রকল্পের গড় সংখ্যা	প্রাপ্ত গড় স্কেয়ার	প্রস্তাবিত সূক্ষ্ম জনবল				
					যুগ্ম-প্রধান	উপ-প্রধান	সহকারী প্রধান	গবেষণা কর্মকর্তা	মোট
'ক'	১- ৬	৬টি	৭০	৯০-৯৫	১	২	৩	৫	১১
'খ'	৭-১১	৫টি	৪৭	৭৫-৮৫	১	২	২	৪	৯
'গ'	১২-১৫	৪টি	২৭	৬০-৭০	১	১	২	৩	৭
'ঘ'	১৬-২৪	৯টি	০৯	৪৫-৫৫	-	১	১	২	৪
'ঙ'	২৫-৩৩	৯টি	০৩	৩০-৪০	-	-	১	২	৩

০৫। মন্ত্রণালয়/বিভাগের বিদ্যমান জনবল ও কর্মকান্ডের ধরণ বিবেচনা করিয়া কোন কোন মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে উপরোল্লিখিত জনবলের কিছু ব্যতিক্রম প্রস্তাব করা হইয়াছে। এদিকে বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত লোকবল নিয়োজিত থাকার কারণে পরিকল্পনা বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য আলাদাভাবে কোন লোকবলের সুপারিশ করা হয় নাই। পক্ষান্তরে, উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে ভবিষ্যৎ সম্ভাবনার কথা বিবেচনা করিয়া নতুনভাবে সৃষ্টির জন্য সুপারিশকৃত সংসদ সচিবালয় ও সুপ্রীম কোর্ট সচিবালয় উভয়ের জন্য ১ জন করিয়া গবেষণা কর্মকর্তার পদ সৃষ্টির প্রস্তাব করা যাইতেছে।

০৬। পরিকল্পনা বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ব্যতিরেকে যে ৩২টি (নতুনভাবে সৃষ্টির জন্য সুপারিশকৃত ২টিসহ) মন্ত্রণালয়/বিভাগের জন্য লোকবল প্রস্তাব করা হইয়াছে, উহাদের মধ্যে যুগ্ম-প্রধানের নিয়ন্ত্রণাধীনে ১৫টি মন্ত্রণালয়/বিভাগে পরিকল্পনা উইং এবং উপ-প্রধানের নিয়ন্ত্রণাধীনে ৮টি মন্ত্রণালয়/বিভাগে পরিকল্পনা ব্রান্ডও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করিবে। অবশিষ্ট ৯টি মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রস্তাবিত ১-৩ জন সহকারী প্রধান/গবেষণা কর্মকর্তা শাখা/ডেস্ক কর্মকর্তা হিসাবে সংশ্লিষ্ট যুগ্ম-সচিব/উপ-সচিব এর নিয়ন্ত্রণে থাকিয়া অনুরূপ কাজ করিবে।

০৭। প্রস্তাবিত লোকবল কেবলমাত্র বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত উন্নয়ন প্রকল্প সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদনের জন্য নির্ধারণ করা হইয়াছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বহির্ভূত উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নে নিয়োজিত কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটের জন্য অতিরিক্ত জনবলের প্রয়োজন হইবে। একই ভাবে অর্থনৈতিক/উন্নয়ন কর্মকান্ড সংশ্লিষ্ট পরিকল্পনার দায়িত্বে নিয়োজিত কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের (অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা উইং, শিল্প ও বাণিজ্য বিভাগের আন্তর্জাতিক বাণিজ্য উপ-ইউনিট, কৃষি মন্ত্রণালয়ের নীতি পরিকল্পনা উপ-ইউনিট, ইত্যাদি) পরিকল্পনা ইউনিটের জন্যও অতিরিক্ত জনবলের প্রয়োজন হইতে পারে। ইহাছাড়া আন্তঃমন্ত্রণালয়, বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি, ইত্যাদি সভায় উপস্থাপিতব্য প্রকল্প সারপত্র/প্রকল্প ছকের উপর যে সকল মন্ত্রণালয়/বিভাগের (সংস্থাপন বিভাগ, অর্থ বিভাগ, জমি, বন, পরিবেশ ও পানি সম্পদ মন্ত্রণালয় ও মহিলা, পরিবার ও সমাজ কল্যাণ মন্ত্রণালয়) মন্তব্য প্রদান করিতে হয় উহাদের পরিকল্পনা ইউনিটের জন্যও অতিরিক্ত জনবলের প্রয়োজন হইতে পারে।

০৮। বর্তমানে সরকারের Rules of Business এর Schedule-II এ সচিবালয়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের পদবী (যেমন- সচিব, অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব, উপ-সচিব, সিনিয়র সহকারী সচিব ও সহকারী সচিব) অন্তর্ভুক্ত থাকিলেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটে কর্মরত বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের পদবী (যেমন- যুগ্ম-প্রধান, উপ-প্রধান, সহকারী প্রধান ও গবেষণা কর্মকর্তা) অন্তর্ভুক্ত নাই। ফলে পরিকল্পনা ইউনিট কর্তৃক উন্নয়ন প্রকল্প চিহ্নিত করিয়া প্রকল্প সারপত্র/ছক প্রণয়নের সমুদয় কাজ সম্পাদন করা সত্ত্বেও সংশ্লিষ্ট যুগ্ম-প্রধানের পরিবর্তে প্রকল্প সারপত্র/ছক শুধুমাত্র স্বাক্ষরের জন্য মন্ত্রণালয়/বিভাগে কর্মরত অন্য কোন যুগ্ম-সচিবের নিকট প্রেরণ করিতে হয়। একই ভাবে পরিকল্পনা ইউনিটে কর্মরত কোন কর্মকর্তা উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট কোন সরকারী আদেশ জারী করিতে পারেন না বিধায় এই সকল আদেশ জারীর জন্য মন্ত্রণালয়/বিভাগে কর্মরত অন্য কোন সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব/উপ-সচিব/যুগ্ম-সচিবের নিকট উপস্থাপন করিতে হয়। ইহা উন্নয়ন প্রকল্পের অনুমোদন ও বাস্তবায়নে অমথা দীর্ঘ সূত্রিতার সৃষ্টি করে। ইহাছাড়া পদবীগত বৈষম্যের কারণে পরিকল্পনা ইউনিটে কর্মরত বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ একই সংগে এমনকি অনেক ক্ষেত্রে একই কক্ষে কর্মরত সমস্বেল ও মর্যদা সম্পন্ন বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের জন্য প্রদত্ত সহায়তাকারী কর্মচারী (Supporting Staff) ও অন্যান্য সুযোগ সবিধাদি হইতে বঞ্চিত হইয়া আসিতেছে। ইহা সুষ্ঠু কাজের পরিবেশের পরিপন্থী। আবার বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে কর্মরত অন্যান্য ক্যাডার কর্মকর্তাদের পদবী অভিন্ন হইলেও বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তাদের পদবী একই পর্যায়ে বহুবিধ। যেমন সহকারী সচিব সমপর্যায়ের বিসিএস (ইকনমিক) ক্যাডারের পদবী গবেষণা

কর্মকর্তা, মূল্যায়ন কর্মকর্তা, পরিসংখ্যান কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, পরিসংখ্যানবিদ, মূল্যায়নবিদ ইত্যাদি। ইহা প্রায়ই বিভাগীয় পরিস্থিতির সৃষ্টি করে। তবে সচিবালয় কাঠামোর আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটে কর্মরত বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের পদবী পুনর্বিন্যাস করিয়া যুগ্ম-সচিব (পরিকল্পনা), উপ-সচিব (পরিকল্পনা), সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা) এবং সহকারী সচিব (পরিকল্পনা) করা হইলে একদিকে যেমন উন্নয়ন কাজের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করিয়া রাষ্ট্রপতির পক্ষে প্রশাসনিক আদেশ জারী ও অর্থ অবমুক্তিতে অথবা কালক্ষেপণ দূর হইবে, অন্যদিকে সচিবালয় কাঠামোর আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাংগঠনিক কাঠামো সামঞ্জস্যপূর্ণ হইবে। এই ব্যবস্থায় কোন প্রকার আর্থিক সংশ্লেষ হইবে না, আইনগত কোন অসুবিধার সৃষ্টি হইবে না, আন্তঃ ক্যাডার সম্পর্কের ক্ষেত্রে কোন অসুবিধা বা বৈষম্যের সৃষ্টি হইবে না এবং বর্তমানে সম্পাদনরত কাজের কোন ব্যত্যয় ঘটিবে না। সর্বপোরে সচিবালয়ে কর্মরত অন্যান্য ক্যাডার কর্মকর্তাদের মত একই মর্মেদা ও সুযোগ-সুবিধা প্রাপ্তির ফলে বিসিএস (ইকনমিক) ক্যাডার কর্মকর্তাদের মাঝে যে উৎসাহ ও উদ্যমের সৃষ্টি হইবে তাহা উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে একটি ইতিবাচক ভূমিকা রাখিবে।

০৯। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটের বর্তমান জনবলের মধ্যে বেশকিছু পদ ক্যাডার বহির্ভূত অবস্থায় আছে। এই সকল পদ বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত হওয়া দরকার। তবে বর্তমান পদাধিকারীসহ এই সকল পদ ক্যাডারভুক্ত করার কোন অবকাশ নাই। আবার বর্তমান পদাধিকারী ব্যতিরেকে এই সকল পদ ক্যাডারভুক্ত করা হইলে চাকুরীচ্যুতির মত সংবেদনশীল পরিস্থিতির সৃষ্টি হইবে। এই প্রেক্ষিতে বর্তমান পদাধিকারীর অবসর গ্রহণ, পদত্যাগ কিংবা মৃত্যু পর্যন্ত এই সকল পদ ক্যাডার বহির্ভূত রাখার এবং পরবর্তীতে ঐ পদগুলিকে বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত করার প্রস্তাব করা যাইতেছে।

১০। সুপারিশ মালা :

- ১০.১ উন্নয়ন কর্মকর্তাদের সহিত সম্পৃক্ত মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটের জন্য ৫টি শ্রেণী বিশিষ্ট সুম্ম জনবলের সুপারিশ করা হইল (অনুচ্ছেদ-৩-৬) ;
- ১০.২ মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটের জন্য নির্ধারণকৃত বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের পদবী যুগ্ম-প্রধান, উপ-প্রধান, সহকারী প্রধান ও গবেষণা কর্মকর্তার স্থলে যথাক্রমে, যুগ্ম-সচিব (পরিকল্পনা), উপ-সচিব (পরিকল্পনা), সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা) ও সহকারী সচিব (পরিকল্পনা) হিসাবে পুনর্বিন্যাসের সুপারিশ করা হইল (অনুচ্ছেদ-৮) ; এবং
- ১০.৩ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটের বিদ্যমান ক্যাডার বহির্ভূত পদ বর্তমান পদাধিকারীর অবসর গ্রহণ, পদত্যাগ কিংবা মৃত্যু পর্যন্ত ক্যাডার বহির্ভূত রাখার এবং পরবর্তীতে ঐ পদগুলিকে বিসিএস (ইকনমিক) ক্যাডারভুক্ত করার সুপারিশ করা হইল (অনুচ্ছেদ-০৯)।

(ম. নূরউন নবী চৌধুরী)
চেয়ারম্যান
প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি

উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে কাজের পরিমাণের ভিত্তিতে
বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিবর্তন ইউনিটসমূহের শ্রেণীবিন্যাস :

(কোটি টাকায়)

ক্র.সং.	মন্ত্রণালয়/বিভাগ	এডিপিছু কত গড়		এডিপিছু কত গড়		এডিপিছু কত গড়		এডিপিছু কত প্রকল্প		এডিপিতে প্রদত্ত প্রকল্প		এডিপিছু কত প্রকল্প			
		উন্নয়ন প্রকল্প	সাহায্যপুষ্ট প্রকল্প	অধিস্ত	সংস্থা	প্রতি গড় প্রাকক:ব্যয়	প্রতি গড় ক্রাদ	প্রতি গড় প্রাকক:ব্যয়	প্রতি গড় ক্রাদ	প্রতি গড় প্রাকক:ব্যয়	প্রতি গড় ক্রাদ	প্রতি গড় প্রাকক:ব্যয়	প্রতি গড় ক্রাদ		
		সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	পরিমাণ	মোট	সংষ্কার
১।	বিদ্যুৎ জরুরি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	৭৩	৩৩	৪৮	২৫	৭	২০	২৪৩	২০	২৩	২০	২২	২০	২০	২৫
২।	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	৭৬	৩৩	৫৫	২৫	১১	২৫	৫৩	২০	১১	২০	২	৫	২০	২৫
৩।	পরিবহন মন্ত্রণালয়	৭৪	৩৩	৪৫	২৫	৭	২০	২৬	২০	১১	২০	২১	২০	২০	২৫
৪।	কৃষি বিভাগ	৫৫	৩৩	৩৭	২৫	২০	২৫	৭	২০	৭	২০	৭	২০	২০	২০
৫।	ভূমি, কন, পরিবেশ ও পানি সম্পদ মন্ত্রণালয়	৮৮	৩৩	৭	২৫	৭	২০	৫৪	২০	১১	২০	৭	২০	২০	২০
৬।	শিল্প ও বাণিজ্য বিভাগ	৫৩	৩৩	৩২	২৫	২৫	২৫	২২	২০	৫	২০	৫	২০	২০	২০
৭।	শিক্ষা ও বিজ্ঞান মন্ত্রণালয়	৬২	৩৩	৩৩	২৫	৭	২০	২২	২০	৩	২০	৩	২০	২০	২৫
৮।	স্বাস্থ্য মন্ত্রণালয়	৬৮	৩৩	৪৩	২৫	৪	২০	৩৫	২০	৫	২০	৪	২০	২০	২০
৯।	যোগাযোগ মন্ত্রণালয়	৪০	২৫	২০	২৫	২	২০	৫৫	২০	৭	২০	৭	২০	২০	২০
১০।	মহিলা, পরিবার ও সমাজ কল্যাণ মন্ত্রণালয়	৫৬	৩৩	৪৪	২৫	৪	২০	২৬	২০	৩	২০	২	২০	২০	২০
১১।	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ	১১	২০	১১	২০	১	২০	২২	২০	২৪	২০	২৭	২০	২০	২৫
১২।	গণপুর্ন মন্ত্রণালয়	২৮	২৫	৫	২০	৮	২০	২৮	২০	৩	২০	৩	২০	২০	২০
১৩।	মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়	৩৩	২৫	২০	২০	৫	২০	৩৩	২০	৫	২০	৩	২০	২০	২০
১৪।	মুদ্রা, ক্রীড়া ও সাংস্কৃতি মন্ত্রণালয়	৩৩	২৫	৮	২০	১২	২৫	৭	২০	২	২০	১	২০	২০	২০
১৫।	খাদ্য, দুর্যোগ ব্যবস্থাপনা ও এণ্ড মন্ত্রণালয়	২৮	২০	২৪	২০	১	২০	২০	২০	৩	২০	৩	২০	২০	২০
১৬।	তথ্য মন্ত্রণালয়	২	২৫	৬	২০	৪	২০	২৪	২০	৪	২০	২	২০	২০	২০
১৭।	পাট ও বস্ত্র মন্ত্রণালয়	১১	২০	২	২০	৪	২০	২৮	২০	২	২০	১	২০	২০	২০
১৮।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	১১	২০	৩	২০	৩	২০	১১	২০	৪	২০	৩	২০	২০	২০
১৯।	শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়	২০	২৫	৬	২০	২	২০	৬	২০	১	২০	১	২০	২০	২০

ক্রমিক সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ	এডিপিদ্ধ কৃত গড়		এডিপিদ্ধ কৃত গড়		এডিপিদ্ধ কৃত গড়		এডিপিদ্ধ কৃত-প্রকল্প		এডিপিতে প্রদত্ত প্রকল্প		এডিপিদ্ধ কৃত প্রকল্প		সম্ভাব্যসূচক মোট স্কোর	
		উন্নয়ন প্রকল্প		সাহায্যপুষ্ট প্রকল্প/অধিস্ত		সংস্থা		প্রতি গড় প্রাকক:ব্যয়:প্রতি গড় করাদ		প্রতি গড় প্রকৃত ব্যয়:ভবিষ্যত					
		সংখ্যা	স্কোর	সংখ্যা	স্কোর	সংখ্যা	স্কোর	পরিমাণ	স্কোর	পরিমাণ	স্কোর	পরিমাণ	স্কোর		
১০।	পরিবহন বিভাগ	১৩	২০	৮	১০	২	৫	৩	৫	১	৫	১	৫	০	৫০
১১।	সংস্থাপন বিভাগ	৮	১৫	৬	১০	২	৫	১৫	১০	২	৫	১	৫	০	৫০
১২।	প্রধান মন্ত্রীর কার্যালয়	৪	১০	২	৫	২	৫	২৩	১০	৫	৫	৫	৫	৫	৫৫
১৩।	প্রাতিষ্ঠানিক মন্ত্রণালয়	৬	১৫	৪	৫	৪	৫	১১	১০	১	৫	১	৫	০	৫৫
১৪।	অর্থ বিভাগ	৬	১৫	৩	৫	২	৫	১৩	১০	২	৫	২	৫	০	৫৫
১৫।	মানবিক বিকাশ বিভাগ	১	১০	১	৫	০	০	৫০	১০	২০	১০	৪	৫	০	৫০
১৬।	অর্থ মন্ত্রণালয়	৬	১৫	০	০	১	৫	৫	৫	১	৫	১	৫	০	৫৫
১৭।	পরিবহন বিভাগ	১০	১৫	৫	৫	১	৫	৬	৫	১	৫	১	৫	০	৫৫
১৮।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	২	১০	২	৫	০	০	১৪	১০	২	৫	২	৫	০	৫৫
১৯।	রাষ্ট্রপতির সচিবালয়	১	১০	১	৫	১	৫	১	৫	১	৫	১	৫	০	৫৫
২০।	আর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৫	১০	৫	৫	০	০	৩	৫	১	৫	১	৫	০	৫০
২১।	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২	১০	১	৫	০	০	১	৫	১	৫	১	৫	০	৫০
২২।	নির্বাচন কমিশন সচিবালয়	১	১০	১	৫	০	০	২	৫	১	৫	১	৫	০	৫০
২৩।	আইন মন্ত্রণালয়	২	১০	০	০	০	০	১	১০	১	৫	১	৫	০	৫০

কি: উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে ভবিষ্যত সম্ভাব্য ব্যতিরেকে ১৯৯০-৯১, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ ইং সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত প্রকল্পসমূহের গড় মানের উপর ভিত্তি করিয়া অন্যান্য ৬টি নির্ণায়কের স্কোর নির্ধারণ করা হয়।

এ: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিবহন মন্ত্রণালয়।

উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের জন্য বিতর্কিত
সংবাদপত্র/বিচারের প্রতিফলন ইত্যাদি এর জন্য সংশ্লিষ্টের সংগঠন

ক্রমিক নং	সংবাদপত্র/বিভাগ	মোট সংখ্যা	বর্তমান বছর					প্রস্তাবিত বছর					পরিবর্তন							
			প্রধান	যুগ্ম- প্রধান	উপ- প্রধান	সহকারী প্রধান	প্রবেশপা কর্তা	মোট	প্রধান	যুগ্ম- প্রধান	উপ- প্রধান	সহকারী প্রধান	প্রবেশপা কর্তা	মোট	প্রধান	যুগ্ম- প্রধান	উপ- প্রধান	সহকারী প্রধান	প্রবেশপা কর্তা	মোট
০১।	বিদ্যুৎ, ছাত্রালাই ও খনিজ সম্পদ সংবাদপত্র	৯৫	--	২	২	--	৫	৯	--	১	২	০	৫	১১	০	- ১	০	+ ০	০	+ ২
০২।	স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় সংবাদপত্র	৯৫	--	--	২	০	৫	১১	--	১	২	০	৫	১১	০	+ ১	০	০	- ১	০
০৩।	পরিবহন সংবাদপত্র	৯৫	--	২	০	২	৫	১৫	--	১	২	০	৫	১১	০	- ১	- ২	+ ১	- ০	- ৫
০৪।	জমি, বন, পরিবেশ ও পানি সম্পদ সংবাদপত্র	৯০	--	১	০	৫	১০	২০	--	১	২	০	৫	১১	০	০	- ১	- ০	- ৫	- ৫
০৫।	কৃষি বিভাগ	৯০	--	১	২	০	৫	১২	--	১	২	২	৫	১২	০	০	০	- ১	- ২	- ০
০৬।	শিল্প ও বাণিজ্য বিভাগ	৯০	--	১	২	২	৭	১২	--	১	২	২	৫	১২	০	০	০	০	- ০	- ০
০৭।	শিক্ষা ও বিজ্ঞান সংবাদপত্র	৮৫	--	১	০	৫	৬	১৫	--	১	২	২	৫	১২	০	০	- ১	- ০	- ২	- ৫
০৮।	স্বাস্থ্য সংবাদপত্র	৮০	--	১	১	২	৫	৯	--	১	২	২	৫	১২	০	০	+ ১	০	০	+ ১
০৯।	যোগাযোগ সংবাদপত্র	৮০	--	১	১	০	৭	১২	--	১	২	২	৫	১২	০	০	+ ১	- ১	- ০	- ০
১০।	মহিলা, পরিবার ও সমাজ কল্যাণ সংবাদপত্র	৮০	--	--	২	৫	৭	১৫	--	১	২	২	৫	১২	০	+ ১	০	- ৫	- ৫	- ৫
১১।	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ	৭৫	--	--	১	১	২	৫	--	১	১	২	৫	৭	০	+ ১	০	+ ১	+ ১	+ ৩
১২।	পশুপালন সংবাদপত্র	৭০	--	১	১	০	--	৫	--	১	১	২	৫	৭	০	০	০	০	+ ০	+ ৩
১৩।	সংস্কৃতি ও পশু সম্পদ সংবাদপত্র	৭০	--	--	১	০	৫	৬	--	১	১	২	৫	৭	০	+ ১	০	- ১	- ১	- ১
১৪।	স্বাধীনতা, শ্রীলঙ্কা ও সাংস্কৃতি সংবাদপত্র	৭০	--	--	২	২	৫	৯	--	১	১	২	৫	৭	০	+ ১	- ১	০	- ১	- ১
১৫।	বাদ্য, দুর্যোগ ব্যবস্থাপনা ও বাণ সংবাদপত্র	৬০	--	--	২	৫	৫	১২	--	১	১	২	৫	৭	০	০	০	+ ১	- ১	- ১
১৬।	চলচ্চিত্র সংবাদপত্র	৬৫	--	--	১	১	২	৫	--	১	১	২	৫	৭	০	০	০	০	০	০
১৭।	পাট ও বস্ত্র সংবাদপত্র	৬৫	--	--	২	১	৫	৬	--	১	১	২	৫	৭	০	০	- ১	০	- ১	- ২
১৮।	সরকারি সংবাদপত্র	৬৫	--	--	--	--	১	১	--	১	১	২	৫	৭	০	০	+ ১	+ ১	+ ১	+ ০
১৯।	স্বাধীনতা ও জনশক্তি সংবাদপত্র	৬০	--	--	১	২	৫	৭	--	১	১	২	৫	৭	০	০	০	- ১	- ২	- ০
২০।	পরিচালনা বিভাগ	৬০	--	--	--	--	--	--	--	--	--	--	--	০	০	০	০	০	০	
২১।	সংস্থাপন বিভাগ	৬০	--	--	--	১	২	৫	--	১	১	২	৫	৭	০	০	+ ১	০	০	+ ১
২২।	প্রধান মন্ত্রীর কার্যালয়	৬৫	--	--	--	--	--	--	--	১	১	২	৫	৭	০	০	+ ১	+ ১	+ ২	+ ৫
২৩।	প্রতিরক্ষা সংবাদপত্র	৬৫	--	--	--	--	১	১	--	১	১	২	৫	৭	০	০	+ ১	+ ১	+ ১	+ ০
২৪।	অর্থ বিভাগ	৬৫	--	--	--	--	--	--	--	১	১	২	৫	৭	০	০	+ ১	+ ১	+ ২	+ ৫

ক্রমিক নং	সংগঠন/বিভাগ	মোট সংখ্যা	বর্তমান জনবল					প্রস্তাবিত জনবল					পরিবর্তন				
			প্রধান	সহ-প্রধান	উপ-প্রধান	সহকারী প্রবেশিকা কর্মকর্তা	মোট	প্রধান	সহ-প্রধান	উপ-প্রধান	সহকারী প্রবেশিকা কর্মকর্তা	মোট	প্রধান	সহ-প্রধান	উপ-প্রধান	সহকারী প্রবেশিকা কর্মকর্তা	মোট
			প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান	প্রধান
২৫।	মনিপালিবিদ্যালয়	৪০	--	--	--	--	১	১	--	--	১	২	০	০	০	০	১
২৬।	স্বা. সংগঠন	৩৫	--	--	--	১	১	২	--	--	১	২	০	০	০	০	১
২৭।	পরিদর্শন বিভাগ	৩৫	--	--	--	--	--	--	--	--	১	২	০	০	০	০	১
২৮।	আন্তর্জাতিক সম্পদ বিভাগ	৩৫	--	--	--	--	--	--	--	--	১	২	০	০	০	০	১
২৯।	জাতীয় পতাকা সচিবালয়	৩৫	--	--	--	--	--	--	--	--	--	১	১	০	০	০	১
৩০।	অর্থনৈতিক সম্পদ বিভাগ	৩০	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--
৩১।	বাস্তবায়ন পরিদর্শন ও মূল্যায়ন বিভাগ	৩০	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--
৩২।	নির্বাহন কমিশন সচিবালয়	৩০	--	--	--	--	১	১	--	--	--	১	১	০	০	০	০
৩৩।	আইন সংগঠন	৩০	--	--	--	--	--	--	--	--	--	১	১	০	০	০	১
৩৪।	সংসদ সচিবালয়	--	--	--	--	--	--	--	--	--	--	১	১	০	০	০	১
৩৫।	সংসদ কোর্ট সচিবালয়	--	--	--	--	--	--	--	--	--	--	১	১	০	০	০	১
সার্বিক অবস্থা :			--	--	১১	৩০	৫১	১০০	১২৫	--	১৫	৩০	৪৫	৪৫	১৫২	০	১৪

টিকা:

- ১। বর্তমান জনবলে কেবলমাত্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনে দক্ষ কর্মকর্তা দেবারো হইয়াছে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলীর সহিত সঙ্গতিপূর্ণ সম্পদ বা খরচ বর্তমান সংগঠন/বিভাগ কাঠামোর আওতার বাইরে হইয়াছে। বর্তমান জনবলে কেবলমাত্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনে দক্ষ কর্মকর্তা দেবারো হইয়াছে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলীর সহিত সঙ্গতিপূর্ণ সম্পদ বা খরচ বর্তমান সংগঠন/বিভাগ কাঠামোর আওতার বাইরে হইয়াছে।
- ২। বর্তমান জনবলে কেবলমাত্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনে দক্ষ কর্মকর্তা দেবারো হইয়াছে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলীর সহিত সঙ্গতিপূর্ণ সম্পদ বা খরচ বর্তমান সংগঠন/বিভাগ কাঠামোর আওতার বাইরে হইয়াছে। বর্তমান জনবলে কেবলমাত্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনে দক্ষ কর্মকর্তা দেবারো হইয়াছে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলীর সহিত সঙ্গতিপূর্ণ সম্পদ বা খরচ বর্তমান সংগঠন/বিভাগ কাঠামোর আওতার বাইরে হইয়াছে।
- ৩। বর্তমান জনবলে কেবলমাত্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনে দক্ষ কর্মকর্তা দেবারো হইয়াছে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলীর সহিত সঙ্গতিপূর্ণ সম্পদ বা খরচ বর্তমান সংগঠন/বিভাগ কাঠামোর আওতার বাইরে হইয়াছে। বর্তমান জনবলে কেবলমাত্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী সম্পাদনে দক্ষ কর্মকর্তা দেবারো হইয়াছে। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলীর সহিত সঙ্গতিপূর্ণ সম্পদ বা খরচ বর্তমান সংগঠন/বিভাগ কাঠামোর আওতার বাইরে হইয়াছে।

প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি

উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে স্থানীয় জনবল

বেসরকারী খাতের গৌণ ভূমিকা পালনের প্রেক্ষিতে বাংলাদেশের সাবিনা ইলাহী কর্মকান্ড তথা প্রবৃদ্ধি এখন পর্যন্ত মূলত: সরকারী খাতের উন্নয়ন প্রকল্পের সূত্রে ও যথাযথ বাস্তবায়ন নির্ভরশীল। কিন্তু প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে সরকারী খাতের অধিকাংশ উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত না হওয়ার কারণে লক্ষ্যমাত্রা হইতে প্রকৃত প্রবৃদ্ধি অনেকটা পিছাইয়া আছে। বাংলাদেশের মত একটি জনবহুল স্বল্পোন্নত দেশে দ্রুত অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে যেখানে এখনই বাৎসরিক ৮-৯ শতাংশ প্রবৃদ্ধি অর্জন পূর্বক উহাকে ক্রমান্বয়ে ১২-১৩ শতাংশে উন্নীত করিতে হইবে বলিয়া বিশেষজ্ঞগণ মত প্রকাশ করিয়াছেন, যেখানে ১৯৭৩ হইতে ১৯৯০ পর্যন্ত গড়ে কেবলমাত্র ৪ শতাংশ প্রবৃদ্ধি অর্জন সম্ভব হইয়াছে। এই ধারা (trend) পরিবর্তন করিতে হইলে কাঠামোগত পুনর্বিন্যাসের (Structural Adjustment) আওতায় সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ ও দক্ষ ব্যষ্টিক অর্থনৈতিক (Macroeconomic) ব্যবস্থাপনা ছাড়াও অনতিবিলম্বে সরকারী খাতে উন্নয়ন প্রকল্পের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।

০২। সরকারী খাতে উন্নয়ন প্রকল্পের যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে এয়াবৎ প্রতুল অর্থ বরাদ্দ, বিশেষ করিয়া স্থানীয় মূদ্রা বরাদ্দের সর্বলপ্যাকে মূলত: দায়ী করা হইত। কিন্তু ১৯৯০ পরবর্তী সময়ে যখন উন্নয়ন প্রকল্পের জন্য স্থানীয় মূদ্রায় পর্যাপ্ত বরাদ্দ প্রদান সম্ভব হইল, তখন দেখা গেল অর্থ বরাদ্দ নয় বরং ব্যয় করাই সমস্যা হিসাবে দেখা দিয়াছে। বিগত তিনটি বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বিনিয়োগ প্রকল্পসমূহের (প্রধান কর্মসূচী ও সংস্থার নিজস্ব তহবিল কর্মসূচী) আর্থিক অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদান করা হইল:

(কোটি টাকায়)

বৎসর	প্রকল্প সংখ্যা	বরাদ্দ			প্রকৃত ব্যয়		
		মোট (মোট বরাদ্দের %)	স্থানীয় মূদ্রা (মোট বরাদ্দের %)	প্রকল্প সাহায্য (মোট বরাদ্দের %)	মোট (মোট বরাদ্দের %)	স্থানীয় মূদ্রা (মোট বরাদ্দের %)	প্রকল্প সাহায্য (মোট বরাদ্দের %)
১৯৯০-৯১	৫৯৮	৫৩৩৯	১৯০৭ (৩৬)	৩৪৩২ (৬৪)	৪৯৩৭ (৯২)	২০৫৩ (১০৮)	২৮৮৪ (৮৪)
১৯৯১-৯২	৬৬৮	৬৩৩৮	২৬১০ (৪১)	৩৭২৮ (৫৯)	৫৪৭৪ (৮৬)	২২৮৫ (৮৮)	৩১৮৯ (৮৬)
১৯৯২-৯৩	৬৯৯	৭১০৬	৩১৯৬ (৪৫)	৩৯১০ (৫৫)	৫৬৭৯ (৮০)	২৫৫৯ (৮০)	৩১২০ (৮০)

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

উপরি-উক্ত ছক হইতে দেখা যাইবে যে, যেখানে ১৯৯০-৯১ সালের মোট বরাদ্দের তুলনায় স্থানীয় মূদ্রার বরাদ্দ ৩৬ শতাংশ হইতে ক্রমান্বয়ে বৃদ্ধি পাইয়া ১৯৯১-৯২ সালে ৪১ শতাংশ এবং ১৯৯২-৯৩ সালে ৪৫ শতাংশে উন্নীত হইয়াছে। সেখানে ১৯৯০-৯১ সালের বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয় ১০৮ শতাংশ হইতে ক্রমান্বয়ে হ্রাস পাইয়া ১৯৯১-৯২ সালে ৮৮ শতাংশ এবং ১৯৯২-৯৩ সালে ৮০ শতাংশে দাঁড়াইয়াছে।

০৩। এদিকে একই সময়ে অর্জিত আর্থিক অগ্রগতির তুলনায় বাস্তবায়ন অগ্রগতি আরও নৈরাশ্যজনক। ১৯৯০-৯১, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে যথাক্রমে ৮৬%, ৮৪% আর্থিক অগ্রগতির বিপরীতে ৫৬%, ৫৩% এবং ৮৯% আর্থিক অগ্রগতির বিপরীতে ৬০% বাস্তবায়ন অগ্রগতি সাধিত হইয়াছে। এই তিনটি বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ধার্যকৃত বার্ষিক বাস্তব লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির একটি সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদান করা হইল:

বৎসর	মোট প্রকল্প সংখ্যা	বাস্তব অগ্রগতি (বার্ষিক লক্ষ্যমাত্রার শতাংশ)					
		১০০%	৭৬-৯৯%	৫১-৭৫%	২৬-৫০%	০১-২৫%	০%
		প্রকল্প সংখ্যা (%)	প্রকল্প সংখ্যা (%)	প্রকল্প সংখ্যা (%)	প্রকল্প সংখ্যা (%)	প্রকল্প সংখ্যা (%)	প্রকল্প সংখ্যা (%)
১৯৯০-৯১	৫৯৮	১৬৪ (২৭)	৯৪ (১৬)	১০৬ (১৮)	৮৫ (১৪)	৪৮ (৮)	১০১ (১৭)
২৩৪ (৩৯%)							
১৯৯১-৯২	৬৬৫	১৫৯ (২৪)	১০৯ (১৬)	১০৫ (১৬)	৯৩ (১৪)	৭৬ (১১)	১২৩ (১৯)
২৯২ (৪৪%)							
১৯৯২-৯৩	৬৯৯	১৭৭ (২৫)	১৮১ (২৬)	৯৫ (১৪)	৭৫ (১১)	৪৩ (৬)	১২৮ (১৮)
২৪৬ (৩৫%)							

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

উপরি-উক্ত ছক হইতে দেখা যাইবে যে, বার্ষিক ধার্যকৃত বাস্তব লক্ষ্যমাত্রার ক্ষেত্রে গড়ে কেবলমাত্র ২৫ শতাংশ প্রকল্প ১০০% বা পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হইয়াছে। এদিকে গড়ে ৪০ শতাংশ প্রকল্প কেবলমাত্র ৫০% বা অধিক লক্ষ্যমাত্রা অর্জন করিয়াছে, যাহার মধ্যে ১৮ শতাংশ প্রকল্পের ক্ষেত্রে কোন অগ্রগতিই সাধিত হয় নাই।

০৪। বিগত তিনটি বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত যে সকল প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত/বিঘ্নিত হইয়াছে উহাদের পর্যালোচনাকালে দেখা যায় যে, ১৯৯০-৯১, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে যথাক্রমে ৩৪৬টি, ৩৪৯টি এবং ৩৬৬টি প্রকল্পের বাস্তবায়ন বিভিন্ন কারণে বিলম্বিত/বিঘ্নিত হয়, যাহা মোট প্রকল্পের যথাক্রমে ৪৪, ৩৯ ও ৩৯ শতাংশ। উল্লিখিত প্রকল্পসমূহের বাস্তবায়ন বিলম্বিত/বিঘ্নিত হওয়ার উল্লেখযোগ্য কারণসমূহ (একাধিক কারণের ক্ষেত্রে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য কারণ দেখানো হইয়াছে) নিম্নে পেশ করা হইল :

বাস্তবায়ন বিলম্বিত/বিঘ্নিত হওয়ার কারণ	বৎসর ওয়ারী প্রকল্প সংখ্যা		
	১৯৯০-৯১	১৯৯১-৯২	১৯৯২-৯৩
০১। প্রকল্প দলিল প্রণয়ন পূর্বক অনুমোদনে অর্থ ছাড়করণে বিলম্ব	৫৭	৯৬	৫৭
০২। প্রকল্প সংশোধনে বিলম্ব	১৯	৯	১১
০৩। মন্ত্রণালয়/সংস্থা/প্রকল্প পর্যায়ে ব্যবস্থাপনা/সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব	৪০	২৫	৩৮
০৪। নির্মাণ সামগ্রী, মালামাল ও যন্ত্রপাতি সংগ্রহে বিলম্ব	৩৬	২০৩ (৫৯)	১৫ (৫৫)
০৫। দরপত্র আহ্বান ও আনুষ্ঠানিকতা সম্পাদনে বিলম্ব	২৭	৩২	১৭
০৬। শূন্য পদ পূরণে বিলম্ব ও লোকবলের অভাব	২৪	১৪	১৫

বাস্তবায়ন বিলম্বিত/বিঘ্নিত হওয়ার কারণ	বৎসর ওয়ারী প্রকল্প সংখ্যা		
	১৯৯০-৯১	১৯৯১-৯২	১৯৯২-৯৩
০৭। প্রকল্প সাহায্য সংস্থান/প্রাপ্তিতে বিলম্ব	৩২	৫১	৮২
০৮। জমি অধিগ্রহণে এবং হস্তান্তরে বিলম্ব	২৯	৩০	৩৬
০৯। উন্নয়ন সহযোগীর সহিত চুক্তি সম্পাদনে/কার্যকরণে বিলম্ব	১৩	৩১	৫৩
১০। পরামর্শক নিয়োগে বিলম্ব	১৫	২৫	২৩
১১। অপ্রতুল অর্থ বরাদ্দ/স্থানীয় মূদ্রা বরাদ্দের স্বল্পতা	৪৯	১৫	-
১২। ডিজাইন/নকশা প্রাপ্তিতে বিলম্ব	৫	৬	৯
১৩। ঠিকাদার কতক কাজ সম্পাদনে বিলম্ব	-	-	১০
সর্বমোট =	৩৪৬	৩৪৯	৩৬৬

সূত্র : বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

উপরি-উক্ত ছক হইতে দেখা যাইবে যে, বাস্তবায়ন বিলম্বিত/বিঘ্নিত হইয়াছে এমন উন্নয়ন প্রকল্পের প্রায় ৫০ শতাংশের জন্য লোকবল ও ব্যবস্থাপনা (ক্রমিক নং ১-৬) সংশ্লিষ্ট কারণই দায়ী।

০৫। এই উপলব্ধি হইতেই বিগত ১৫-০৬-৯২ খ্রী: তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের (NEC) সভায় প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সমস্যাবলী দূরীকরণ ও বাস্তবায়ন অবস্থার উন্নয়নের লক্ষ্যে যাঠ পর্যায়ে সমন্বয় জোরদারকরণ সম্পর্কে সুপারিশমালা প্রণয়নের জন্য পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয়/আন্তঃসংস্থা কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয়/আন্তঃসংস্থা কমিটির সিদ্ধান্তক্রমে প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়নকারী দপ্তর/অধিদপ্তর ও মন্ত্রণালয়/বিভাগসমূহকে অধিক প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পনের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের জন্য আলাদাভাবে মন্ত্রী পরিষদ সচিবের আহ্বায়কত্বে একটি উচ্চ পর্যায়ের আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়। মন্ত্রী পরিষদ সচিবের আহ্বায়কত্বে গঠিত কমিটি প্রণীত প্রতিবেদন পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত পরিকল্পনা কমিশনের ১৬-০১-৯৪ খ্রী: তারিখের সভায় কতিপয় সংশোধন সাপেক্ষে গ্রহণের সুপারিশ করা হয়। এই সংশোধিত প্রতিবেদনটি ৯ই ফেব্রুয়ারী ১৯৯৪ খ্রী: তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় গৃহীত হয়। ইহার ফলে লোকবল নিয়োগ, কার্যাদেশ প্রদান, যানবাহন ক্রয় ও উহাদের মেরামত, যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয়, মূদ্রণ ও প্রকাশন, বাড়ী ভাড়া, অকাজো/অব্যবহৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র বিক্রয়, জরুরী প্রয়োজনে সরাসরি ক্রয়, জমি লীজ নেওয়া, পরামর্শক নিয়োগ, ইত্যাদি বিভিন্ন বিষয়ে প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহ অধিকতর আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা লাভ করিবে, যাহা উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু ও যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে একটি ইতিবাচক ভূমিকা রাখিবে বলিয়া আশা করা যায়।

০৬। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির উপরি-উক্ত সিদ্ধান্তের ফলে উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট বেশ কিছু বিদ্যমান সমস্যা ও উহাদের কারণ দূরীভূত হইলেও উন্নয়ন প্রকল্প চিল্লিতকরণ, প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে মৌলিক কিছু সমস্যা/দুর্বলতা/সীমাবদ্ধতা বিরাজমান থাকিয়া যাইবে। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, নতুন পদ্ধতিতে নির্ধারিত বেতনে (Consolidated pay) চুক্তিভিত্তিক লোকবল নিয়োগের সংস্থান রাখা হইয়াছে। এই ব্যবস্থায় প্রকল্প বাস্তবায়নের পর রাজস্ব বাজেটে পদ স্থানান্তরসহ নিয়মিতকরণ সংক্রান্ত বর্তমান জটিলতা অনেকাংশে হ্রাস পাইলেও প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব, প্রকল্প সঞ্চার/প্রকল্প ছক প্রণয়নে প্রকল্প

পরিচালককে সম্পৃক্ত না করা, প্রকল্পের বাস্তবায়ন শুরুর অনুষ্ঠানিকতা সম্পন্নকরণে, বিলম্ব, অস্থায়ী চাকুরী বিধায় প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তার প্রকল্পের কাজের প্রতি কোন অঙ্গীকার (Commitment) সৃষ্টি না হওয়া, চাকুরী হারানোর ভয়ে প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাদের প্রকল্পের বাস্তবায়ন দীর্ঘায়িতকরণের প্রবণতা, উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে অভিজ্ঞ লোকবলের অভাব, ইত্যাদি সমস্যা/দুর্বলতা রহিয়া যাইবে। তাহাছাড়া নতুন ব্যবস্থায় যথাযথ ভাবে প্রকল্প প্রণয়ন ও উহার দ্রুত অনুমোদনের বিষয়ে কোন সুপারিশ করা হয় নাই। এদিকে একনেক সভায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর ও প্রকল্প পরিচালকদেরকে প্রদত্ত অধিক প্রশাসনিক ও আর্থিক ক্ষমতার অপব্যবহার রোধকল্পে এবং প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের স্বচ্ছতা, দায়িত্বশীলতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার উদ্দেশ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে একটি নীতিমালা/আচরনবিধি প্রণয়নের যে দায়িত্ব দেওয়া হইয়াছে উহাতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা প্রধান এর নিকট প্রকল্প পরিচালক এবং প্রকল্প পরিচালক এর নিকট অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের জবাবদিহিতার ধারণা ও প্রতিষ্ঠা কি হইবে এবং ভালো কাজের কিংবা দক্ষতার সহিত দায়িত্ব ও কর্তব্য সম্পাদনের (প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তকরণ) জন্য কোন পুরস্কার/উৎসাহের (incentive) এবং খারাপ কাজের জন্য শাস্তির ব্যবস্থা থাকিবে কিনা সেই বিষয়ে কিছু বোঝা যাইতেছে না। এই প্রেক্ষিতে লোকবল নিয়োগ, প্রকল্প প্রণয়ন ও উহার দ্রুত অনুমোদন, জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং পুরস্কার/শাস্তির ক্ষেত্রে কিছু সুনির্দিষ্ট প্রস্তাব নিম্নে পেশ করা হইল।

০৭। লোকবল নিয়োগ :

৭.১ বিভিন্ন অর্থনৈতিক ও উন্নয়ন কর্মকান্ডে বেসরকারী খাতকে যথাসম্ভব সম্পৃক্তকরণের বিদ্যমান নীতিমালার আওতায় উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নে নিয়োজিত লোকবলের কার্যাবলী (Functions) মূলত: তত্ত্বাবধায়ক/অদারকির পর্যায়ে সীমাবদ্ধ হইয়া পড়িয়াছে। এদিকে বিগত তিনটি বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত বিনিয়োগ প্রকল্প পর্যালোচনাকালে দেখা যায় যে, মোট ১৪৩টি বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মধ্যে ৫১টির মাধ্যমে গড়ে প্রায় ৮১ শতাংশ প্রকল্প (৬২টি প্রকল্পের মধ্যে ৫০০টি) বাস্তবায়িত হইতেছে (পরিশিষ্ট-ক' দ্রষ্টব্য)। এই ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা গড়ে বার্ষিক ৫৪-৪টি প্রকল্প বাস্তবায়ন করিতেছে। অপরদিকে ৬২টি বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা গড়ে বার্ষিক কেবলমাত্র ১-০টি প্রকল্প বাস্তবায়ন করিতেছে। এই প্রেক্ষিতে বিগত তিন বৎসরের ধারা (trend) অনুযায়ী ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন তত্ত্বাবধানে/অদারকিতে প্রথম শ্রেণীর কর্মকর্তা পর্যায়ে প্রয়োজনীয় ন্যূনতম পদ সহায়ীভাবে সৃষ্টি করা যাইতে পারে। এই ব্যবস্থায় একদিকে যেমন ৮১ শতাংশ উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধান/অদারকি সংক্রান্ত কর্মকর্তা পর্যায়ের লোকবল ও ব্যবস্থাপনা সমস্যাবলীর একটি সহায়ী সমাধান হইবে, অন্যদিকে প্রকল্প পরিচালকসহ অন্যান্য মুখ্য কর্মকর্তা নিয়োগে বিলম্ব দূরীকরণ, প্রকল্প সারপা/ছক প্রণয়নে শুরুর হইতে সার্বজনিক প্রকল্প পরিচালককে সম্পৃক্তকরণ, সহায়ী কর্মকর্তা হিসাবে প্রকল্পের কাজে একটি অঙ্গীকার সৃষ্টি হওয়া, প্রকল্পের বাস্তবায়ন কাল বর্ধিত করণের প্রবণতা রোধ, উন্নয়ন প্রকল্পের কাজে দক্ষ ও-অভিজ্ঞ কর্মকর্তা নিয়োগ, ইত্যাদি লক্ষ্য অর্জন নিশ্চিত হইবে।

৭.২ উন্নয়ন প্রকল্পের জন্য তত্ত্বাবধায়ক/অদারকি পর্যায়ের লোকবলের প্রয়োজনীয়তা মূলত: প্রকল্পের কলেবর/কার্যপরিধির (Scope of work) উপর নির্ভরশীল। কাজেই কলেবর/কার্যপরিধির ভিত্তিতে উন্নয়ন প্রকল্পসমূহকে কয়েকটি ক্যাটাগরীতে বিভক্ত করিয়া তত্ত্বাবধায়ক/অদারকি পর্যায়ের লোকবলের প্রয়োজনীয়তা নির্ণয় করাই যৌক্তিক হইবে। তবে কলেবর/কার্যপরিধিকে সংখ্যায় প্রকাশ করা সময় সাপেক্ষ বিধায় সহজ পন্থা হিসাবে উন্নয়ন প্রকল্পসমূহকে প্রাক্কলিত ব্যয়ের ভিত্তিতে তিনটি ক্যাটাগরীতে বিভক্ত করিয়া আনুসারে এই লোকবলের ধারণা ও সংখ্যা নির্ণয় করা যাইতে পারে। নিম্নে তিনটি ক্যাটাগরীর বিপরীতে প্রাক্কলিত ব্যয়ের ব্যাপ্তি (Range) এবং উল্লিখিত ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালের গড় প্রকল্প সংখ্যার একটি বিবরণ পেশ করা হইল। বাছাইকৃত ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত গড় প্রকল্প সংখ্যার প্রাক্কলিত ব্যয় ডিগ্রি শ্রেণী বিন্যাস পরিশিষ্ট- 'খ' এ দেখান হইল।

ক্যাটেগরী : প্রাক্কলিত ব্যয়ের ব্যাপ্তি : ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/
সংস্থার প্রকল্প সংখ্যা

ক্যাটেগরী- 'ক'	১০০.০০ কোটি টাকার উর্ধ্বে	১২০
ক্যাটেগরী- 'খ'	১০.০০ - ১০০.০০ কোটি টাকা	২৪১
ক্যাটেগরী- 'গ'	১০.০০ কোটি টাকার নিম্নে	১৬৯

৭.৩ তিনটি ক্যাটাগরীর ভিত্তিতে ৫১টি প্রতিষ্ঠান/সংস্থার প্রতিটি উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধান/উদারিকর জন্য প্রথম শ্রেণীর নিম্নরূপ জনবলের প্রয়োজন হইবে :

ক্রমিক নং : পদের নাম : সংখ্যা : বেতন স্কেল : বেতন গ্রেড

<u>ক্যাটেগরী- 'ক'</u>				
০১।	প্রকল্প পরিচালক	১	{ ৭৮০০ - ৯০০০/-}	৩
			{ ৭১০০ - ৮০৫০/-}	৪
০২।	উপ-প্রকল্প পরিচালক	১	৮৮০০ - ৭২৫০/-	৬
০৩।	সিনিয়র মূল্যায়ন কর্মকর্তা	১	৮৮০০ - ৭২৫০/-	৬
০৪।	হিসাব রক্ষণ কর্মকর্তা	১	২৮৫০ - ৫১৫৫/-	৯
		৪		

<u>ক্যাটেগরী- 'খ'</u>				
০১।	প্রকল্প পরিচালক	১	{ ৭১০০ - ৮৭০০/-	৪
			{ ৬৩০০ - ৮০৫০/-	৫
০২।	সিনিয়র মূল্যায়ন কর্মকর্তা	১	৮৮০০ - ৭২৫০/-	৬
০৩।	হিসাব রক্ষণ কর্মকর্তা	১	২৮৫০ - ৫১৫৫/-	৯

		৩		

<u>ক্যাটেগরী- 'গ'</u>				
০১। প্রকল্প ব্যবস্থাপক	১	{ ৬৩০০ - ৮০৫০/-	৫	
		{ ৮৮০০ - ৭২৫০/-	৬	
০২। মূল্যায়ন কর্মকর্তা	১	২৮৫০ - ৫১৫৫/-	৯	
	২			

উপরি-উক্ত ক্যাটেগরী অনুসরণে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিগত তিন বৎসরের গড় প্রকল্প সংখ্যার (পারিশিষ্ট-ক' দ্রষ্টব্য) ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় স্থায়ীভাবে প্রথম শ্রেণীর কর্মকর্তা পর্যায়ের পদসৃষ্টি করা যাইতে পারে। তবে কোন বৎসর প্রকল্প সংখ্যা গড় প্রকল্প সংখ্যা হইতে অধিক হইলে নিধারিত বেতনে (Consolidated pay) চুক্তিভিত্তিক তত্ত্বাবধান/উদারিকর পর্যায়ের অতিরিক্ত লোকবল নিয়োগ করা যাইবে। একই ভাবে কোন বৎসর প্রকল্প সংখ্যা গড় প্রকল্প সংখ্যা হইতে কম হইলে উদ্ভূত তত্ত্বাবধান/উদারিকর পর্যায়ের লোকবলকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের একই পদ ও মর্গাদা সম্পন্ন অন্যান্য কাজে নিয়োগ করা যাইবে। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, চতুর্থ ও পঞ্চম পরিকল্পনায় বাংলাদেশের জন্য যে সার্বিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যমাণা নির্ধারণ করা হইয়াছে উহাতে আশা করা যায় যে, পারিশিষ্ট-ক' এ প্রদত্ত ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অধিকাংশ ক্ষেত্রে আগামী কয়েক বৎসরের বাৎসরিক প্রকল্প সংখ্যা কমিবে না বরং বাড়িবে।

৭.৪ উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধান/তদারকি সংক্রান্ত কর্মকর্তা পর্যায়ের লোকবলের মধ্যে প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক ও উপ-প্রকল্প পরিচালক পদসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানের আওতাধীন ক্যাডার হইতে এবং বিসিএস (ইকনমিক) ক্যাডার হইতে পূরণ করা যাইতে পারে। পক্ষান্তরে, সিনিয়র মূল্যায়ন কর্মকর্তা ও মূল্যায়ন কর্মকর্তা পদসমূহ বিসিএস (ইকনমিক) ক্যাডার হইতে এবং হিসাব রক্ষণ কর্মকর্তার পদ বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার হইতে প্রেষণের মাধ্যমে পূরণ করা যাইতে পারে।

৭.৫ ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বৎসরের ডিওতে উপরি-উক্ত প্রয়োজন অনুযায়ী ৫১টি বাছাইকৃত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য যে সকল সহায়ী প্রথম শ্রেণীর কর্মকর্তা পর্যায়ের পদ সৃষ্টি করিতে হইবে উহার একটি বিস্তারিত তালিকা পরিশিষ্ট-‘গ’ তে দেখান হইল। এই ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য প্রয়োজনীয় প্রথম শ্রেণীর কর্মকর্তা পর্যায়ের পদ সংখ্যা ও উহাদের জন্য বেতন ও ভাতাদি বাবদ বার্ষিক যে পরিমাণ অর্থ ব্যয় হইবে তাহার একটি গড় হিসাব নিম্নে প্রদত্ত হইল :

প্রকল্পের ধরণ/পদের শ্রেণী	প্রকল্প প্রতি পদ সংখ্যা	প্রকল্প সংখ্যা	মোট পদ সংখ্যা	বেতন ও ভাতাদি বাবদ বার্ষিক ব্যয়(কোটি টাকায়)
১। ক্যাটগরী-‘ক’ প্রকল্প :				
কর্মকর্তা পর্যায়ের পদ	৪	১২০	৪৮০	৫.৫৯
২। ক্যাটগরী-‘খ’ প্রকল্প :				
কর্মকর্তা পর্যায়ের পদ	৩	২৪১	৭২৩	৮.১২
৩। ক্যাটগরী-‘গ’ প্রকল্প :				
কর্মকর্তা পর্যায়ের পদ	২	১৬৯	৩৩৮	৩.৪৫
সর্বমোট: কর্মকর্তা পর্যায়ের পদ -		৫৩০	১৫৪১	১৭.১৬

উপরি-উক্ত ছক হইতে দেখা যায় যে, ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় মোট ১৫৪১টি প্রথম শ্রেণীর কর্মকর্তা পর্যায়ের সহায়ী পদ সৃষ্টি করিতে হইবে। এইজন্য বেতন ও ভাতাদি বাবদ বার্ষিক ১৭.১৬ কোটি টাকা ব্যয় হইবে। রাজস্ব বাজেট হইতে এই ব্যয় মিটানো হইলে রাজস্ব বাজেটের উপর অতিরিক্ত চাপ সৃষ্টি হইবে। তাহাছাড়া এই সকল লোকবল কেবলমাত্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কর্মকান্ডে জড়িত থাকিবে বিধায় ইহাদের বেতন ও ভাতাদি বাবদ ব্যয় উন্নয়ন বাজেট হইতে মিটানোই যুক্তিযুক্ত হইবে। উন্নয়ন বাজেট হইতে কর্মকর্তা পর্যায়ের লোকবলের সংখ্যা অনুযায়ী ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় বৎসরের শুরুর্তে বেতন ও ভাতাদি বাবদ প্রয়োজনীয় অর্থ রাজস্ব বাজেটে স্থানান্তরিত করিয়া এই ব্যয় মিটানো যাইতে পারে।

৭.৬ চাকুরী করা কালীন ছুটি ভোগ ও প্রশিক্ষণ গ্রহণ করা প্রতিটি কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীগত বিশেষ সুবিধা (privilege)। ইহা ছাড়া কোন প্রতিষ্ঠানে নানা কারণে সৃষ্টি শূন্য পদ অন্য কোন প্রতিষ্ঠানের বিদ্যমান জনবল দ্বারা পূরণ করা প্রায়ই আবশ্যকীয় হইয়া দাঁড়ায়। ফলে কর্মকর্তাদের ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণ জনিত কারণে কোন প্রতিষ্ঠানের কার্যক্রম যাহাতে ব্যাহত না হয় সেই জন্য কিছু অতিরিক্ত জনবল প্রস্তুত রাখার (Stand by) প্রয়োজন। উল্লেখ্য যে, তদানিন্তন পাকিস্তান আমলে বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অনুরূপ বিধান প্রচলিত ছিল। বর্তমানেও কিছু কিছু ক্যাডারের ক্ষেত্রে ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণ জনিত শূন্য পদ পূরণের জন্য কর্মকর্তা পর্যায় ১০% পদ সৃষ্টি করা হইয়াছে। একই পদ্ধতিতে বাছাইকৃত ৫১টি প্রতিষ্ঠানে কর্মকর্তা পর্যায় ১০% পদ সৃষ্টি করিয়া উহার আওতায় উন্নয়ন কার্যক্রম সম্পাদনের জন্য প্রস্তাবিত কর্মকর্তাদের প্রয়োজন মিটানো যাইতে পারে। তবে যে সকল ক্যাডারে ইতোমধ্যে ১০% ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণ জনিত কর্মকর্তা পর্যায় পদ সৃষ্টি করা হইয়াছে উহাদের সহিত প্রতিষ্ঠান ভিত্তিক প্রস্তাবিত ১০% কর্মকর্তা পর্যায়ের পদ সৃষ্টির বিষয়টি সমন্বয় করিতে হইবে। স্বায়ত্ত-শাসিত সংস্থা সমূহ তাহাদের স্ব-স্ব নিয়োগ বিধির আওতায় প্রস্তাবিত নতুন স্থায়ী পদ সৃষ্টি কিংবা বিদ্যমান পদের সহিত উহাদের সমন্বয় সাধন করিবে।

৭.৭ এদিকে তিনটি ক্যাটাগরীর ভিত্তিতে ৫১টি প্রতিষ্ঠান/সংস্থার প্রতিটি উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধান/তদারকি সংক্রান্ত যাবতীয় দাপ্তরিক কার্যাবলী সম্পাদনের জন্য কর্মচারী পর্যায় নিম্নরূপ জনবলের প্রয়োজন হইবে :

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল	বেতন গ্রেড
-----------	----------	--------	------------	------------

<u>ক্যাটেগরী- 'ক'</u>				
০১।	কম্পিউটার অপারেটর	১	১৭২৫ - ৩৭২৫/-	১১
০২।	উচ্চমান সহকারী	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০৩।	স্টাটিলিপিকার	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০৪।	হিসাব রক্ষক	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০৫।	স্টাটমুদ্রাক্ষরিক	২	১৩৭৫ - ২৮৭০/-	১৪
০৬।	গাড়ীচালক	১	১৩৭৫ - ২৮৭০/-	১৪
০৭।	এমএলএসএস	৩	৯০০ - ১৫০০/-	২০
		১০		

<u>ক্যাটেগরী- 'খ'</u>				
০১।	কম্পিউটার অপারেটর	১	১৭২৫ - ৩৭২৫/-	১১
০২।	উচ্চমান সহকারী	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০৩।	হিসাব রক্ষক	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০৪।	স্টাটিলিপিকার	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০৫।	স্টাটমুদ্রাক্ষরিক	১	১৩৭৫ - ২৮৭০/-	১৪
০৬।	গাড়ীচালক	১	১৩৭৫ - ২৮৭০/-	১৪
০৭।	এমএলএসএস	৩	৯০০ - ১৫০০/-	২০
		০৯		

<u>ক্যাটেগরী- 'গ'</u>				
০১।	হিসাব রক্ষক	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০২।	উচ্চমান সহকারী	১	১৪৭৫ - ৩১৫০/-	১৩
০৩।	ডাটা এন্ট্রি অপারেটর	১	১৩৭৫ - ২৮৭০/-	১৪
০৪।	স্টাটমুদ্রাক্ষরিক	১	১৩৭৫ - ২৮৭০/-	১৪
০৫।	গাড়ীচালক	১	১৩৭৫ - ২৮৭০/-	১৪
০৬।	এমএলএসএস	২	৯০০ - ১৫০০/-	২০
		০৭		

৭.৮ ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বৎসরের ভিত্তিতে কর্মচারী পর্যায়ে লোকবলের প্রকল্প ভিত্তি উপরি-উক্ত বিভাজন অনুযায়ী ৫১টি বাছাইকৃত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য প্রয়োজনীয় পদ সংখ্যা ও উহাদের জন্য বেতন ও ভাতাদি বাবদ বার্ষিক যে পরিমাণ অর্থ ব্যয় হইবে তাহার একটি গড় হিসাব নিম্নে প্রদত্ত হইল :

প্রকল্পের ধরণ/পদের শ্রেণী	প্রকল্প প্রতি পদ সংখ্যা	প্রকল্প সংখ্যা	মোট পদ সংখ্যা	বেতন ও ভাতাদি বাবদ বার্ষিক ব্যয়(কোটি টাকায়)
---------------------------	----------------------------	----------------	------------------	---

১। ক্যাটেগরী-'ক' প্রকল্প :

কর্মচারী পর্যায়ে পদ	১০	১২০	১২০০	৪.৯৯
----------------------	----	-----	------	------

২। ক্যাটেগরী-'খ' প্রকল্প :

কর্মচারী পর্যায়ে পদ	৯	২৪১	২১৬৯	৮.৯৪--
----------------------	---	-----	------	--------

৩। ক্যাটেগরী-'গ' প্রকল্প :

কর্মচারী পর্যায়ে পদ	৭	১৬৯	১১৮৩	৪.৮৫
----------------------	---	-----	------	------

সর্বমোট: কর্মচারী পর্যায়ে পদ -		৫৩০	৪৫৫২	১৮.৭৮
---------------------------------	--	-----	------	-------

উপরি-উক্ত ছক হইতে দেখা যায় যে, ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় মোট ৪৫৫২টি কর্মচারী পর্যায়ে পদ সৃষ্টির প্রয়োজন হইবে এবং এইজন্য বেতন ও ভাতাদি বাবদ বার্ষিক ১৮.৭৮ কোটি টাকা ব্যয় হইবে। কর্মচারী পর্যায়ে জনবল যেহেতু তত্ত্বাবধান/আর্থিক কিংবা ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মকাণ্ডের দায়িত্বে নিয়োজিত থাকেনা সেহেতু স্থায়ীভাবে এই ধরনের লোকবল নিয়োগের কোন প্রয়োজন আছে বলিয়া মনে হয়না। আবার উন্নয়ন প্রকল্পের আওতায় অস্থায়ীভাবে নিয়োগ প্রাপ্ত হইলেও পরবর্তী পর্যায়ে প্রকল্প সমাপ্তির পর এইসকল লোকবলের চাকুরী-হারানোর কারনে বিভিন্ন মানবিক ও সামাজিক সমস্যা দেখা দেয়। তাহাছাড়া বিগত কয়েক বৎসর যাবত নিরাপত্তা, কম্পিউটার কম্পোজ ইত্যাদি ক্ষেত্রে বেসরকারী খাতে প্রচুর অগ্রগতি সাধিত হইয়াছে। এই পরিপ্রেক্ষিতে অনুচ্ছেদ-৭.৭ ও ৭.৮ এ বর্ণিত কর্মচারীদের সেবা যথা, কম্পিউটার কম্পোজ, টাইপ, গাড়ীচালনা, চিঠি-পত্র আদান-প্রদান, সাইকেলস্টাইল, ফটোকপি, পরিষ্কার পরিচ্ছন্নতা, নিরাপত্তা ইত্যাদি বেসরকারী খাত হইতে দরপত্রের মাধ্যমে বার্ষিক ভিত্তিতে গ্রহণ করা যাইতে পারে। ফলে একদিকে যেমন ৪৫৫২ জন কর্মচারী নিয়োগ সংক্রান্ত বিরাট সমস্যা দূরিত হইবে, অন্যদিকে বেসরকারী খাত হইতে প্রতিযোগিতামূলক মূল্যে উন্নত মানের সেবা পাওয়া যাইবে।

৭.৯ পরিশিষ্ট-'ক', 'খ' ও 'গ' হইতে দেখা যাইবে যে, কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ "স্বীয়" আওতায় বেশ কিছু উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নিয়োজিত আছে। মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব/যুগ্ম প্রধান/উপ-সচিব/উপ-প্রধানগণ এই সকল প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে কাজ করিয়া আসিতেছে। এই বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের যুক্ত হইল যেসকল প্রকল্প কোন নির্দিষ্ট খাতের আওতায় পরেনা অথবা যাহাদের কাজের পরিধি দুই/তিনটি খাত/সংস্থায় বিস্তৃত থাকে সেই সকল প্রকল্পসমূহকে মন্ত্রণালয়/বিভাগের "মূল" অথবা "স্বীয়" হিসাবে দেখান হয় এবং সংগত কারণেই মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাদের দ্বারা উহাদের পরিচালনা কিংবা নিয়ন্ত্রণ করা হয়। মন্ত্রণালয়/বিভাগের

দ্বায়িত্বপূর্ণ কর্মকর্তাদের স্বপক্ষে বহাল থাকিয়া উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক কিংবা উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নে সরাসরি নিয়োজিত হওয়া নীতিগতভাবে কাম্য নয়। ইহাতে মন্ত্রণালয়/বিভাগের কাজ এবং উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন উভয় ব্যাহত হয় এবং অদক্ষতার সৃষ্টি করে। যেসকল প্রকল্প কোন খাতের আওতায় পড়ে না অথবা যাহাদের কাজের পরিধি দুই/তিনটি খাত/সংস্থায় বিস্তৃত থাকে সেসকল ক্ষেত্রে মন্ত্রণালয়ের উদ্যোগে তাহাদের অধীন কোন সংস্থা হইতে জ্যেষ্ঠ ও উপযুক্ত একজন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক নিয়োজিত করা যাইতে পারে এবং অন্য সংস্থা হইতে এক/দুইজন উপ-পরিচালক নিয়োগ করা যাইতে পারে। বিকল্প হিসাবে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নির্ধারিত বেতনে চুক্তিভিত্তিক উপযুক্ত প্রকল্প পরিচালকসহ অন্যান্য লোকবল নিয়োগ করা যাইতে পারে।

০৮। উন্নয়ন প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও অনুমোদন :

৮.১ বর্তমানে বেশ কিছু মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ক্ষেত্রে যথাযথ (appropriate) প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও উহাদের দ্রুত অনুমোদনে দুর্বলতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হইতেছে। ইহাতে একদিকে যেমন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার জন্য সঠিক উন্নয়ন কার্যক্রম গ্রহণ সম্ভব হইতেছে না, অন্যদিকে সার্বিক অর্থনৈতিক উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখা যাইতেছে না।

৮.২ বিদ্যমান ব্যবস্থায় মন্ত্রণালয়/বিভাগ প্রদত্ত নীতিমালা/নির্দেশনার ভিত্তিতে সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে উন্নয়ন প্রকল্পের রূপরেখা/খসড়া প্রকল্প সারসংক্ষেপ প্রণয়ন করিয়া মন্ত্রণালয়/বিভাগের নিরীক্ষা ও বিবেচনার জন্য উপস্থাপন করা হয়। কিন্তু বেশ কিছু সংস্থা/প্রতিষ্ঠানে আদৌ কোন পরিকল্পনা ইউনিট নাই। আর যে সকল সংস্থা/প্রতিষ্ঠানে পরিকল্পনা ইউনিট বিদ্যমান আছে উহাদের অধিকাংশ ক্ষেত্রেই উন্নয়ন প্রকল্প চিহ্নিত ও প্রণয়নের জন্য বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ জনবলের দারুন ঘাটতি রহিয়াছে। এই প্রেক্ষিতে একদিকে যেমন বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানে নূতন পরিকল্পনা ইউনিট সৃষ্টি কিংবা বিদ্যমান পরিকল্পনা ইউনিটের পুনর্বিন্যাস করিতে হইবে অন্যদিকে সার্বজনিক (full time) ও চাকুরী করা কালীন (on the job) ব্যাপক প্রশিক্ষণের মাধ্যমে প্রকল্প চিহ্নিত ও প্রণয়নের কাজে প্রতিটি সংস্থা/প্রতিষ্ঠানে দক্ষ জনবল সৃষ্টির একটি সমন্বিত উদ্যোগ গ্রহণ করিতে হইবে। এই জন্য পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীতে প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রম চালু করিতে হইবে। এই ব্যবস্থায় উন্নয়ন প্রকল্প চিহ্নিত ও প্রণয়নের জন্য সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে একটি স্থায়ী জনবল সৃষ্টি হইবে, যাহারা ক্রমান্বয়ে অভিজ্ঞতা লাভের মাধ্যমে দক্ষ জনবলে পরিণত হইবে।

৮.৩ বিদ্যমান প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়নের আর একটি দুর্বলতা হইল যে, উন্নয়ন প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হইতে একদিকে যেমন সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে অধিকাংশ ক্ষেত্রে নীতিমালা/নির্দেশনা প্রদান করা হয়না, অন্যদিকে সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে প্রণীত প্রকল্প সারসংক্ষেপ/ছক মন্ত্রণালয়/বিভাগে যথাযথ ভাবে নিরীক্ষা করা হয় না। এই ক্ষেত্রেও মন্ত্রণালয়/বিভাগে প্রশিক্ষণ প্রাপ্ত পর্যাপ্ত লোকবলের অভাবই মূল কারণ বলিয়া পরিগণিত হইয়াছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা ইউনিটসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে ইতিমধ্যে অর্থ কমিটি প্রয়োজনীয় পুনর্বিন্যাসের সুপারিশ করিয়াছে। আশা করা যায় ইহাতে উন্নয়ন প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়নে আত্মাধীন সংস্থা/প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় দিকনির্দেশনাসহ উহাদের নিরীক্ষার ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের জনবলের সংখ্যা ও দক্ষতা অনেকাংশে বর্ধিত হইবে।

৮.৪ বর্তমানে বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নের প্রাক্কালে বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠান হইতে প্রয়োজনীয় উপাত্ত/তথ্যাবলী বিচার বিশ্লেষণ ব্যতিরেকে তাড়াহুড়া করিয়া প্রকল্প সারণ্য/প্রকল্প ছক প্রণয়ন পূর্বক পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিতব্য প্রোগ্রামিং কমিটির বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়। কোন কোন ক্ষেত্রে এই সকল প্রকল্প প্রস্তাব সরাসরি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। ফলে সময়ের অভাবে প্রকল্পসমূহের বাছাই, নিরীক্ষা ও অধ্যাদিকার নির্ণয়ে মন্ত্রণালয়/বিভাগ এর পরিকল্পনা ইউনিট যথাযথ ভূমিকা রাখিতে পারে না। এই ধারা (trend) পরিবর্তন করার লক্ষ্যে সাধারণ নিয়মে প্রেক্ষিত পরিকল্পনায় প্রদত্ত উদ্দেশ্যাবলীর সহিত সামঞ্জস্য রাখিয়া প্রকল্পের রূপরেখা প্রণয়ন পূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের/বিভাগের পরিকল্পনা উইং/ব্রাঞ্চ এ প্রেরণ করা যাইতে পারে। অতঃপর প্রয়োজনীয় উপাত্ত/তথ্যাবলী বিশ্লেষণ পূর্বক মন্ত্রণালয়/বিভাগের সহিত আলোচনার মাধ্যমে একটি বাস্তবভিত্তিক ব্যয়, সময়কাল ও উদ্দেশ্যাবলী সম্বলিত প্রকল্প সারণ্য/প্রকল্প ছক চূড়ান্ত করিয়া মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা যাইতে পারে।

৮.৫ বর্তমান ব্যবস্থায় প্রকল্প চিহ্নিতকরণ, প্রণয়ন ও অনুমোদনের পরই সাধারণতঃ প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। ফলে একদিকে যেমন প্রকল্পের যৌক্তিকতা, উদ্দেশ্যাবলী, ইত্যাদি বিষয়ে পূর্বাঙ্কে প্রকল্প পরিচালক কোন ধারণা লাভ করেন না, অন্যদিকে অধিকাংশ ক্ষেত্রেই যথাযথভাবে প্রকল্প বাস্তবায়ন না হওয়ার দরুন প্রকল্প চিহ্নিতকরণ ও প্রণয়নের দূর্বলতা সমূহকে দায়ী করিয়া প্রকল্প পরিচালক তাহার দায়িত্ব এড়াইয়া যাইতে সক্ষম হন। কাজেই প্রকল্পের রূপরেখা প্রণয়নের পরপরই স্থায়ী লোকবল হইতে খন্ড কালীন প্রকল্প পরিচালক নিয়োগ করিয়া প্রকল্প দলিল প্রণয়নে তাহাকে সম্পৃক্ত করা যাইতে পারে। প্রকল্প বাস্তবায়ন শুরুর প্রাক্কালে উক্ত খন্ডকালীন প্রকল্প পরিচালককে সার্বক্ষণিক প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করা যাইতে পারে।

৮.৬ প্রকল্পের দ্রুত অনুমোদনের জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রতিষ্ঠানের পরিকল্পনা ইউনিট কে শক্তিশালীকরণ ছাড়াও পরিকল্পনা কমিশনের বর্তমান কাঠামো এবং অনুসৃত পদ্ধতিরও কিছু পরিবর্তন/পুনর্বিব্যাসের প্রয়োজন হইবে। এই সকল পরিবর্তন/পুনর্বিব্যাসের বিষয়ে এক কমিটি হইতে আলাদা ভাবে সুপারিশ প্রদান করা হইবে।

৯। জবাবদিহিতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা :

৯.১ বর্তমানে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জবাবদিহিতা ও স্বচ্ছতার খুব অভাব পরিলক্ষিত হইতেছে। কাহার নিকট কোন কাজের জন্য কে জবাবদিহি হইবে তাহার কোন সুনির্দিষ্ট নীতিমালা নাই। তাহাছাড়া জবাবদিহিতার ক্ষেত্রে অধিক ধাপের কারণে অধিকাংশ ক্ষেত্রেই দূর্বভাবে ইহার প্রয়োগ হইতেছে না। এই প্রেক্ষিতে কেবলমাত্র তিনটি ধাপের একটি জবাবদিহিতার প্রস্তাব করা যাইতেছে। প্রকল্প বাস্তবায়নের যাবতীয় কার্যাবলীর জন্য প্রকল্প পরিচালক সংস্থা/প্রতিষ্ঠান প্রধানের নিকট দায়ী থাকিবেন এবং সংস্থা/প্রতিষ্ঠান-প্রধান ইহার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রধানের নিকট দায়ী থাকিবেন। তবে বৈদেশিক অর্থের সংস্থান, বৈদেশিক চুক্তি সম্পাদন, বিদেশ হইতে মালামাল আমদানি, স্থানীয় মূল্যের অসঙ্গতি, ভূমি অধিগ্রহণ ও দখল নেওয়া, ইত্যাদি যে সকল কার্যাদি সম্পাদন একমুখ্যভাবে প্রকল্প পরিচালক/সংস্থা প্রধান এর উপর নির্ভরশীল নয়, উহাদের ক্ষেত্রে প্রকল্প পরিচালক/সংস্থা প্রধানের জবাবদিহিতার ধারণা ও মাথা নির্ণয়ের প্রয়োজন হইবে।

৯.২ যথাযথ ও সুষ্ঠু প্রকল্প বাস্তবায়নের জন্য জবাবদিহিতা ছাড়াও প্রকল্পের সামগ্রিক কর্মকান্ডের একটি সার্বক্ষণিক স্বচ্ছতা একান্ত আবশ্যিক। ইহাতে আপচক্ষরোধ ছাড়াও কাজের মান উন্নত হইবে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা প্রদর্শনের প্রাথমিক পদক্ষেপ হিসাবে

প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা, মুখ্য উদ্দেশ্যাবলী, প্রকল্পের প্রধান অংশসমূহ, মোট ও অংশ ভিত্তি প্রাক্কলিত ব্যয়, নির্মাতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (যদি থাকে), উপদেষ্টা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (যদি থাকে), প্রকল্প পরিচালকের নাম ও ঠিকানা, ইত্যাদি তথ্যাবলী সম্বলিত এক বা একাধিক প্রদর্শনী ফলক (Sign Board) প্রকল্প এলাকায় সর্ব সাধারণের জ্ঞাতার্থে স্থাপন করা যাইতে পারে। ইহা ছাড়া প্রকল্প বাস্তবায়নের ফলে প্রত্যক্ষ কিংবা পরোক্ষ ভাবে উপকৃত/ক্ষতিগ্রস্ত হইবে এমন জনগোষ্ঠীর সকলস্তরের প্রতিনিধি সহ মাঠ পর্যায়ে একটি কমিটি গঠন করা যাইতে পারে। কমিটি প্রকল্পের ধরণ অনুসারে একটি নির্দিষ্ট স্থানে কিংবা একাধিক স্থানে অন্তত তিনমাসে একবার সভায় মিলিত হইয়া প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সমস্যাাবলী (যদি থাকে) নিয়া আলোচনা করিয়া সমাধানের উদ্যোগ গ্রহণ করিবে। বড় প্রকল্পের ক্ষেত্রে বৎসরে একবার সাধারণ জনসভাও আহ্বান করা যাইতে পারে। প্রকল্পের বাস্তবায়ন কালের উপর নির্ভর করিয়া ঐম্যাসিক/ষান্মাসিক/বাৎসরিক অগ্রগতি প্রতিবেদন, প্রায়নের মাধ্যমেও প্রকল্পের কাজে স্বচ্ছতা আনয়ন করা যাইতে পারে।

১০। পুরস্কার ও শাস্তি :

১০.১ ভাল কাজের জন্য পুরস্কার এবং খারাপ কাজের জন্য শাস্তির ব্যবস্থা রাখা হইলে প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের সম্ভবনা বৃদ্ধি পাইবে। এই ক্ষেত্রে কাজের মান বজায় রাখিয়া প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য আর্থিক উৎসাহ (incentive) প্রদান করা যাইতে পারে। তবে যথাযথ মূল্যায়ন পূর্বক প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন না হইলেও ভাল কাজের জন্য কিছু আর্থিক উৎসাহ প্রদান করা যাইতে পারে। প্রকল্প সমাপ্তির জন্য যে সকল অস্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী শেষ হইয়া যাইবে তাহাদের কাজের যথাযথ মূল্যায়ন পূর্বক প্রতি ১ বৎসর চাকুরীর জন্য ১ মাসের বেতন এর সমপরিমাণ আর্থিক সুবিধা প্রদান করা যাইতে পারে। ইহা ছাড়া স্থায়ী ও অস্থায়ী উভয় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের সফল প্রকল্প বাস্তবায়নের জন্য সনদপত্র প্রদান করা যাইতে পারে।

১০.২ পুরস্কার প্রদানের সাথে সাথে খারাপ কাজের জন্য শাস্তির ব্যবস্থা না রাখা হইলে প্রকল্পের কাজে দায়বদ্ধতা বৃদ্ধি পাইবে না। প্রকল্প পরিচালককে প্রকল্পের কাজে নিয়োজিত অন্যান্য সকল কর্মকর্তা/কর্মচারীদের খারাপ কাজের জন্য বেতন স্থগিত, বর্ধিত বেতন বন্ধ, ছুটি স্থগিত/বন্ধ, ইত্যাদি শাস্তির ক্ষমতা অর্পন করা যাইতে পারে। একইভাবে প্রকল্প পরিচালকের খারাপ কাজের জন্য সংস্থা প্রধানকে শাস্তি দানের ক্ষমতা দেওয়া যাইতে পারে।

১১। সুপারিশমালা

১১.১ উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন সুষ্ঠুভাবে তত্ত্বাবধান/আবহিমানের জন্য বাছাইকৃত ৫১টি প্রতিষ্ঠানে (পারিশিষ্ট-‘খ’ এ অন্তর্ভুক্ত) কর্মকর্তা পর্যায়ে (বেতন গ্রেড-৯ পর্যন্ত) প্রয়োজনীয় ন্যূনতম জনবল স্থায়ীভাবে নিয়োগদানের উদ্দেশ্যে প্রতিষ্ঠান ভিত্তি মোট কর্মকর্তার ১০% ছুটি, প্রশিক্ষণ ও প্রশিক্ষণ জনিত পদ সৃষ্টি করা যাইতে পারে (অনুচ্ছেদ-৭.১ ও ৭.৬)।

১১.২ গড় প্রাক্কলিত ব্যয় অনুসারে উন্নয়ন প্রকল্পসমূহকে ক্যাটগরী-‘ক’, ক্যাটগরী-‘খ’ এবং ক্যাটগরী-‘গ’ তে বিভক্ত করতঃ প্রকল্পওয়ারী যথাক্রমে ৪, ৩ ও ২ জন কর্মকর্তা পর্যায়ের জনবলের ভিত্তিতে প্রতিষ্ঠান ভিত্তি মোট জনবলের সংখ্যা নির্ধারিত হইবে (অনুচ্ছেদ-৭.২ ও ৭.৩ এবং পারিশিষ্ট-‘খ’ ও ‘গ’)

১১.৩ উন্নয়ন প্রকল্পের তত্ত্বাবধান/অদারকি সংক্রান্ত কর্মকর্তা পর্যায়ের লোকবলের মধ্যে প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক ও উপ-প্রকল্প পরিচালক পদসমূহ সদ-সদ প্রতিষ্ঠানের আওতাধীন ক্যাডার হইতে এবং বিসিএস (ইকনমিক) ক্যাডার হইতে পূরণ করা যাইতে পারে। সিনিয়র মূল্যায়ন কর্মকর্তা ও মূল্যায়ন কর্মকর্তার পদসমূহ বিসিএস (ইকনমিক) ক্যাডার হইতে এবং হিসাব রক্ষণ কর্মকর্তার পদ বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডার হইতে প্রেষণের মাধ্যমে পূরণ করা যাইতে পারে (অনুচ্ছেদ-৭.৪)।

১১.৪ কোন নির্দিষ্ট বৎসরের প্রকল্প সংখ্যার উপর ভিত্তি করিয়া প্রয়োজনবোধে প্রেষণের মাধ্যমে কর্মকর্তা পর্যায়ের অতিরিক্ত লোকবলের চাহিদা পূরণ কিংবা নির্ধারিত বেতনে চুক্তি ভিত্তি অতিরিক্ত লোকবল নিয়োগ করা যাইবে (অনুচ্ছেদ-৭.৩)।

১১.৫ উন্নয়ন প্রকল্পের যাবতীয় দাপ্তরিক সেবা (বেতন গ্রেড-১০ ও নিম্নের কর্মচারীদের দ্বারা প্রদত্ত সেবা) যথা, কম্পিউটার কম্পোজ, টাইপ, গাড়ীচালনা, চিঠি-পত্রের আদান-প্রদান, সাইকেলস্টাইল, ফটোকপি, পরিস্কার পরিচ্ছন্নতা, নিরাপত্তা ইত্যাদি বেসরকারী খাত হইতে দরপত্রের মাধ্যমে বাৎসরিক ভিত্তিতে গ্রহণ করা যাইতে পারে (অনুচ্ছেদ-৭.৮)।

১১.৫ মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণ স্ব-পদে বহাল থাকিয়া উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক কিংবা উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নে সরাসরি নিয়োজিত হইতে পারিবেন না। খাত বিহীন কিংবা দুই/তিনটি খাত/সংস্থায় বিস্তৃত প্রকল্পের ক্ষেত্রে অধিন কোন সংস্থা হইতে জ্যেষ্ঠ ও উপযুক্ত একজন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক নিয়োজিত করা যাইতে পারে। বিকল্প হিসাবে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে নির্ধারিত বেতনে চুক্তি ভিত্তি প্রকল্প পরিচালকসহ অন্যান্য লোকবল নিয়োগ করা যাইতে পারে (অনুচ্ছেদ-৭.৬)।

১১.৬ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সহিত সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে নতুন পরিকল্পনা ইউনিট সৃষ্টি কিংবা বিদ্যমান পরিকল্পনা ইউনিটের পুনর্নিবন্যাস করিতে হইবে। পরিকল্পনা ইউনিটে কর্মরত কর্মকর্তাদের সার্বজনিক ও চাকুরী কয়াকালীন ব্যাপক প্রশিক্ষণের মাধ্যমে উন্নয়ন প্রকল্প চিন্তিত ও প্রণয়নের কাজে প্রতিটি প্রতিষ্ঠানের মাধ্যমে উন্নয়ন প্রকল্প চিন্তিত ও প্রণয়নের কাজে প্রতিটি প্রতিষ্ঠানে দক্ষ জনবল সৃষ্টির একটি সমন্বিত উদ্যোগ গ্রহণ করিতে হইবে (অনুচ্ছেদ-৮.২)।

১১.৭ প্রকল্পের রূপরেখা প্রণয়নের পরপরই স্থায়ী লোকবল হইতে প্রকল্প পরিচালক মনোনীত (designate) করিয়া প্রকল্প দলিল প্রণয়নে তাহাকে সম্পৃক্ত করিতে হইবে এবং প্রকল্প বাস্তবায়ন শুরুর প্রাক্কালে মনোনীত প্রকল্প পরিচালককে সার্বজনিক প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগ করিতে হইবে (অনুচ্ছেদ-৮.৫)।

১১.৮ উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নের ক্ষেত্রে কেবলমাত্র তিনটি ধাপের একটি জবাবদিহিতা থাকিবে। প্রকল্প বাস্তবায়নের যাবতীয় কার্যাবলীর জন্য প্রকল্প পরিচালক সংস্থা/প্রতিষ্ঠান প্রধানের নিকট দায়ী থাকিবেন এবং সংস্থা/প্রতিষ্ঠান প্রধান ইহার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রধানের নিকট দায়ী থাকিবেন (অনুচ্ছেদ-৯.১)।

১১.৯ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা প্রদর্শনের জন্য প্রকল্পের উল্লেখযোগ্য তথ্যাবলী সমন্বিত এক বা একাধিক প্রদর্শনী ফলক (Sign Board) প্রকল্প এলাকায় সর্ব সাধারণের জ্ঞাতার্থে স্থাপন করিতে হইবে (অনুচ্ছেদ-৯.২)।

১১.১০ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রত্যক্ষ কিংবা পরোক্ষ ভাবে উপকৃত/ক্ষতিগ্রস্ত হইবে এমন জনগোষ্ঠীর সকল স্তরের প্রতিনিধিসহ মাঠ পর্যায়ে প্রতিটি প্রকল্পের জন্য একটি কমিটি গঠন করিতে হইবে। প্রকল্পের ধরণ অনুসারে কমিটি একটি নির্দিষ্ট স্থানে কিংবা একাধিক স্থানে তিনমাস অন্তর একবার সভায় মিলিত হইয়া প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সমস্যাধর্মী নিয়া আলোচনা করিয়া উহাদের সমাধানের উদ্যোগ গ্রহণ করিবে (অনুচ্ছেদ-৯.২)।


১১.১১ প্রকল্পের বাস্তবায়ন কালের উপর ভিত্তি করিয়া ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন করতঃ বাস্তবায়ন পর্যালোচনা কমিটিসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করিতে হইবে (অনুচ্ছেদ-৯.২)।

১১.১২ উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নে কাজের মান বজায় রাখিয়া প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করার জন্য আর্থিক উৎসাহ (incentive) প্রদান করা যাইতে পারে। তবে যথাযথ মূল্যায়ন পূর্বক প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত না হইলেও ভাল কাজের জন্য কিছু আর্থিক উৎসাহ প্রদান করা যাইতে পারে (অনুচ্ছেদ-১০.১)।

১১.১৩ প্রকল্প সমাপ্তির জন্য যে সকল অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীর চাকুরী শেষ হইয়া যাইবে তাহাদের কাজের যথাযথ মূল্যায়ন পূর্বক প্রতি ১ বৎসর চাকুরীর জন্য ১ মাসের বেতনের সমপরিমাণ আর্থিক সুবিধা প্রদান করা যাইতে পারে (অনুচ্ছেদ-১০.১)।

১১.১৪ সফল প্রকল্প বাস্তবায়নের জন্য স্থায়ী ও অস্থায়ী উভয় ধরনের কর্মকর্তা ও কর্মচারীদের কাজের যথাযথ মূল্যায়ন পূর্বক সনদ পত্র প্রদান করা যাইতে পারে (অনুচ্ছেদ-১০.১)।

১১.১৫ প্রকল্প পরিচালককে প্রকল্পের কাজে নিয়োজিত অন্যান্য সকল কর্মকর্তা/কর্মচারীদের খারাপ কাজের জন্য বেতন স্থগিত, বর্ধিত বেতন বন্ধ, ছুটি স্থগিত/বন্ধ ইত্যাদি শাস্তির ক্ষমতা অর্পণ করিতে হইবে। একইভাবে প্রকল্প পরিচালকের অক্ষমতা ও খারাপ কাজের জন্য সংস্থা প্রধানকে ব্যবস্থা গ্রহণের ক্ষমতা অর্পণ করিতে হইবে (অনুচ্ছেদ-১০.২)।


(ম. নূরউন নবী চৌধুরী)
চেয়ারম্যান
প্রশাসনিক পুনর্বিবর্তন কমিটি

মন্ত্রালয়/বিভাগ/সংস্থা জোড়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত বিনিয়োগ প্রকল্প সংখ্যা
১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩

ক্রমিক নং	মন্ত্রালয়/বিভাগ/সংস্থা	বিনিয়োগ প্রকল্পের সংখ্যা			: জি : বৎসরের : গড়	: গড় হইতে : ব্যাপ্ত : (Range)
		১৯৯০-৯১	১৯৯১-৯২	১৯৯২-৯৩		
০০১	স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রালয় (স্বীয়)	৫৯	৬২	৫৯	৫৪	৮
০০২	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	৩৬	৩৫	৩৫	৩৫	১
০০৩	সড়ক ও জনপথ অধিদপ্তর	৩২	৩৭	৩৪	৩৪	৩
০০৪	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	২৮	২৯	৩২	৩৩	২
০০৫	পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রালয় (স্বীয়)	২৩	২৭	২৩	২৪	৩
০০৬	পেট্রোবাংলা	১৮	১৯	১৯	১৯	১
০০৭	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	১৫	১৫	১৫	১৫	১
০০৮	বাংলাদেশ রেলওয়ে	১৩	১৫	১৪	১৫	৩
০০৯	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	১০	১১	৮	১০	৬
০১০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১৫	১৩	১৪	১৪	১
০১১	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	১২	১৪	১৩	১৩	১
০১২	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	১৫	১৩	১১	১৩	২
০১৩	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন	১১	২	১১	১১	২
০১৪	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ —প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ (স্বীয়)	৬	১০	১৫	১১	৫
০১৫	স্বাস্থ্য সেবা অধিদপ্তর	১০	১১	১০	১১	২
০১৬	পল্লী বিদ্যুতায়ন বোর্ড	৮	২	১১	১০	২
০১৭	মৎস্য অধিদপ্তর	১০	১০	২	১০	১
০১৮	বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা	১১	২	২	১০	১
০১৯	খাদ্য অধিদপ্তর	৬	১১	১১	২	৩
০২০	টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড	৮	১১	২	২	২
০২১	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ	৭	১০	২	২	২
০২২	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	২	৭	২	৮	১
০২৩	কন অধিদপ্তর	২	৭	৮	৮	১
০২৪	মহিলা বিষয়ক পরিদপ্তর	৭	৮	২	৮	১
০২৫	কৃষি মন্ত্রালয় (স্বীয়)	৬	২	৭	৭	২
০২৬	কৃষি সম্পদাধার অধিদপ্তর	৫	৮	২	৭	২
০২৭	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো/ পরিসংখ্যান বিভাগ (স্বীয়)	৮	৬	৭	৭	১
০২৮	শিক্ষা বিভাগ (স্বীয়)	৭	৮	৬	৭	১
০২৯	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো	৪	২	৭	৭	৩
০৩০	ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ	৩	৭	৭	৬	৩
০৩১	পশু সম্পদ অধিদপ্তর	৬	৭	৬	৬	১
০৩২	বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান	৫	৫	৫	৫	০
০৩৩	রেডিও বাংলাদেশ	৫	৪	৬	৫	১
০৩৪	বাংলাদেশ অভ্যন্তরীণ জল পরিবহন সংস্থা	৪	৬	৫	৫	১
০৩৫	পরিকল্পনা বিভাগ/কমিশন (স্বীয়)	৬	৬	৩	৫	২
০৩৬	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ	৩	৬	৭	৫	২
০৩৭	জাতীয় ব্রিডা পরিষদ	৫	৪	৭	৫	২

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	বিনিয়োগ প্রকল্পের সংখ্যা			তিন	গড় হইতে
		: বৎসরের			ব্যাপ্ত	
		১৯৯০-৯১	১৯৯১-৯২	১৯৯২-৯৩	গড়	(Range)
০৮৮	বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন	৪	৭	৪	৫	২
০৮৯	দমল ও বেসরকারী প্রতিরক্ষা অধিদপ্তর	৬	৪	৬	৫	১
০৯০	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ	৪	৪	৩	৪	১
০৯১	গাংতু অধিদপ্তর	৭	৩	৩	৪	৩
০৯২	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	৩	৩	৫	৪	১
০৯৩	ফুলবা উন্নয়ন কর্তৃপক্ষ	২	৪	৫	৪	২
০৯৪	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	১	৫	৫	৪	৩
০৯৫	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন	৫	৩	৩	৪	১
০৯৬	যুব উন্নয়ন অধিদপ্তর	৩	৪	৫	৪	৩
০৯৭	কার্বিকশী শিক্ষা অধিদপ্তর	৫	৪	৪	৪	১
০৯৮	সংস্থাপন মন্ত্রণালয় (স্বীয়)	৪	৪	৫	৪	১
০৯৯	ঢাকা সিটি কর্পোরেশন	৬	৩	৪	৪	৩
১০০	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	১	৪	৮	৪	৪
১০১	ঢাকা স্কোয়া	০	৬	৭	৪	১

৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপ-মোট :		৪৮৬ (৮২%)	৫৪৫ (৮২%)	৫৫৫ (৮২%)	৫৩০ (৮২%)
০১২	বাংলাদেশ টেলিভিশন	২	৩	৪	৩
০১৩	ফুলা বন্দর কর্তৃপক্ষ	৪	৩	৩	৩
০১৪	গৃহ সংস্থান অধিদপ্তর	৪	২	৩	৩
০১৫	বাংলাদেশ হ্যান্ডল্ডুম বোর্ড	৩	৪	৩	৩
০১৬	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	২	৩	৩	৩
০১৭	ভূমি মন্ত্রণালয় (স্বীয়)	৩	৩	৩	৩
০১৮	বাংলাদেশ স্টীল ও ইন্ডিস্ট্রিয়ালিং সংস্থা	৪	৪	১	৩
০১৯	আনবিক শক্তি কমিশন	২	২	৫	৩
০২০	বাংলা একাডেমী	২	৩	৩	৩
০২১	প্রযুক্তি অধিদপ্তর	৩	৩	৪	৩
০২২	আর্থনৈতিক সম্পর্ক বিভাগ	২	২	২	২
০২৩	বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল	২	২	২	২
০২৪	বাংলাদেশ ডাক অধিদপ্তর	১	২	৪	২
০২৫	এগ ও পুনর্বাসন মন্ত্রণালয় (স্বীয়)	১	২	৩	২
০২৬	বাংলাদেশ কন গবেষণা প্রতিষ্ঠান	১	২	৪	২
০২৭	পরিবেশ অধিদপ্তর	২	২	২	২
০২৮	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড	২	২	১	২
০২৯	বাংলাদেশ চা বোর্ড	৩	৩	০	২
০৩০	টেক্সটাইল কর্পোরেশন অর বাংলাদেশ	৩	২	১	২
০৩১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (স্বীয়)	২	২	১	২
০৩২	কোম্পা গভর্নিং বোর্ড	২	২	১	২
০৩৩	মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় (স্বীয়)	২	২	২	২
০৩৪	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	১	৩	২	২
০৩৫	ফুলবা বহুমুখী সেতু কর্তৃপক্ষ	২	২	২	২
০৩৬	বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট	১	২	৩	২
০৩৭	বাংলাদেশ বৈজ্ঞানিক ও শিল্প গবেষণা কেন্দ্র	২	২	২	২
০৩৮	জাতীয় গ্রন্থ কেন্দ্র	১	২	২	২
০৩৯	চট্টগ্রাম সিটি কর্পোরেশন	১	৩	২	২
০৪০	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা	২	২	২	২

ক্রমিক সং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	বিনিয়োগ প্রকল্পের সংখ্যা			গড় হইতে ব্যাপ্তি (Range)
		১৯৯০-৯১	১৯৯১-৯২	১৯৯২-৯৩	
০৮১	বাংলাদেশ পর্যটন কর্পোরেশন	১	০	৪	২
০৮২	অর্থ বিভাগ (স্বীয়)	১	১	১	০
০৮৩	মুক্তি সম্পদ উন্নয়ন প্রতিষ্ঠান	১	২	১	১
০৮৪	জুলা উন্নয়ন বোর্ড	১	১	১	০
০৮৫	বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান	১	১	১	০
০৮৬	বাংলাদেশ পাট গবেষণা প্রতিষ্ঠান	১	১	১	০
০৮৭	বাংলাদেশ আনবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান	২	১	১	১
০৮৮	স্নাতকোত্তর কৃষি শিক্ষা প্রতিষ্ঠান	১	১	১	০
০৮৯	বীজ অনুমোদন সংস্থা	১	১	১	০
০৯০	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ	০	১	১	১
০৯১	আইন, ক্রিয়ার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (স্বীয়)	০	২	২	১
০৯২	মেরিন একাডেমি	০	২	২	১
০৯৩	সমুদ্র পরিবহন অধিদপ্তর	০	২	১	১
০৯৪	বাংলাদেশ শিপিং কর্পোরেশন	৩	০	০	২
০৯৫	বাস্তবায়ন পরীক্ষা ও মূল্যায়ন বিভাগ	১	১	১	০
০৯৬	বাংলাদেশ বন শিল্প উন্নয়ন অধিদপ্তর	০	১	২	১
০৯৭	বাংলাদেশ পার্টিবল সংস্থা	১	১	০	১
০৯৮	বাসস্থান ও ইমারত গবেষণা ইনস্টিটিউট	০	১	১	১
০৯৯	প্রতিরক্ষা মন্ত্রণালয় (স্বীয়)	০	১	১	১
১০০	আবহুতা অধিদপ্তর	১	১	২	১
১০১	বাংলাদেশ জাতীয় ক্যারিয়ার কোর	১	০	১	১
১০২	বন্দ্র মন্ত্রণালয় (স্বীয়)	০	১	১	১
১০৩	বাংলাদেশ বন্দ্র শিল্প সংস্থা	০	১	১	১
১০৪	সাধারণ বীমা কর্পোরেশন	১	০	০	১
১০৫	বাংলাদেশ ডু-তারি জরীপ অধিদপ্তর	১	১	১	০
১০৬	বাংলাদেশ আনবিক শক্তি কমিশন	১	১	০	১
১০৭	ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ	০	১	১	১
১০৮	মন্ত্রী পরিষদ বিভাগ (স্বীয়)	০	১	১	১
১০৯	বাংলাদেশ মৎস গবেষণা ইনস্টিটিউট	১	১	১	০
১১০	বাংলাদেশ পশু সম্পদ গবেষণা প্রতিষ্ঠান	১	১	১	০
১১১	মহিলা বিষয়ক মন্ত্রণালয়	১	১	০	১
১১২	কৃষি অধিদপ্তর	১	১	২	১
১১৩	বাংলাদেশ কৃষি শিক্ষা প্রতিষ্ঠান	১	১	১	০
১১৪	বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা	১	০	১	১
১১৫	কিটাক থলমা	১	০	১	১
১১৬	বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ (স্বীয়)	১	১	১	০
১১৭	জাতীয় বিজ্ঞান যাদুঘর	২	১	১	১
১১৮	ব্যান্সজক	০	১	১	১
১১৯	শ্রম অধিদপ্তর	২	০	১	১
১২০	বলকারখানা পরিদর্শন পরিদপ্তর	০	০	৩	২
১২১	গন-গ্রন্থাগার অধিদপ্তর	২	১	১	১
১২২	শিল্পকলা একাডেমি	১	১	২	১
১২৩	উপ-জাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট	২	১	১	১
১২৪	আরকাইভস অধিদপ্তর	০	১	১	১
১২৫	নজরুল ইনস্টিটিউট	০	১	১	১

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	বিনিয়োগ প্রকল্পের সংখ্যা			বৎসরের গড়	গড় হইতে ব্যাপ্ত (Range)
		১৯৯০-৯১	১৯৯১-৯২	১৯৯২-৯৩		
১২৬	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর	০	২	১	১	১
১২৭	পুলিশ অধিদপ্তর	১	০	৩	১	২
১২৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (স্বীয়)	১	১	১	১	০
১২৯	বাংলাদেশ বিমান	১	১	২	১	১
১৩০	বাংলাদেশ কৃষি ব্যাংক	০	১	০	০	১
১৩১	গম-সংযোগ অধিদপ্তর	১	০	০	০	১
১৩২	পরিকল্পনা ও উন্নয়ন এজেন্সী	১	০	০	০	১
১৩৩	ক্যাডেট কলেজ গভর্নিং বোর্ড	০	১	০	০	১
১৩৪	স্পোর্টস	০	১	০	০	১
১৩৫	বস্ত্র দপ্তর	০	০	১	০	১
১৩৬	বাংলাদেশ চার্টার্ড এয়ারলাইন্স	০	০	১	০	১
১৩৭	আইবিএ	০	০	১	০	১
১৩৮	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	০	১	০	০	১
১৩৯	বাংলাদেশ জাতীয় যাদুঘর	১	০	০	০	১
১৪০	সোনারগাঁও লোক ও কারু শিল্প ফাউন্ডেশন	১	০	০	০	১
১৪১	বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন	১	০	০	০	১
১৪২	চট্টগ্রাম জ্যাসা	০	০	১	০	১
১৪৩	বাংলাদেশ পল্লী উন্নয়ন এজেন্সী, কক্সবাজার	০	০	১	০	১
সর্বমোট :		৫৯৩	৬৬৫	৬৯৮	৬৭২	-

সূত্র : বাস্তবায়ন পরীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ।

পরিশিষ্ট- 'খ'

বাছাইকৃত ৫১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালের
বার্ষিক উন্নয়ন কর্মসূচীভুক্ত বিনিয়োগ প্রকল্পের গড় প্রাক্কলিত ব্যয় ভিত্তিক শ্রেণী বিন্যাস

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)		
		ক্যাটেগরী-ক ১০০.০০ >	ক্যাটেগরী-খ ১০-১০০.০০	ক্যাটেগরী-গ < ১০.০০
০০১	স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বীয়)	৪	২৫	২৫
০০২	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	১১	২০	৪
০০৩	সড়ক ও জনপথ অধিদপ্তর	১১	১০	১০
০০৪	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	২২	৭	১
০০৫	পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বীয়)	৪	১০	১০
০০৬	পেট্রোবাংলা	২	৮	২
০০৭	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	৬	২	১
০০৮	বাংলাদেশ রেলওয়ে	৫	৬	৪
০০৯	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	২	২	৩
০১০	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১	১০	৩
০১১	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	১	৮	৪
০১২	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	৩	৮	২
০১৩	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন	০	৬	৫
০১৪	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ	৪	৭	০
০১৫	সমাজ সেবা অধিদপ্তর	০	৪	৭
০১৬	পল্লী বিদ্যুতায়ন বোর্ড	৫	৪	১
০১৭	মৎস্য অধিদপ্তর	১	৬	৩
০১৮	বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা	৪	৫	১
০১৯	খাদ্য অধিদপ্তর	১	৬	২
০২০	টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড	৪	৫	০
০২১	বাংলাদেশ জলবিদ্যুৎ উন্নয়ন বোর্ড-পরিবহন কন্ট্রোল	১	৬	২
০২২	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	৪	৪	০
০২৩	বন অধিদপ্তর	২	৩	৩
০২৪	মহিলা বিষয়ক পরিদপ্তর	০	১	৭
০২৫	কৃষি মন্ত্রণালয় (স্বীয়)	২	৪	১
০২৬	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	২	৫	০
০২৭	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো/ পরিসংখ্যান বিভাগ (স্বীয়)	০	২	৫
০২৮	শিক্ষা বিভাগ (স্বীয়)	০	৩	৪
০২৯	জনশিক্ষা, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো	০	১	৬
০৩০	ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ	০	০	৬
০৩১	পশু সম্পদ অধিদপ্তর	০	৩	৩
০৩২	বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান	০	৪	১
০৩৩	রেডিও বাংলাদেশ	০	২	৩
০৩৪	বাংলাদেশ জলবিদ্যুৎ উন্নয়ন বোর্ড-পরিবহন সংস্থা	১	৩	১
০৩৫	পরিকল্পনা বিভাগ/কমিশন (স্বীয়)	০	০	৫

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)		
		ক্যাটেগরী-ক ১০০.০০ >	ক্যাটেগরী-খ ১০-১০০.০০	ক্যাটেগরী-গ < ১০.০০
০৩৬	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ	০	১	৪
০৩৭	জাতীয় ক্রীড়া পরিষদ	০	২	৩
০৩৮	বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন	০	৩	২
০৩৯	দমকল ও বেসরকারী প্রতিরক্ষা অধিদপ্তর	০	০	৫
০৪০	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ	২	২	০
০৪১	গণপুত্র অধিদপ্তর	০	১	৩
০৪২	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	১	২	১
০৪৩	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ	০	২	২
০৪৪	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	০	১	৩
০৪৫	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন	২	১	১
০৪৬	যুব উন্নয়ন অধিদপ্তর	০	২	২
০৪৭	কারিগরি শিক্ষা অধিদপ্তর	১	২	১
০৪৮	সংস্থাপন মন্ত্রণালয় (স্বীয়)	০	৩	১
০৪৯	ঢাকা সিটি কর্পোরেশন	১	২	১
০৫০	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	১	১	২
০৫১	ঢাকা ওয়াশা	২	২	০
		১২০	২৪১	১৬১

বাছাইকৃত ৫৯টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রত্যাখিত উদ্যোগ/সেবা/অন্য কর্মসূচির স্থানীয় জনস্বার্থে বিভাজন

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম	পদের নাম/পদ সংখ্যা							মোট	মন্তব্য
		প্রাথমিক পরিচালক (৫/৬)	প্রাথমিক পরিচালক (৫/৬)	প্রাথমিক ব্যবস্থাপক (৫/৬)	উপ-প্রাথমিক পরিচালক (৫/৬)	সি. মূল্যায়ন কর্তৃপক্ষ (৫/৬)	মূল্যায়ন কর্তৃপক্ষ (৫/৬)	হিসাব রক্ষণ কর্তৃপক্ষ (৫/৬)		
০০১.	স্বাস্থ্য অধিদপ্তর/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সদ্য)	৪	২৫	২৫	৪	২৯	২৫	২৯	১৪৯	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০২.	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	১১	২০	৪	১১	৩১	৪	৩১	১২২	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০৩.	সড়ক ও জনপথ অধিদপ্তর	১১	২০	৩০	১১	২৯	৩০	২৯	১০০	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০৪.	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	২২	৭	১	২২	২৭	১	২৭	১১১	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০৫.	পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সদ্য)	৪	২০	২০	৪	২৬	২০	২৬	৬৬	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০৬.	পেট্রোবাংলা	৯	৮	১	৯	১৭	১	১৭	৭৭	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০৭.	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	৬	৯	১	৬	২৫	১	২৫	৫৩	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০৮.	বাংলাদেশ রেলওয়ে	৫	৬	৪	৫	১১	৪	১১	৪৬	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০০৯.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	২	৯	৩	২	১১	৩	১১	৪১	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		
০১০.	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	১	২০	৩	১	১১	৩	১১	৪০	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৬)	(৬)		

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম	পদের নাম/পদ সংখ্যা							সর্বমোট	মন্তব্য
		প্রম্প পরিচালক (হেড)	প্রম্প পরিচালক (হেড)	প্রম্প ব্যবস্থাপক (হেড)	উ-প্রম্প পরিচালক (হেড)	সি:মূল্যায়ন কর্মকর্তা (হেড)	মূল্যায়ন কর্মকর্তা (হেড)	হিসাব রক্ষা কর্মকর্তা (হেড)		
০১১.	বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	১ (৩/৪)	৮ (৪/৫)	৪ (৫/৬)	১ (৬)	৯ (৬)	৪ (৯)	৯ (৯)	৩৬	--
০১২.	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	৩ (৩/৪)	৮ (৪/৫)	২ (৫/৬)	৩ (৬)	১১ (৬)	২ (৯)	১১ (৯)	৪০	--
০১৩.	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন	০ (-)	৬ (৪/৫)	৫ (৫/৬)	০ (-)	৬ (৬)	৫ (৯)	৬ (৯)	২৮	--
০১৪.	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ (সদ্য)	৪ (৩/৪)	৭ (৪/৫)	০ (-)	৪ (৬)	১১ (৬)	০ (-)	১১ (৯)	৩৭	--
০১৫.	সমাজ সেবা অধিদপ্তর	০ (-)	৪ (৪/৫)	৭ (৫/৬)	০ (-)	৪ (৬)	৭ (৯)	৪ (৯)	২৬	--
০১৬.	পল্লী বিদ্যুতায়ন বোর্ড	৫ (৩/৪)	৪ (৪/৫)	১ (৫/৬)	৫ (৬)	৯ (৬)	১ (৯)	৯ (৯)	৩৪	--
০১৭.	মৎস্য অধিদপ্তর	১ (৩/৪)	৬ (৪/৫)	৩ (৫/৬)	১ (৬)	৭ (৬)	৩ (৯)	৭ (৯)	২৮	--
০১৮.	বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা	৪ (৩/৪)	৫ (৪/৫)	১ (৫/৬)	৪ (৬)	৯ (৬)	১ (৯)	৯ (৯)	৩৩	--
০১৯.	খাদ্য অধিদপ্তর	১ (৩/৪)	৬ (৪/৫)	২ (৫/৬)	১ (৬)	৭ (৬)	২ (৯)	৭ (৯)	২৬	--
০২০.	টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড	৪ (৩/৪)	৫ (৪/৫)	০ (-)	৪ (৬)	৯ (৬)	০ (-)	৯ (৯)	৩৩	--
০২১.	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ	১ (৩/৪)	৬ (৪/৫)	২ (৫/৬)	১ (৬)	৭ (৬)	২ (৯)	৭ (৯)	২৬	--

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম	পদের নাম/পদ সংখ্যা							সর্বমোট	মন্তব্য
		প্রাঙ্গণ পরিচালক (৫৫৬)	প্রাঙ্গণ পরিচালক (৫৫৬)	প্রাঙ্গণ ব্যবস্থাপক (৫৫৬)	উপ-প্রাঙ্গণ পরিচালক (৫৫৬)	সি.মূল্যায়ন কর্মকর্তা (৫৫৬)	মূল্যায়ন কর্মকর্তা (৫৫৬)	হিসাব রক্ষণ কর্মকর্তা (৫৫৬)		
০২২.	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন	৪ (৩/৪)	৪ (৪/৫)	০ (-)	৪ (৬)	৮ (৬)	০ (-)	৮ (৯)	২৪	
০২৩.	কন অধিদপ্তর	২ (৩/৪)	৩ (৪/৫)	৩ (৫/৬)	২ (৬)	৫ (৬)	৩ (৯)	৫ (৯)	২০	
০২৪.	মহিলা বিষয়ক পরিদপ্তর	০ (-)	১ (৪/৫)	৭ (৫/৬)	০ (-)	১ (৬)	৭ (৯)	১ (৯)	১৭	
০২৫.	কৃষি মন্ত্রণালয় (সদ্য)	২ (৩/৪)	৪ (৪/৫)	১ (৫/৬)	২ (৬)	৬ (৬)	১ (৯)	৬ (৯)	২২	
০২৬.	কৃষি সম্প্রদায়ক অধিদপ্তর	২ (৩/৪)	৫ (৪/৫)	০ (-)	২ (৬)	৭ (৬)	০ (-)	৭ (৯)	২০	
০২৭.	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো/ পরিসংখ্যান বিভাগ (সদ্য)	০ (-)	২ (৪/৫)	১ (৫/৬)	০ (-)	২ (৬)	৫ (৯)	২ (৯)	১৬	
০২৮.	শিক্ষা বিভাগ (সদ্য)	০ (-)	৩ (৪/৫)	৪ (৫/৬)	০ (-)	৩ (৬)	৪ (৯)	৩ (৯)	১৭	
০২৯.	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো	০ (-)	১ (৪/৫)	৬ (৫/৬)	০ (-)	১ (৬)	৬ (৯)	১ (৯)	১৫	
০৩০.	ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ	০ (-)	০ (-)	৬ (৫/৬)	০ (-)	০ (-)	৬ (৯)	০ (-)	১২	
০৩১.	পশু সম্পদ অধিদপ্তর	০ (-)	৩ (৪/৫)	৩ (৫/৬)	০ (-)	৩ (৬)	৩ (৯)	৩ (৯)	১৫	
০৩২.	বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান	০ (-)	৪ (৪/৫)	১ (৫/৬)	০ (-)	৪ (৬)	১ (৯)	৪ (৯)	১৪	

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম	পদের নাম/পদ সংখ্যা							সর্বমোট	মন্তব্য
		প্রবল পরিচালক (হেড)	প্রবল পরিচালক (হেড)	প্রবল ব্যবস্থাপক (হেড)	উপ-প্রবল পরিচালক (হেড)	সি. মূল্যায়ন কর্মকর্তা (হেড)	মূল্যায়ন কর্মকর্তা (হেড)	হিসাব রক্ষণ কর্মকর্তা (হেড)		
০০৩.	রেডিও বাংলাদেশ	০ (-)	২ (৪/৫)	৩ (৫/৬)	০ (-)	২ (৬)	৩ (৯)	২ (৯)	২২	--
০০৪.	বাংলাদেশ অভ্যন্তরীণ জল পরিবহন সংস্থা	১ (৩/৪)	৩ (৪/৫)	১ (৫/৬)	১ (৬)	৪ (৬)	১ (৯)	৪ (৯)	২৫	--
০০৫.	পরিবর্তন্য বিভাগ/কমিশন (সদ্য)	০ (-)	০ (-)	৫ (৫/৬)	০ (-)	০ (-)	৫ (৯)	০ (-)	১০	--
০০৬.	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ	০ (-)	১ (৪/৫)	৪ (৫/৬)	০ (-)	১ (৬)	৪ (৯)	১ (৯)	১১	--
০০৭.	জাতীয় ক্রীড়া পরিষদ	০ (-)	২ (৪/৫)	৩ (৫/৬)	০ (-)	২ (৬)	৩ (৯)	২ (৯)	২২	--
০০৮.	বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন	০ (-)	৩ (৪/৫)	২ (৫/৬)	০ (-)	৩ (৬)	২ (৯)	৩ (৯)	১০	--
০০৯.	দমল ও বেসরকারী প্রতিরক্ষা অধিদপ্তর	০ (-)	০ (-)	৫ (৫/৬)	০ (-)	০ (-)	৫ (৯)	০ (-)	১০	+
০১০.	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ	২ (৩/৪)	২ (৪/৫)	০ (-)	২ (৬)	৪ (৬)	০ (-)	৪ (৯)	১৪	--
০১১.	গমপুত্র অধিদপ্তর	০ (-)	১ (৪/৫)	৩ (৫/৬)	০ (-)	১ (৬)	৩ (৯)	১ (৯)	৯	--
০১২.	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ	১ (৩/৪)	২ (৪/৫)	১ (৫/৬)	১ (৬)	৩ (৬)	১ (৯)	৩ (৯)	১৬	--
০১৩.	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ	০ (-)	২ (৪/৫)	২ (৫/৬)	০ (-)	২ (৬)	২ (৯)	২ (৯)	১০	--

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম	পদের নাম/পদ সংখ্যা							সর্বমোট	মন্তব্য
		প্রাথমিক	প্রাথমিক	প্রাথমিক	উপ-প্রাথমিক	সি. মূল্যায়ন	মূল্যায়ন	হিসাব রক্ষা		
		পরিচালক	পরিচালক	ব্যবস্থাপক	পরিচালক	কর্মকর্তা	কর্মকর্তা	কর্মকর্তা		
		(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)		
০০৪.	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	০	১	৩	০	১	৩	১	৯	--
		(১)	(৪/৫)	(৫/৬)	(১)	(৬)	(৯)	(৯)		
০০৫.	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন	২	১	১	২	৩	১	৩	১০	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৯)	(৯)		
০০৬.	যুব উন্নয়ন অধিদপ্তর	০	২	২	০	২	২	২	১০	--
		(১)	(৪/৫)	(৫/৬)	(১)	(৬)	(৯)	(৯)		
০০৭.	কারিকরী শিক্ষা অধিদপ্তর	১	২	১	১	৩	১	৩	১২	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৯)	(৯)		
০০৮.	সংস্থাপন মন্ত্রণালয় (স্বাধীন)	০	৩	১	০	৩	১	৩	১১	--
		(১)	(৪/৫)	(৫/৬)	(১)	(৬)	(৯)	(৯)		
০০৯.	ঢাকা সিটি কর্পোরেশন	১	২	১	১	৩	১	৩	১২	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৯)	(৯)		
০১০.	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	১	১	২	১	২	২	২	১১	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৯)	(৯)		
০১১.	ঢাকা জেলা	২	২	০	২	৪	০	৪	১৪	--
		(৩/৪)	(৪/৫)	(১)	(৬)	(৬)	(১)	(৯)		
সর্বমোট		১২০	২৪০	১৫৬	১২০	১২৬	১২৬	১২৬	১০৫৮	--
		(৩/৪)	(৪/৫)	(৫/৬)	(৬)	(৬)	(৯)	(৯)		

প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি

প্রশাসনিক ও আর্থিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং
অধিদপ্তর/সংস্থার মধ্যে দায়িত্ব ও ক্ষমতার পুনর্বিন্যাস

ভূমিকা :

মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে অধিকতর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রদানের মাধ্যমে উহাদের দক্ষতা বৃদ্ধিকরণ বর্তমান সময়ের একটি বহুল আলোচিত বিষয়। এই সকল আলোচনায় অভিমত ব্যক্ত করা হয় যে, অধিদপ্তর/সংস্থা প্রধান ও অন্যান্য কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্ট কোন সরকারী প্রবিধান না থাকায় অনেক ক্ষেত্রে ছোট-খাটো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অধিদপ্তর/সংস্থা হইতে প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়, যাহা সিদ্ধান্ত গ্রহণে অযথা বিলম্ব ঘটায়। প্রাসংগিক আর একটি বিষয়ে মত প্রকাশ করা হয় যে, অধিদপ্তর/সংস্থা প্রধান কর্তৃক মন্ত্রী/সচিব পর্যায়ে সিদ্ধান্ত/স্বাক্ষরের জন্য যে সকল প্রস্তাব প্রেরণ করা হয়; তাহা মন্ত্রণালয়ে কর্মরত তাহাদের দুই/তিন ধাপ নিম্ন পর্যায়ের কর্মকর্তা কর্তৃক পরীক্ষিত হয় এবং অধিকাংশ ক্ষেত্রে নিম্ন পর্যায়ের কর্মকর্তার স্বাক্ষরে নূতন/অতিরিক্ত তথ্য সরবরাহ কিংবা স্পষ্টিকরণের জন্য অধিদপ্তর/সংস্থা প্রধানকে সরাসরি পত্র প্রেরণ করা হয়, যাহা অধিদপ্তর/সংস্থা প্রধানের জন্য মর্যাদাহীনকর। দীর্ঘদিনের পুঞ্জীভূত এই পরিস্থিতির দরুন অধিদপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তাদের সহিত মন্ত্রণালয়/বিভাগে কর্মরত কর্মকর্তাদের পারস্পরিক সম্পর্কের একটি ক্রমাবনতি পরিলক্ষিত হইতেছে, যাহা একটি উন্নয়নকামী গণতান্ত্রিক সরকারের জন্য কোন ক্রমেই কাম্য নয়।

২। উপরি-উক্ত পরিস্থিতিতে একটি সুষ্ঠু প্রশাসনিক দৃষ্টিকোণ হইতে বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে পর্যালোচনাপূর্বক অধিদপ্তর/সংস্থা প্রধান ও অন্যান্য কর্মকর্তাদের দায়-দায়িত্ব সুনির্দিষ্ট করতঃ তাহাদেরকে ক্ষমতা প্রদানের ধরন ও মাত্রা সম্পর্কে সরকারী আদেশ জারী এবং উহার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করনের জন্য প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটির পক্ষ হইতে সুপারিশ প্রণয়ন আবশ্যকীয় হইয়া দাঁড়াইয়াছে।

পূর্ববিস্তার পর্যালোচনাঃ

৩। এতদুদ্দেশ্যে তদানীন্তন পাকিস্তান আমল হইতে এই বিষয়ে গৃহীত পদক্ষেপ/সরকারী আদেশ/অফিস স্মারকসমূহ পর্যালোচনা করা হয়। এই পর্যালোচনাকালে প্রতীয়মান হয় যে, তদানীন্তন পাকিস্তান আমলে ৫ই জানুয়ারী, ১৯৬০ তারিখে সংস্থাপন বিভাগ কর্তৃক জারিকৃত এক অফিস স্মারকের মাধ্যমে (সংযোজনী-ক) সংযুক্ত অধিদপ্তর প্রধানদেরকে (Heads of Attached Departments) বেশ কিছু প্রশাসনিক ক্ষমতা দেওয়া হয়। পরবর্তীতে বাংলাদেশ আমলে ১৪শে জুন ১৯৭৬ তারিখে সংস্থাপন বিভাগের এক পত্রে ৫ই জানুয়ারী, ১৯৬০ তারিখের উপরি-উক্ত অফিস স্মারকের (পূর্বোক্ত সংযোজনী-ক দ্রষ্টব্য) মাধ্যমে প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে প্রাচুর্যের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ প্রদান করা হয়।

৪। উপরি-উক্ত স্মারকে মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের হাতে কেবলমাত্র নীতি প্রণয়ন (policy-making) পরিকল্পনা (planning), নির্দেশনা (direction) ও নিয়ন্ত্রণের (control) ক্ষমতা রাখিয়া অন্যান্য সকল নির্বাহী কার্যাদি (executive functions) সম্পাদনের দায়িত্ব ও ক্ষমতা অধিদপ্তরের নিকট হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়। একই সাথে অধিদপ্তর প্রধানদেরকে তাহাদের অধীন প্রথম, দ্বিতীয় ও তৃতীয়/চতুর্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ (appointment), পদায়ন (posting), বদলি (transfer), বেতনবৃদ্ধি (increment), ছুটি (leave), শৃঙ্খলা জনিত (disciplinary)-শাস্তি, আপীল (appeal) ইত্যাদি ক্ষেত্রে বেশ

কিছু সুনির্দিষ্ট ক্ষমতা প্রদান করা হয়, যাহার দফাওয়ারী বিবরণ উপরি-উক্ত স্মারকে সংযোজনী হিসাবে অন্তর্ভুক্ত করা হয় (সংযোজনী-ক এর সংযোজনী দ্রষ্টব্য)।

৫। আলোচ্য স্মারকে অধিদপ্তর হইতে মন্ত্রণালয়/বিভাগে পেশকৃত প্রস্তাবের কারিগরি নির্ভরযোগ্যতার সম্পূর্ণ দায়-দায়িত্ব অধিদপ্তর প্রধানের উপর অর্পণ করা হয় এবং সাধারণ নিয়মে মন্ত্রণালয়/বিভাগে প্রাপ্ত প্রস্তাবসমূহের উপর কোন কারিগরি পরীক্ষার (Technical Examination) প্রয়োজন নাই বলিয়া উল্লেখ করা হয়। ইহাছাড়া উক্ত স্মারকে অধিদপ্তর হইতে কি পদ্ধতিতে মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব পেশ করা হইবে এবং মন্ত্রণালয়/বিভাগে উহাদের পরীক্ষা/নিরীক্ষার প্রক্রিয়া কি হইবে সেই বিষয়ে সুনির্দিষ্ট নির্দেশ প্রদান করা হয়। এই ক্ষেত্রে উল্লেখ করা হয় যে, যে সকল বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য অধিদপ্তর প্রধানের এখতিয়ার নাই, কেবলমাত্র সেই সকল বিষয় যাহাতে মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়, তাহা অধিদপ্তর প্রধানকে নিশ্চিত করিতে হইবে। অধিদপ্তর হইতে একটি স্বয়ং-সম্পূর্ণ সার সংক্ষেপের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব পেশ করিতে হইবে, যাহাতে মূল প্রতিপাদ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ, সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিবেচ্য উল্লেখযোগ্য বিষয়াদি এবং সুনির্দিষ্ট সুপারিশমালা অন্তর্ভুক্ত থাকিবে।

৬। অধিদপ্তর হইতে প্রাপ্ত প্রস্তাবের উপর মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গ্রহীতব্য ব্যবস্থার বিষয়ে স্মারকে উল্লেখ করা হয় যে, প্রধান প্রধান অধিদপ্তরের ক্ষেত্রে অধিদপ্তর প্রধানের স্বাক্ষরে প্রাপ্ত প্রস্তাব সরাসরি সচিব কিংবা যুগ্ম-সচিবের (উল্লেখ্য যে, সেই সময় অতিরিক্ত সচিবের কোন পদ ছিল না) এবং ছোট ছোট অধিদপ্তর অর্থাৎ যে সকল অধিদপ্তর প্রধানের মর্যাদা উপ-সচিব সমমানের, সে ক্ষেত্রে প্রাপ্ত প্রস্তাব সরাসরি উপ-সচিবের নিকট উপস্থাপন করিতে হইবে। সাধারণ নিয়মে সংশ্লিষ্ট সচিব/যুগ্ম-সচিব/উপ-সচিব প্রস্তাবের উপর সরাসরি সিদ্ধান্ত প্রদান করিবেন। যদি কোন ক্ষেত্রে পূর্ববর্তী কাগজ-পত্র দেখার কিংবা নিম্ন পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হয়, সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট সচিব/যুগ্ম-সচিব/উপ-সচিব সেইরূপ নির্দেশ প্রদান করিবেন। তবে অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রস্তাবের সমালোচনা কিংবা পরীক্ষা-নিরীক্ষার ভাষা অবশ্যই মার্জিত হইতে হইবে।

বাস্তব অবস্থার বিষয়ে প্রাপ্ত তথ্যাবলী :

৭। উপরি-উক্ত অফিস স্মারক জারির পর দীর্ঘ ৩৫ বৎসর অতিবাহিত হইয়াছে। ইতোমধ্যে আন্তর্জাতিক, আঞ্চলিক ও দেশীয় রাজনৈতিক, অর্থনৈতিক, আর্থিক, বাণিজ্যিক ও সামাজিক কর্মকাণ্ডে বড় ধরনের পরিবর্তন সাধিত হইয়াছে। ইহাছাড়া সম্প্রতি অর্থনৈতিক, আর্থিক, বাণিজ্যিক ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে কিছু নূতন ধ্যান-ধারণার উদ্ভব ঘটিয়াছে। কিন্তু এই সকল পরিবর্তন ও নূতন ধ্যান-ধারণার উদ্ভবের ফলে মন্ত্রণালয়/বিভাগ হইতে অধিদপ্তর/সংস্থায় পাকিস্তানি আমলের তুলনায় ক্ষমতার আরও বিকেন্দ্রীকরণসহ মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার কর্মকাণ্ডে যে দক্ষতা, জবাবদিহিতা ও স্বচ্ছতা প্রতিষ্ঠিত হওয়ার কথা ছিল, তাহা আদৌ বাস্তবায়িত হয় নাই বলিয়া একটি ধারণা সার্বজনীন স্বীকৃতি লাভ করিয়াছে। এই পরিপ্রেক্ষিতে বাস্তব অবস্থা অবহিত হওয়ার জন্য ৩টি অধিদপ্তর ও ১টি স্ব-শাসিত কর্পোরেশনে (বাংলাদেশ ডাক বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন) কিছু সমীক্ষা পরিচালনা করা হয়।

৮। উল্লিখিত সমীক্ষায় মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/কর্পোরেশনের কার্যক্রম, সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা, পারস্পরিক সম্পর্ক, জবাবদিহিতা, স্বচ্ছতা-ইত্যাদি ক্ষেত্রে বাস্তব অবস্থার উপর প্রাপ্ত তথ্যাবলীর (Findings) উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপ :

৮.১। পাকিস্তান আমলের তুলনায় একদিকে যেমন পূর্বকার অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশনের কলেবর বৃদ্ধি পাইয়াছে, অন্যদিকে তেমন অনেক নূতন নূতন অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশনের সৃষ্টি হইয়াছে। জানুয়ারী, ১৯৯৪ এর এক পরিসংখ্যান অনুযায়ী তখন প্রায় ২৩০টি অধিদপ্তর/পরিদপ্তর/অধঃস্তন অফিস এবং ১৫৪টি স্ব-শাসিত সংস্থা/কর্পোরেশন ছিল (সূত্রঃ পরিসংখ্যান ও গবেষণা কোষ, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, জানুয়ারী ১৯৯৪)।

৮.২ জানুয়ারী, ১৯৯২ এর অপর এক পরিসংখ্যান অনুযায়ী ২২৪টি অধিদপ্তর/পরিদপ্তরে সর্বমোট ৭,১২,৪১২ টি পদের বিপরীতে ৬,৪৯,৩৪১ জন কর্মরত ছিল। এদিকে একই সময় ১৪৫টি স্ব-শাসিত সংস্থা/কর্পোরেশনের ৩,৩৩,৯২৭ টি পদের বিপরীতে ২,৮৯,০০৭ জন কর্মরত ছিল। পক্ষান্তরে, সেই সময় ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ/কমিশন/সেক্রেটারিয়েট/উইং এ কেবলমাত্র ৯,১৬৯টি পদের বিপরীতে ৮,৪০১ জন কর্মরত ছিল (সূত্রঃ পরিসংখ্যান ও গবেষণা কোষ, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, জানুয়ারী, ১৯৯২)।

৮.৩ পাকিস্তান আমলের তুলনায় অধিকাংশ অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশনের কর্মকাণ্ড অনেক ব্যাপ্তি লাভ করিয়াছে। এখন সরকার সূচিত প্রায় সকল কর্মসূচী যথা, দারিদ্র বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, খাদ্য স্বয়ং সম্পূর্ণতা অর্জন, আইন-শৃঙ্খলা প্রতিষ্ঠা ইত্যাদি অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশনের মাধ্যমে বাস্তবায়িত হইতেছে। ইহাছাড়া বর্তমানে প্রায় ১৫০টি অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশনের মাধ্যমে প্রতি বৎসর বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় সরকারী খাতের ১০,০০০/- হইতে ১২,০০০/- কোটি টাকার উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করা হইতেছে। সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশনের প্রধানগণকেই এই বিপুল পরিমাণ অর্থের হিসাবরক্ষণ ও অডিট আপত্তির জবাব প্রদান করিতে হয়। ইহাছাড়া তাহাদেরকে উন্নয়ন প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতিও নিশ্চিত করিতে হইতেছে।

৮.৪। ১৯৭৬ সালের উল্লিখিত অফিস স্মারকে (সংযোজনী-ক দ্রষ্টব্য) যেখানে মন্ত্রণালয়/বিভাগকে কেবলমাত্র নীতিমালা প্রণয়ন/নীতি নির্ধারণী দিক- নির্দেশনার কাজে নিয়োজিত থাকিয়া অন্যান্য সকল নিবাহী কার্যাদি সম্পাদনের দায়িত্ব ও ক্ষমতা অধিদপ্তরের নিকট হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়, সেখানে বর্তমানে একদিকে যেমন মন্ত্রণালয়/বিভাগ হইতে নীতি নির্ধারণী বিষয়ে খুব কমই দিক নির্দেশনা প্রদান করা হইতেছে, অন্যদিকে পর্যায়ক্রমে অধিদপ্তর/পরিদপ্তরের প্রায় সকল functional ও implementation এর কাজ মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত হইয়া আসিতেছে। ফলে অধিকাংশ ক্ষেত্রে অধিদপ্তর/সংস্থার সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা পাকিস্তান আমলের তুলনায় হ্রাস পাইয়া মন্ত্রণালয়/বিভাগে কেন্দ্রীভূত হইয়াছে, যাহার ফলে অধিদপ্তর/পরিদপ্তরের প্রশাসনিক কাজে এক ধরনের স্থবিরতা সৃষ্টি হইয়াছে।

৮.৫। ১৯৭৬ সালের অফিস স্মারকে (সংযোজনী-ক দ্রষ্টব্য) যেখানে কেবলমাত্র অধিদপ্তর প্রধানের এখতিয়ার বহির্ভূত বিষয় মন্ত্রণালয়/বিভাগে প্রেরণের নির্দেশ দেওয়া হইয়াছে, সেখানে বর্তমানে অধিদপ্তর/সংস্থা হইতে ছোট-খাটো বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য মন্ত্রণালয়/বিভাগে পত্র/প্রস্তাব পাঠানো হইতেছে। এই ক্ষেত্রে অধিদপ্তর / সংস্থা প্রধানগণ ১৯৭৬ সালের অফিস স্মারক কিংবা স্ব স্ব প্রতিষ্ঠানের ম্যানুয়ালে তাহাদেরকে প্রদত্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ব্যবহারের পরিবর্তে চালু পদ্ধতি (existing practice) অনুসরণের মাধ্যমে অধিকাংশ ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব পাঠাইয়া দায়-দায়িত্ব এড়াইয়া যাইতে সক্ষম হইতেছেন। তাহাছাড়া সিদ্ধান্ত গ্রহণ ও উহা বাস্তবায়নের ক্ষমতা না দেওয়ার কারণে অধিদপ্তর/পরিদপ্তর/কর্পোরেশন প্রধানকে তাহাদের দ্বারা বাস্তবায়িত কার্যক্রমের জন্য দায়ী কিংবা দৃঢ়ভাবে জবাবদিহি করা বেশীরাভাগ ক্ষেত্রেই সম্ভব হইতেছে না।

৮.৬। ১৯৭৬ সালের অফিস স্মারকে (সংযোজনী-ক দ্রষ্টব্য) যেখানে অধিদপ্তর কর্তৃক পেশকৃত প্রস্তাবের কারিগরি নির্ভরযোগ্যতার সম্পূর্ণ দায়-দায়িত্ব অধিদপ্তর প্রধানের উপর অর্পণ করা হয় এবং সাধারণ নিয়মে মন্ত্রণালয়/বিভাগে কোন কারিগরী পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন নাই বলিয়া উল্লেখ করা হয়, সেখানে বর্তমানে মন্ত্রণালয়/বিভাগে বিশেষজ্ঞ কিংবা যথাযথ কারিগরি জ্ঞান-সম্পন্ন নন এমন কর্মকর্তা কর্তৃক অধিদপ্তর/সংস্থা কর্তৃক পেশকৃত প্রস্তাবের কারিগরি নির্ভরযোগ্যতা নিরূপণ করিয়া মন্তব্য প্রদান করিতেছেন। উদাহরণ স্বরূপ বলা যায় যে, বাংলাদেশ ডাক বিভাগের স্ট্যাম্প (জুডিসিয়াল ও নন-জুডিসিয়াল) ছাপানো, সংরক্ষণ ও বিক্রয়, স্ট্যাম্প ইস্যু, মেইল ট্রানজিট, মেইল বাছাই, রেলওয়ে মেইল সার্ভিসের বিভিন্ন লাইনের বিন্যাস, ব্রাঞ্চ পোস্ট অফিস বন্ধ করা, নতুন ব্রাঞ্চ পোস্ট অফিস খোলা ইত্যাদি দৈনন্দিন কারিগরি বিষয়াদির অধিকাংশই মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত হইতেছে।

৮.৭। ১৯৭৬ সালের অফিস স্মারকে যেখানে অধিদপ্তর কর্তৃক একটি স্বয়ং-সম্পূর্ণ সার-সংক্ষেপের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব পেশ এবং উহাদের অধিকাংশের ক্ষেত্রে সচিব, যুগ্ম-সচিব কিংবা উপ-সচিব পর্যায়ে সরাসরি সিদ্ধান্ত প্রদানের কথা বলা হইয়াছে, বর্তমানে সেখানে অধিদপ্তর/সংস্থা হইতে চিঠির মাধ্যমে প্রস্তাব প্রাপ্তির পর মন্ত্রণালয়/বিভাগের নিম্ন পর্যায়ে হইতে নথি খুলিয়া নোট সহকারে সিদ্ধান্তের জন্য উপরের দিকে যাওয়া-আসা করিতেছে। এই ব্যবস্থায় একই বিষয়ে অধিদপ্তর/সংস্থায় এবং মন্ত্রণালয়/বিভাগে দুইটি নথি খোলা হইতেছে। ইহার ফলে একদিকে যেমন সিদ্ধান্ত গ্রহণে অনেক কালক্ষেপণ হইতেছে, অন্যদিকে অধিদপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়/বিভাগে অযথা অধিক লোকবলের প্রয়োজন হইতেছে।

৮.৮। ছোট-খাটো ও কমগুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ হইতে নিম্ন পর্যায়ের কর্মকর্তা কর্তৃক বিভিন্ন তথ্য প্রেরণের নির্দেশ, বারংবার তাগিদ এবং অযথা খবরদারি অধিদপ্তর/সংস্থায় অনেক অতিরিক্ত কাজের সৃষ্টি করিতেছে। ফলে গুরুত্বপূর্ণ কাজ ফেলিয়া রাখিয়া অধিদপ্তর/পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে কম গুরুত্বপূর্ণ কাজে সময়, শ্রম ও অর্থ ব্যয় করিতে হইতেছে (সংযোজনী 'খ' এ প্রদত্ত নমুনা দ্রষ্টব্য)।

৮.৯। অধিদপ্তর/সংস্থা প্রধানের স্বাক্ষরে পেশকৃত প্রস্তাব মন্ত্রণালয়/বিভাগে নিম্ন পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষা করা হয় এবং অধিকাংশ ক্ষেত্রে নিম্নের দুই ধাপের কর্মকর্তা আদিষ্ট হইয়া অধিদপ্তর/সংস্থা প্রধানকে সরাসরি তাহার প্রস্তাবের উপর মতামত পেশ করে কিংবা অতিরিক্ত তথ্যাবলী প্রেরণের অনুরোধ জানায়। অনেক অধিদপ্তর/সংস্থা প্রধান এই ধরনের পত্র তাহাদের মর্যাদা হানিকর বলিয়া মনে করেন।

৮.১০। ১৯৭৬ সালের অফিস স্মারকে (সংযোজনী-ক) যেখানে প্রথম নিয়োগ ও শৃঙ্খলা জনিত বিষয়াদি ব্যতিরেকে অধিদপ্তর প্রধানের পরবর্তী ধাপের কর্মকর্তা (Deputies of the Heads of Departments) ছাড়া সকল প্রথম শ্রেণীর কর্মকর্তাদের পদায়ন (posting), বদলি (transfer), বেতনবৃদ্ধি (increment), ছুটি (leave) ইত্যাদি বিষয়ে প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা অধিদপ্তর প্রধানের হাতে ন্যস্ত করা হয়, সেখানে বর্তমানে অধিকাংশ অধিদপ্তর/সংস্থা প্রধানের প্রথম শ্রেণীর কর্মকর্তার পদায়ন, দক্ষতা সীমা অতিক্রমের আদেশ প্রদান, অর্জিত ছুটি মঞ্জুরী, বহিঃ বাংলাদেশ ছুটি অনুমোদন ইত্যাদি ক্ষেত্রে কোন ক্ষমতা নাই। আর বদলির ক্ষেত্রে তাহাদের ক্ষমতা কেবলমাত্র বেতন স্কেলের ৯ম গ্রেডের কর্মকর্তা পর্যন্ত সীমিত। ফলে অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাগণ তাহাদের পদায়ন, বদলি, ছুটি ইত্যাদি ব্যক্তিগত বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের উপর ক্রমান্বয়ে অধিকতর নির্ভরশীল হইয়া পড়িয়াছে এবং এ সকল কাজের জন্য অধিদপ্তর/পরিদপ্তরের কাজ ফেলিয়া তাহাদেরকে মন্ত্রণালয়/বিভাগে বহু সময় ও শ্রম ব্যয় করিতে হইতেছে।

৮.১১। প্রায় সকল উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা হিসাবে অধিদপ্তর/সংস্থাসমূহকে দায়িত্ব প্রদান করা হইলেও প্রকল্প পুরিচালকসহ উন্নয়ন প্রকল্পের সকল প্রথম শ্রেণীর কর্মকর্তার নিয়োগ প্রদানের ক্ষমতা

মন্ত্রণালয়/বিভাগের উপর ন্যস্ত। ফলে অধিদপ্তর/সংস্থা প্রধানগণের পক্ষে উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাদের নিকট হইতে ভাল কাজ ও আনুগত্য নিশ্চিত করা সম্ভব হইতেছে না। তাহাছাড়া মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিয়োগকৃত প্রকল্প পরিচালক অধিদপ্তর/ সংস্থার পূর্ণ নিয়ন্ত্রনাধীন না থাকায় বেশ কিছু ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নে অচলাবস্থার সৃষ্টি হইয়াছে।

৮.১২। অধিদপ্তর/সংস্থার কর্মকর্তাদের বিদেশে প্রশিক্ষণ গ্রহণ, কনফারেন্স/ওয়ার্কসপ/সভায় যোগদান, বিদেশে গমনের জন্য বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরী, দায়িত্ব ভাতা অনুমোদন, অধিদপ্তর/ সংস্থার নানাবিধ বিধি প্রণয়ন ও সংশোধন, উন্নয়ন বাজেটের পদ রাজস্ব বাজেটে স্থানান্তর ইত্যাদি বিভিন্ন বিষয়ে সরকারী আদেশ পত্র জারি করিতে হয়। কিন্তু বর্তমানে মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক এই সকল বিষয়ে অনুমোদন প্রদানের পর সরকারী আদেশ পত্র (G.O.) জারি করিতে নিম্ন পর্যায়ের কর্মকর্তাগণ বেশ বিলম্ব করেন। ফলে নানা ধরনের সমস্যা সৃষ্টি হয়। সরকারের বিদ্যমান 'রুলস অব বিজনেস' এর সিডিউল-২ এ অধিদপ্তর/সংস্থা প্রধান কিংবা তাহাদের অধীন কোন কর্মকর্তার পদবী অন্তর্ভুক্ত করতঃ মন্ত্রণালয়/বিভাগ হইতে অনুমোদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী আদেশ পত্র জারির ক্ষমতা তাহাদের উপর অর্পণের পক্ষে অধিকাংশ অধিদপ্তর/সংস্থা প্রধান মত প্রকাশ করেন।

৮.১৩। বিদ্যমান নিয়মানুযায়ী অনুমোদিত সংগঠন ও সরঞ্জাম তালিকায় (Table of Organization and Equipment) অন্তর্ভুক্ত এবং বাজেটে অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও সকল যানবাহন ও অফিস সরঞ্জাম ক্রয়ের জন্য অধিদপ্তর/সংস্থা প্রধানকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীর অনুমোদন গ্রহণ করিতে হয় (সংযোজনী-গ)। বর্তমানে চালু ব্যবস্থায় মন্ত্রী মহোদয়ের নিকট হইতে প্রাথমিক অনুমোদন গ্রহণ পূর্বক অধিদপ্তর/সংস্থা পর্যায়ে এতদসংক্রান্ত সরকারের সার্বিক নীতিমালা অনুসরণে দরপত্র আহবান করা হয়। দরপত্র যাচাই/বাছাই কমিটির সুপারিশসহ পুনরায় চূড়ান্ত অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর নিকট উপস্থাপন করিতে হয়। মন্ত্রণালয়/বিভাগের নিম্ন পর্যায়ে হইতে উচ্চ পর্যায়ের কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের নিকট দুইবার উপস্থাপনের দরুন সরঞ্জাম ও যানবাহন ক্রয়ে প্রায়ই অত্যধিক বিলম্ব ঘটে, যাহা সরকারী কাজে অদক্ষতার সৃষ্টি করিতেছে। তাহাছাড়া সর্বোচ্চ পর্যায়ে অনুমোদিত সংগঠন ও সরঞ্জাম তালিকার প্রাধিকারের মধ্যে থাকা, বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকা এবং এতদসংক্রান্ত সরকারের মান নির্ধারণ (সিসি,রং, মডেল, প্রস্তুতকারী ইত্যাদি) আদেশ অনুসরণে যানবাহন ও সরঞ্জাম ক্রয়ের ক্ষেত্রে মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর পুনরায় অনুমোদনের যৌক্তিকতা সুস্পষ্ট নয়।

৮.১৪। অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয়ের নীতিমালা বিষয়ে ১৩/১২/৮৩ তারিখে সংস্থাপন মন্ত্রণালয় হইতে জারিকৃত পত্রে (সংযোজনী -ঘ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে তাহাদের নিজ নিজ ও অধীন সংস্থার অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয় করিয়া দিবার ক্ষমতা প্রদান করা হয় এবং প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে মটরযান বিষয়ক একজন কারিগরী কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করিয়া একটি কনডেমনেশন কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়। উক্ত পত্রের সহিত অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয়ের যে নীতিমালা সংযোজন করা হয়, উহা অনুসরণে অধিদপ্তর/সংস্থার অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয় একটি জটিল ও সময় সাপেক্ষ বিষয় হইয়া দাঁড়াইয়াছে। এই কারণেই অনেক অধিদপ্তর/সংস্থার বিপুল সংখ্যক অকেজো গাড়ী বিক্রয়ের জন্য বহুদিন যাবৎ পড়িয়া থাকিতে দেখা যায়। ফলে একদিকে যেমন অকেজো গাড়ী ও যন্ত্রপাতি প্রতিস্থাপনে বিলম্বের দরুন সরকারী কাজে ব্যাঘাত সৃষ্টি হইতেছে, অন্যদিকে খোলা আকাশের নীচে পড়িয়া থাকা অকেজো গাড়ীর যন্ত্রপাতি খোয়া যাইয়া উহাদের বিক্রয় মূল্য হ্রাস পাইতেছে। ইহাছাড়া বহুদিন যাবৎ অকেজো যানবাহন সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার আঙ্গিনায় পড়িয়া থাকার কারণে যেমন জায়গার অভাব দেখা দেয়, তেমনই একটি দৃষ্টিকটু পরিবেশের সৃষ্টি হয়।

৮.১৫। বিদ্যমান নিয়মানুযায়ী জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) কর্তৃক অনুমোদিত প্রকল্পের আওতায় জমি অধিগ্রহণের জন্য অধিদপ্তর/সংস্থাকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করিতে হয়। প্রকৃত পক্ষে জমি অধিগ্রহণের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের করণীয় কিছুই নাই। মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রাপ্ত প্রশাসনিক অনুমোদনসহ সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা হইতে জমি অধিগ্রহণের অনুরোধ জানানো হইলে ঢাকা ও অন্যান্য সিটি কর্পোরেশন ব্যতিরেকে ৫০ বিঘা পর্যন্ত সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারের সভাপতিত্বে গঠিত District Land Allocation Committee (DLAC) অর্থ-প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া থাকে। পক্ষান্তরে, ঢাকা ও অন্যান্য সিটি কর্পোরেশনসহ ৫০ বিঘার উর্ধ্বে জমি অধিগ্রহণের জন্য ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গঠিত Central Land Allocation Committee (CLAC) এর সুপারিশের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদনের পর অর্থ-প্রাপ্তি সাপেক্ষে DLAC প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া থাকে। কাজেই মন্ত্রণালয়/বিভাগ হইতে উচ্চতর কর্তৃপক্ষ (ECNEC) কর্তৃক অনুমোদন প্রদানের পর জমি অধিগ্রহণের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ হইতে পুনরায় প্রশাসনিক মঞ্জুরী গ্রহণের যৌক্তিকতা সুস্পষ্ট নয়।

৮.১৬। অধিদপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতা পর্যালোচনা কালে দেখা যায় যে, উন্নয়ন কর্মকাণ্ড ব্যাপকতা লাভ করিলেও ১৯৮৫ সালের তুলনায় অধিদপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতা অনেক হ্রাস পাইয়াছে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে পূর্তকাজ ও সরবরাহ (Works & goods) ক্ষেত্রে ১৯৮৫ সালে অধিদপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতার মাত্রা যেখানে ৫ কোটি টাকায় নির্ধারিত ছিল, সেখানে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১২/৪/৯৪ তারিখে জারিকৃত আদেশ বলে উহা ২ কোটি টাকা করা হয়। অনুমান করা যায় যে, কিছু অনিয়মের কারণে সম্ভবতঃ সরকার অধিদপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতা হ্রাসের এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। তবে উন্নয়ন কর্মকাণ্ডের যথাযথ ও দ্রুত বাস্তবায়নের স্বার্থে আর্থিক ক্ষমতা হ্রাসের পরিবর্তে অনিয়ম দূরীকরণের প্রয়োজনীয় ও দৃঢ় পদক্ষেপ গ্রহণ অধিকতর বাঞ্ছনীয় হইবে। ১৯৮৫ সালে প্রদত্ত আর্থিক ক্ষমতা সমপরিমাণে রাখা হইলেও ১৯৮৫ সালের স্থিতিমূল্যে ৫ কোটি টাকা ১৯৯৪ সালের বাজার মূল্যে (১৯৮৫ সালের তুলনায় ১৯৯৪ সালে জিডিপি ডিফ্লেক্টরের মান ছিল ১৭৬) ৮.৮০ কোটি টাকায় দাঁড়াইবে। একই ভাবে উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে ১৯৮৫ সালে অধিদপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতার মাত্রা যেখানে ১ কোটি টাকায় নির্ধারিত ছিল, সেখানে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১২/৪/৯৪ তারিখের আদেশ বলে উহা ৭৫ লক্ষ টাকা করা হয়। এই ক্ষেত্রে ১৯৮৫ সালের স্থিতিমূল্যে ১ কোটি টাকা ১৯৯৪ সালের বাজার মূল্যে দাঁড়াইবে ১.৬৬ কোটি টাকায়।

৮.১৭। কর্পোরেশনসমূহের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা পর্যালোচনা কালে দেখা যায় যে, পূর্বে উল্লেখিত যানবাহন ও সরঞ্জাম ক্রয় (অনুচ্ছেদ - ৮.১৩) ও জমি অধিগ্রহণের (অনুচ্ছেদ - ৮.১৫) ক্ষেত্রে অধিদপ্তরের ন্যায় কর্পোরেশনসমূহকে বোর্ডের পরিবর্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুমোদন গ্রহণ করিতে হয়। একই ভাবে কর্পোরেশনের আওতাধীন কোম্পানিসমূহের বাজেট, কর্পোরেশনের আওতাধীন কোম্পানিসমূহের সংগঠন ও সরঞ্জাম তালিকা এবং কর্পোরেশন ও উহার আওতাধীন কোম্পানিসমূহের কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদত্ত বোনাস অনুমোদনের ক্ষমতা বোর্ডের পরিবর্তে মন্ত্রণালয়/বিভাগের উপর ন্যস্ত আছে। সরকার কর্তৃক গঠিত বোর্ডের মাধ্যমে পরিচালিত স্ব-শাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বোর্ডের পরিবর্তে মন্ত্রণালয়/বিভাগের নিকট এই সকল ক্ষমতা প্রদানের কোন যৌক্তিকতা আছে বলে মনে হয়না। উন্নয়ন কর্মকাণ্ডের ব্যাপকতা এবং অনুচ্ছেদ ৮.১৬ এ বর্ণিত অবস্থার প্রেক্ষিতে পূর্তকাজ ও সরবরাহ (Works & goods) এবং দেশী-বিদেশী উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে আলাদা মাত্রাসহ চেয়ারম্যান ও বোর্ডের আর্থিক ক্ষমতা বৃদ্ধি আবশ্যকীয় হইয়া দাঁড়াইয়াছে।

সুপারিশমালা :

৯। সরকার কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/ সংস্থার জন্য ইতঃপূর্বে নির্ধারিত দায়িত্ব ও ক্ষমতা এবং মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থায় পরিচালিত সমীক্ষায় প্রাপ্ত এতদসংক্রান্ত তথ্যাবলী (findings) বিচার বিশ্লেষণপূর্বক দক্ষতা বৃদ্ধির লক্ষে মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার মধ্যে প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব ও ক্ষমতা পুনর্বিন্যাসের বিষয়ে কমিটি কর্তৃক সরকারের বিবেচনার জন্য নিম্নরূপ সুপারিশ করা হইলঃ

৯.১। সকল মন্ত্রণালয়/বিভাগ তাহাদের আওতানাধীন অধিদপ্তর/পরিদপ্তর/স্ব-শাসিত সংস্থা সংক্রান্ত কার্যাবলীর ক্ষেত্রে কেবলমাত্র নীতিমালা প্রণয়ন এবং নীতি নির্ধারণী দিক- নির্দেশনার কাজে নিয়োজিত থাকিবে। অন্যান্য যাবতীয় নির্বাহী, কার্নিক ও বাস্তবায়ন (executive, functional and implementation) কাজের দায়িত্ব ও ক্ষমতা অধিদপ্তর/পরিদপ্তর/স্ব-শাসিত সংস্থার উপর ন্যস্ত থাকিবে। নীতিমালা প্রণয়ন ও নীতি নির্ধারণী দিক-নির্দেশনার আওতায় পড়ে না এমন সকল বিষয়ে অনুমোদন/সিদ্ধান্ত প্রদানের জন্য যাহাতে মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব প্রেরণ করা না হয়, তাহা অধিদপ্তর/সংস্থা প্রধানকে নিশ্চিত করিতে হইবে (অনুচ্ছেদ ৮.৪ ও ৮.৫)।

৯.২। অধিদপ্তর/সংস্থা পর্যায়ে বাস্তবায়িত/সম্পাদিত সকল কাজের জন্য অধিদপ্তর/সংস্থা প্রধানগণকে সরাসরি সংশ্লিষ্ট সচিব ও মন্ত্রীর নিকট জবাবদিহি করিতে হইবে এবং সাফল্য ও ব্যর্থতার দায়-দায়িত্ব তাহাদেরকে সমভাবে বহন করিতে হইবে। আর্থিক বৎসরের ভিত্তিতে প্রতিটি অধিদপ্তর/সংস্থা প্রধানকে প্রতি বৎসর জুলাই মাসে বর্তমানে প্রচলিত আর্থিক ও বার্ষিক প্রতিবেদনের সাথে বিগত বৎসরে তাহাদের দ্বারা সম্পাদিত প্রশাসনিক কার্যাবলীর (নিয়োগ, বদলি, প্রশিক্ষণ, শাস্তি, ক্ষয়, বিক্রয়, মেয়ামত, ইত্যাদি) একটি বিবরণ সংশ্লিষ্ট সচিব/মন্ত্রীর নিকট পেশ করিতে হইবে (অনুচ্ছেদ- ৮.৫ দ্রষ্টব্য)।

৯.৩। অধিদপ্তর/ সংস্থা হইতে মন্ত্রণালয়/বিভাগে পেশকৃত প্রস্তাবের কারিগরি নির্ভরযোগ্যতার দায়-দায়িত্ব অধিদপ্তর/ সংস্থা প্রধানের উপর ন্যস্ত থাকিবে এবং সাধারণ নিয়মে মন্ত্রণালয়/বিভাগে প্রাপ্ত প্রস্তাবের উপর কোন কারিগরী পরীক্ষার (technical examination) প্রয়োজন হইবে না (অনুচ্ছেদ - ৮.৬ দ্রষ্টব্য)।

৯.৪। অধিদপ্তর/ সংস্থা হইতে অনুমোদন/ সিদ্ধান্তের জন্য মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত নীতি- নির্ধারনী মূলক প্রস্তাবসমূহ অধিদপ্তর/ সংস্থা প্রধানের স্বাক্ষরে একটি স্বয়ং সম্পূর্ণ সার-সংক্ষেপের মাধ্যমে পেশ করিতে হইবে। সার-সংক্ষেপে মূল প্রতিপাদ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ, সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিবেচ্য উল্লেখযোগ্য বিষয়াদি এবং সুপারিশমালা অন্তর্ভুক্ত থাকিবে। নীতি- নির্ধারনীমূলক নয় কিন্তু গুরুত্বপূর্ণ যে সকল বিষয়ে সচিব/ মন্ত্রী পর্যায়ে সিদ্ধান্তের প্রয়োজন হইবে সেই সকল ক্ষেত্রে সার-সংক্ষেপের পরিবর্তে স্বয়ং-সম্পূর্ণ পত্র পেশ করিতে হইবে। তবে গতানুগতিক ও দৈনন্দিন বিষয়ে সাধারণ পত্র প্রেরণ করা যাইবে (অনুচ্ছেদ - ৮.৭ দ্রষ্টব্য)।

৯.৫ অধিদপ্তর/সংস্থা প্রধানের পদমর্যাদা অনুসারে তাহাদের স্বাক্ষরে মন্ত্রণালয়/বিভাগে প্রাপ্ত নীতি- নির্ধারনীমূলক এবং নীতি- নির্ধারনীমূলক নয় কিন্তু গুরুত্বপূর্ণ এমন প্রস্তাবসমূহ অতিরিক্ত সচিব, যুগ্ম-সচিব কিংবা উপ-সচিব পর্যায়ে পরীক্ষা করিয়া সরাসরি সচিব/মন্ত্রীর অনুমোদন/সিদ্ধান্তের জন্য পেশ করিতে হইবে। যদি কোন ক্ষেত্রে পূর্ববর্তী কাগজ-পত্র দেখার কিংবা পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হয়, সেই ক্ষেত্রে অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব/উপ-সচিব সেইরূপ নির্দেশ প্রদান করিবেন। তবে অধিদপ্তর/ সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাবের সমালোচনা কিংবা পরীক্ষা-নিরীক্ষার ভাষা অবশ্যই মার্জিত হইবে এবং মন্ত্রণালয়/বিভাগ হইতে এতদসংক্রান্ত অধিদপ্তর/ সংস্থা প্রধানের বরাবরে প্রেরিত পত্র অধিদপ্তর/ সংস্থা প্রধানের মর্যাদা অনুসারে অতিরিক্ত-সচিব, যুগ্ম-সচিব কিংবা উপ-সচিব কর্তৃক স্বাক্ষরিত হইবে। তবে দৈনন্দিন ও গতানুগতিক বিষয়সহ সাপ্তাহিক, মাসিক কিংবা বাৎসরিক ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগে তথ্য

প্রেরণের জন্য নির্দিষ্ট বিষয়াদির ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তার স্বাক্ষরে অধিদপ্তর/সংস্থার সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তার বরাবরে পত্র প্রেরণ করা যাইবে (অনুচ্ছেদ - ৮.৭ ও ৮.৯ দ্রষ্টব্য)।

৯.৬। অধিদপ্তর/ সংস্থা হইতে গতানুগতিক ও দৈনন্দিন বিষয়ে মন্ত্রণালয়/বিভাগে প্রাপ্ত পত্রের (mail) উপর সচিব/ অতিরিক্ত- সচিব/যুগ্ম-সচিব/উপ-সচিব সরাসরি সিদ্ধান্ত প্রদান করিয়া যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তাকে নির্দেশ দিবেন। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা অনুচ্ছেদ - ৯.৫ অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন (অনুচ্ছেদ - ৮.৭ ও ৮.৯ দ্রষ্টব্য)।

৯.৭। সাপ্তাহিক, মাসিক কিংবা বাৎসরিক ভিত্তিতে মন্ত্রণালয়/ বিভাগে তথ্য প্রেরণের জন্য নির্দিষ্ট বিষয়াদি ব্যতিরেকে ন্যূনতম যুগ্ম- সচিব পর্যায়ের কর্মকর্তার নির্দেশ ছাড়া অধিদপ্তর/ সংস্থার গতানুগতিক ও দৈনন্দিন কাজের জন্য মন্ত্রণালয়/বিভাগ হইতে তথ্য প্রেরণ, স্পষ্টিকরণ, কৈফিয়ত তলব, তদন্ত পরিচালনা ইত্যাদি বিষয়ে কোন পত্র প্রেরণ করা যাইবে না। এই ধরনের পত্র প্রেরণের প্রয়োজন হইলে অতিরিক্ত- সচিব, যুগ্ম-সচিব কিংবা উপ-সচিবের স্বাক্ষরে অধিদপ্তর/ সংস্থা প্রধানের বরাবরে প্রেরণ করিতে হইবে (অনুচ্ছেদ - ৮.৮ এবং সংযোজনী - 'খ' দ্রষ্টব্য)।

৯.৮। প্রথম নিয়োগ ও শৃঙ্খলা জনিত বিষয়াদি ব্যতিরেকে অধিদপ্তর প্রধানের পরবর্তী ধাপের কর্মকর্তা ছাড়া স্থায়ী প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার পদায়ন, বদলী, বেতন বৃদ্ধি, দক্ষতা- সীমা অতিক্রম, বহিঃ বাংলাদেশ ছুটি ব্যতিরেকে অন্যান্য সকল ধরনের ছুটি ইত্যাদি বিষয়ে প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণের সর্বময় ক্ষমতা অধিদপ্তর/সংস্থা প্রধানের উপর ন্যস্ত থাকিবে। অধিদপ্তর/সংস্থা প্রধানের সভাপতিত্বে পদোন্নতি কমিটি গঠন করিয়া উহার মাধ্যমে দ্বিতীয় শ্রেণীর স্থায়ী কর্মকর্তার পদোন্নতি প্রদান করা যাইবে। অধিদপ্তর/সংস্থা প্রধান কিংবা শৃঙ্খলা সংক্রান্ত কমিটির সুপারিশসহ প্রথম ও দ্বিতীয় শ্রেণীর সকল স্থায়ী কর্মকর্তাদের শৃঙ্খলাজনিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সুপারিশসহ মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব পেশ করিতে হইবে। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রথম নিয়োগ ও শৃঙ্খলাজনিত বিষয়াদি সহ সকল ক্ষেত্রে অধিদপ্তর/সংস্থা প্রধানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা থাকিবে। তবে যে সকল তৃতীয়/চতুর্থ শ্রেণীর কর্মচারীদের নিয়োগ অধিদপ্তর/সংস্থা প্রধান কর্তৃক অনুমোদিত হইয়াছে/হইবে শৃঙ্খলা জনিত শাস্তির বিরুদ্ধে তাহাদের আপীলে সিদ্ধান্ত গ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগে পেশ করিতে হইবে (অনুচ্ছেদ - ৮.১০ দ্রষ্টব্য)।

৯.৯। উন্নয়ন প্রকল্পের যথাযথ ও দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করণের লক্ষ্যে প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি কর্তৃক বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থার জন্য সুপারিশকৃত স্থায়ী জনবল হইতে এবং ক্ষেত্র বিশেষে প্রেষণে কিংবা অধিদপ্তর/সংস্থা প্রধানের সভাপতিত্বে নিয়োগ কমিটি গঠন করিয়া উহার মাধ্যমে নির্দিষ্ট বেতনে (consolidated pay) চুক্তি ভিত্তিক সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্প পরিচালকসহ সকল প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা নিয়োগ করা যাইবে। তবে বিশেষ কার্যাবলী (মূল্যায়ন, হিসাবরক্ষণ ইত্যাদি) সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠান হইতে প্রেষণে কর্মকর্তা নিয়োগ করা যাইতে পারে। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দ্বারা সম্পাদিত/ সম্পাদিতব্য প্রকল্পের সমুদয় কাজ দরপত্র আহ্বানের মাধ্যমে বেসরকারী সেবা প্রতিষ্ঠানের দ্বারা প্যাকেজ হিসাব সম্পাদন করা যাইতে পারে (অনুচ্ছেদ - ৮.১১ দ্রষ্টব্য)।

৯.১০। সরকারের প্রতিনিধিত্বকারী মন্ত্রণালয়/ বিভাগে যে সকল বিষয়ে অনুমোদন প্রদান করা হয় সেই সকল বিষয়ে সরকারী আদেশ পত্র (জি .ও) জারির ক্ষমতাও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের উপর আর্পিত থাকাই বাঞ্ছনীয়। তবে সরকারী অনুমোদন প্রাপ্তির সর্বোচ্চ ৪৮ ঘণ্টার মধ্যে-যাহাতে সরকারী আদেশ পত্র জারি হয় সেই বিষয়ে সংশ্লিষ্ট সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিবকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। তাহাছাড়া ১৯৭৬ সালের উল্লিখিত অফিস স্মারকে অধিদপ্তর প্রধান কিংবা তাহার দ্বারা

মনোনীত কোন কর্মকর্তাকে গেজেট বিজ্ঞপ্তি (Gazette Notification) জারি এবং সরকারী আদেশের প্রমাণীকরণের (authenticating) যে ক্ষমতা প্রদান করা হয় উহার যথাযথ প্রয়োগ নিশ্চিত করিতে হইবে। (অনুচ্ছেদ - ৮.১২ দ্রষ্টব্য)।

৯.১১। অনুমোদিত সংগঠন ও সরঞ্জাম তালিকার প্রাধিকারের মধ্যে এবং বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকিলে সরকারের মান নির্ধারন(সিসি, মডেল, রং ও প্রস্তুতকারী) আদেশ এবং যানবাহন ও সরঞ্জাম ক্রয়ের সার্বিক নীতিমালা যথাযথ ভাবে অনুসরণ - সাপেক্ষে সকল যানবাহন ও সরঞ্জাম ক্রয়ের ক্ষমতা অধিদপ্তর/সংস্থা প্রধানের উপর ন্যস্ত থাকিবে। তবে সরঞ্জাম ক্রয়ের এই ক্ষমতা অধিদপ্তর/সংস্থা প্রধান কিংবা বোর্ডকে পূর্ত কাজ ও সরবরাহের ক্ষেত্রে প্রদত্ত আর্থিক ক্ষমতার মধ্যে সীমাবদ্ধ থাকিবে। সুষ্ঠু ও পক্ষপাতবিহীনভাবে এই ক্রয় সম্পাদনের লক্ষ্যে অধিদপ্তর/সংস্থা প্রধানের সভাপতিত্বে প্রতিটি অধিদপ্তর/সংস্থায় একটি ক্রয় কমিটি গঠন করিতে হইবে। একই পদ্ধতিতে উন্নয়ন প্রকল্পের আওতায় যানবাহন ও সরঞ্জাম ক্রয় করা যাইবে। (অনুচ্ছেদ - ৮.১৩ দ্রষ্টব্য)।

৯.১২। অকেজো যানবাহন বিক্রয়ের পদ্ধতি সহজতর করার লক্ষ্যে বাংলাদেশের প্রেক্ষাপটে(রাস্তা ঘাটের অব্যবস্থা, যানজট, জ্বালানির অভাব, চালকের নিম্নমানের প্রশিক্ষণ ইত্যাদি) একটি নির্দিষ্ট দরত্ব ও বৎসর (সার্বক্ষণিক ভাবে চালিত কারের ক্ষেত্রে ন্যূনতম ১,২৫,০০০ কিঃ মিঃ ও ন্যূনতম ৬ বৎসর এবং অফিস চলাকালীন সময় চালিত মাইক্রোবাস, জীপ ইত্যাদির ক্ষেত্রে ন্যূনতম ১,৭৫,০০০ কিঃ মিঃ ও ন্যূনতম ৮ বৎসর বিবেচনা করা যাইতে পারে) অতিক্রান্ত হওয়ার পর স্বয়ংক্রিয় ভাবে যানবাহন অকেজো ঘোষণার জন্য উপযুক্ত বিবেচিত হইবে। উল্লেখ্য যে বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ে এই ব্যবস্থা চালু রহিয়াছে। অধিদপ্তর/সংস্থা এই সকল যানবাহন বিক্রয় করিতে চাহিলে তাহাদেরকে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (BRTA) কিংবা উহার দ্বারা মনোনীত ২ সদস্য বিশিষ্ট কারিগরী দল হইতে 'মেরামত করিয়া চালানো অর্থনৈতিকভাবে লাভজনক হইবে না' -- এই মর্মে একটি সম্মত (agreed) সার্টিফিকেট গ্রহণ করিতে হইবে। তবে কারিগরী সদস্যদ্বয় একমত হইতে না পারিলে BRTA এর একজন উর্ধ্বতন কারিগরী কর্মকর্তা সরেজমিনে পরীক্ষা করিয়া এই সার্টিফিকেট প্রদান করিবেন। তাহার দ্বারা প্রদত্ত সার্টিফিকেট চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। এই ধরনের সার্টিফিকেট প্রদানের জন্য বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ টাকা ও চট্টগ্রামের কয়েকটি স্থানসহ দেশের অন্যান্য বিভাগীয় সদর দফতরে ন্যূনতম একটি কারিগরী দল মনোনীত করিয়া সার্বক্ষণিকভাবে উহাদের উপস্থিতি নিশ্চিত করিবে। এই সার্টিফিকেট প্রাপ্তির পর স্ব-স্ব অধিদপ্তর/সংস্থা সরকারের বিক্রয় নীতিমালা যথাযথভাবে পালন পূর্বক দরপত্র আহ্বানের মাধ্যমে তাহাদের অকেজো যানবাহন বিক্রয় করিতে পারিবে। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র, ফটোকপি মেশিন, টাইপ রাইটার ইত্যাদি অফিস সরঞ্জাম অকেজো ঘোষণা ও বিক্রয়ের ক্ষেত্রেও কিছু পরিবর্তন/পরিবর্ধনের মাধ্যমে অনুরূপ পদ্ধতি গ্রহণ করা যাইতে পারে (অনুচ্ছেদ - ৮.১৪ দ্রষ্টব্য)।

৯.১৩। উন্নয়ন প্রকল্পের আওতায় জমি অধিগ্রহণের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প ছক (PP)/প্রকল্প সারপত্রকেই (PCP) সরকারী অনুমোদন হিসাবে গ্রহণ করিতে হইবে। ইহার জন্য বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থাকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হইতে প্রশাসনিক অনুমোদন/মঞ্জুরী গ্রহণের প্রয়োজন হইবে না। বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রয়োজনীয় বরাদ্দ থাকা সাপেক্ষে অনুমোদিত পিপি/পিসিপিসহ জমি অধিগ্রহণের বিষয়ে অধিদপ্তর/সংস্থা সরাসরি সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার কিংবা ভূমি মন্ত্রণালয়ের সহিত যোগাযোগ করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। (অনুচ্ছেদ-৮.১৫ দ্রষ্টব্য)।

৯.১৪। বর্তমান উন্নয়ন কর্মকন্ডের ব্যাপকতা এবং মুদ্রাস্ফীতিজনিত মূল্যবৃদ্ধি প্রতিফলনের জন্য উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে পূর্তকাজ ও সরবরাহ (Work and Goods) ক্ষেত্রে অধিদপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতা ২ কোটি টাকা হইতে বৃদ্ধি করিয়া ন্যূনতম ৭.৫০ কোটি টাকায় উন্নীত করা যাইতে পারে। একই

যৌক্তিকতায় দেশী-বিদেশী উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে অধিদপ্তর/সংস্থা প্রধানের আর্থিক ক্ষমতা ৭৫ লক্ষ টাকা হইতে বাড়াইয়া ন্যূনতম ১.৫০ কোটি টাকায় উন্নীত করা যাইতে পারে (অনুচ্ছেদ-৮.১৬)।

৯.১৫। সরকার কর্তৃক মনোনীত বোর্ডের মাধ্যমে পরিচালিত কর্পোরেশনসমূহকে সত্যিকার অর্থে স্ব-শাসিত প্রতিষ্ঠানে পরিণত করার উদ্দেশ্য বর্তমানে মন্ত্রণালয়/বিভাগের হাতে অর্পিত নিম্নে বর্ণিত দায়িত্ব ও ক্ষমতাসমূহ বোর্ড/প্রধান নির্বাহীর নিকট ন্যস্ত করিতে হইবে :

(ক) অনুমোদিত সংগঠন ও সরঞ্জাম তালিকায় অন্তর্ভুক্ত এবং বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকিলে সরকারের মাননির্ধারণ আদেশ ও ক্রয় সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে পালন এবং সরঞ্জাম ক্রয়ের ক্ষমতা কর্পোরেশন প্রধান/বোর্ডকে প্রদত্ত আর্থিক ক্ষমতার মধ্যে সীমাবদ্ধ থাকাসাপেক্ষে সকল যানবাহন ও সরঞ্জাম ক্রয় ;

(খ) উন্নয়ন প্রকল্পের আওতায় জমি অধিগ্রহণের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে সরাসরি সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারের দফতর কিংবা ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব পেশ করণ ;

(গ) কর্পোরেশনের নিজস্ব এবং আওতাধীন কোম্পানিসমূহের বাজেট অনুমোদন ;


(ঘ) কর্পোরেশনের 'আওতাধীন কোম্পানিসমূহের সংগঠন ও সরঞ্জাম তালিকা অনুমোদন;

(ঙ) কর্পোরেশনের 'আওতাধীন কোম্পানিসমূহের কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদত্ত বোনাস অনুমোদন;

(চ) উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে পূর্বকাজ ও সরবরাহ (Work and Goods) ক্ষেত্রে চেয়ারম্যান ও বোর্ডের আর্থিক ক্ষমতা যথাক্রমে ৫.০০ কোটি ও ২০.০০ কোটি টাকায় উন্নীত করা যাইতে পারে; এবং

(ছ) কর্পোরেশনের চেয়ারম্যান কর্তৃক ১.৫০ কোটি এবং বোর্ড কর্তৃক ৭.৫০ কোটি টাকা পর্যন্ত উপদেষ্টা সার্ভিস (বৈদেশিক / স্থানীয়) সংগ্রহ / নিয়োগ করণ।

৯.১৬। উপরিউক্ত সুপারিশমালা (৯.১-৯.১৫) যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যমান সরকারী আদেশ/অফিস স্মারকসমূহে প্রয়োজনীয় সংশোধন এবং নূতন সরকারী আদেশ/অফিস স্মারক জারি করিতে হইবে।


 (ম. নূরউন নুরী চেয়ারম্যান)
 চেয়ারম্যান
 প্রশাসনিক পুনর্বিন্যাস

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CABINET SECRETARIAT**

Establishment Division

Regulation Wing

Section-1

No.ED/RJ/S-41/76/86(40), dated, the 19th June, 1976.

The undersigned is directed to forward herewith, for information and necessary action the following recommendation of the Secretaries Committee on Administrative Improvement.

"The Delegation of Administrative Powers which exists in Chapter-1 of Establishment Manual Volume-1 should be properly used by the Heads of Departments/Offices".

2. A copy of the order No. 7/59/S.O.VII, dated 5-1-1960 containing the delegation of administrative powers referred to above is also enclosed for ready reference.

GOVERNMENT OF PAKISTAN

Establishment Manual Volume-1.

Chapter 1

ADMINISTRATIVE POWERS OF HEADS OF ATTACHED DEPARTMENTS

- | | |
|---|---|
| (1) Separation of 'policy making' and executive functions | Each Ministry should confine, itself to policy-making, planning, direction and control, and shed its executive functions, if any which should be transferred to the Attached Departments. |
| (2) Administrative Powers of Heads of Departments in respect of the staff. | The Administrative powers indicated in the annexure to this letter should be delegated to the Heads of Departments. |
| (3) Heads of Departments to be responsible for technical soundness of their proposal. | The Heads of Departments should be responsible for the technical soundness of their proposal which, as a rule should not be subjected to any technical examination by Ministry concerned. |

(4) Mode of submission of proposal by Departments and procedure for their examination in the Secretariat

To remove the complaint that proposals made by Heads of Departments are dealt with by Junior officers in the Secretariat, the following procedures should be adopted.

(i) A case referred to the Ministry over the signature of the Head of a Department should be placed before the Secretary or the Joint Secretary in the case of major Departments, or the Deputy Secretary in the case of minor Departments where the Head of the Department is of the approximate status of a Deputy Secretary. The officer concerned should see whether he can pass orders on the references straightway. If it is considered that previous papers are needed, or examination is required at a lower level, instructions should be given accordingly, but the language of the criticism or the examination should invariably be polite.

(ii) It should be the duty of the Head of the Department to ensure that only those cases are submitted to Government in which he is not competent to pass orders himself.

(iii) Proposals from the Departments should be in the form of a self-contained summary which should state the facts of the case and the important points for decision, and contain specific recommendations.

(2) *****

(3) *****

(Establishment Division O.M.No. 7/59-S.O-VII, dated the 5th January, 1960)

ANNEXURE to O.M.No. 7/59-S.O-VII,

dated 5-1-1960

Delegation of Administrative powers to Heads of Department.

Class I Services/Posts :

1. Apart from first appointments and disciplinary measures, other administrative powers will be exercised by the Heads of Departments who should deal with all matters of postings, transfers, increments and leave, etc., except in the case of their deputies about whom reference will be made to Government.

Class II Services/Posts :

2. Subject to the observance of general rules regulating the strength of the service, the method of recruitment (including consultation with the F.P.S.C. wherever required) and the conditions of service, the Heads of Department will be the appointing authority in respect of all services/posts under his Jurisdiction and exercise full powers in respect of their posting, transfer and discipline.

3. For purposes of promotion within the department, promotion committees or selection committees will be set up and their composition approved by Government.

4. The requisite powers of issuing Gazette Notification and authenticating Government orders for the purpose will be exercised by the Heads of Departments or by officers nominated by them.

5. There will be only one right of appeal against an order of a disciplinary nature. Where the original order has been passed by the Head of Department himself, the appeal will lie to Government.

Class III/IV Services/Posts:

6. The Head of the Department will be the final authority in all matter subject to the provision of paragraph 5 above.

Powers under The Fundamental and Supplementary Rules :

7. The Heads of Department will exercise the following powers under the Fundamental/Supplementary Rules .

Relevant Rule 1	Power 2	Extent of Delegation 3
F.R. 9 (17) :	To declare a Government servant to be a ministerial servant .	Full powers for class II and III only .
F.R. 10	To dispense with a medical certificates of fitness, before appointment to government service, in individual cases .	Full powers provided he is authorized to make appointment to the post.

Relevant Rule 1	Power 2	Extent of Delegation 3
F.R. 15	To transfer a Government servant from one post to another .	Full powers except in the case of his deputy.
F.R.24	To withheld increments	Full powers in respect of posts for which he is the appointing authority.
F.R.26	To allow Government servants to count extraordinary leave for increments.	Ditto.
F.R.33	To fix within certain limits the pay of Government servant officiating in a post the pay of which is personal.	Full powers.
F.R.35	To reduce the pay of an officiating Government servant	Full powers
F.R.36	To issue general or special orders allowing acting promotion to be made in the place of Government servants treated as on duty, under F.R.9(6)(b).	Do
S.R.48-B(ii)	To sanction travel by air in machines of public transport companies regularly plying for hire.	Full powers in respect of Grade I officers only, in cases of urgency and necessity.
S.R.59	To prescribe a Government servants headquarters.	Full power except for his deputy.
S.R.73	To grant exemption from rule limiting as halt on tour to ten days.	Full power.
S.R.75	To allow the exchange of daily for mileage allowance for the whole period of absence from headquarters.	Do

Relevant Rule 1	Power 2	Extent of Delegation 3
S.R.89	To permit the recovery of the actual cost of hiring of conveyance, of admissible	Do
S.R.211	To authorize departure from supplementary Rule 211 regarding combination of holidays with leave and joining time.	Do
S.R.213	To accept a certificate of fitness signed by any registered medical practitioner.	Do
S.R.233	To grant leave to Government servant in respect of whom a Medical Committee has reported that there is no prospect that he will ever be fit to return to his duties.	Full powers except for his Deputy.
S.R.267	To grant maternity leave	Do
S.R.269	To grant hospital leave	Do

সংযোজনী-‘খ’

বিগত ২০/১১/৯৩ তারিখের ‘দৈনিক ভোরের কাগজ’ এর চিঠি-পত্রের কলামে ‘ডাক বিভাগের কর্তব্যহীনতা’ শীর্ষক একটি পত্র প্রকাশিত হয়। উক্ত পত্রে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র অভিযোগ করেন যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রংপুর জেলায় তাহার দেশের বাড়ীর ঠিকানায় বিগত ১৭/১০/৯৩ তারিখে একটি গুরুত্বপূর্ণ পত্র প্রেরণ করিলেও পত্রটি এযাবৎ তাহার নিকট পৌঁছায় নাই।

সাধারণ ডাকে প্রেরিত বিশ্ববিদ্যালয়ের উক্ত পত্রটির ক্ষেত্রে ডাক, তার ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ও বাংলাদেশ ডাক বিভাগের মধ্যে ২০/১১/৯৩ হইতে ১৪/৮/৯৪ পর্যন্ত যে সকল পত্র আদান-প্রদান ও কার্যক্রম গ্রহণ করা হয়, তাহার একটি বিবরণ (বাংলাদেশ ডাক বিভাগের নথি নং ডি-২৮/১০৭/৯৩ হইতে সংগৃহীত) নিম্নে প্রদান করা হইল :

তারিখ

পত্র / কার্যক্রম

- ২০/১১/৯৩ ‘দৈনিক ভোরের কাগজ’ পত্রিকায় অভিযোগ পত্র প্রকাশ।
- ২৬/১১/৯৩ মন্ত্রণালয় হইতে বিষয়টি তদন্তের জন্য ডাক বিভাগে পত্র প্রেরণ।
- ২৭/১১/৯৩ বাংলাদেশ ডাক বিভাগ হইতে সংশ্লিষ্ট (রাজশাহী) পি এম জিকে তদন্তের নির্দেশ প্রদান।
- ৩০/১১/৯৩ রাজশাহী পিএমজির অফিস হইতে জানানো হয় যে, বিভাগীয় নিয়মানুসারে সদর দপ্তর হইতে পত্র প্রাপ্তির পূর্বেই তদন্ত শুরু হইয়াছে।
- ০১/১২/৯৩ ডাক বিভাগ হইতে মন্ত্রণালয়কে অবহিত করা হয় যে, ইতোমধ্যে তদন্ত শুরু হইয়াছে।
- ২৬/০১/৯৪ মন্ত্রণালয় হইতে ডাক বিভাগকে প্রথম তাগিদ পত্র প্রেরণ করা হয়।
- ২৮/০১/৯৪ বাংলাদেশ ডাক বিভাগের সদর দপ্তর হইতে পিএম জিকে (রাজশাহী) তাগিদ পত্র দেওয়া হয়।
- ১২/০২/৯৪ পিএমজি (রাজশাহী) এর নিকট হইতে জবাব পাওয়া যায়। উক্ত জবাবে উল্লেখ করা হয় যে, ডেপুটি পিএম জি (রংপুর) তদন্ত পরিচালনা করেন। সংশ্লিষ্ট ডাক পিয়ন প্রাপককে বাড়ীতে না পাইয়া তাহার এক আত্মীয়ের নিকট সাধারণ শ্রেণীর চিঠিটি বিলি করেন। পত্রিকায় পত্র লেখক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রটির সহিত যোগাযোগ করা হইলে তিনি স্বীকার করেন যে, তাহার আত্মীয়টি ভুলবশতঃ সাথে সাথে চিঠিটি তাহাকে দেন নাই। পরবর্তীতে বেশ কয়েকদিন পর চিঠিটি তিনি পাইয়াছেন। পত্র লেখক ছাত্রটি সংশ্লিষ্ট ডাক পিয়নের বিরুদ্ধে তাহার আর কোন অভিযোগ নাই বলিয়া লিখিতভাবে জানান। সংশ্লিষ্ট ডাক-পিয়নের বিরুদ্ধে ইতঃপূর্বে কোন অভিযোগ নাই এবং তিনি এলাকাবাসীর আস্থাভাজন। এই প্রেক্ষিতে তাহাকে শাস্তি হইতে অব্যাহতি দেওয়া হয়। তবে তাহার কাজের উপর সতর্ক দৃষ্টি রাখা হইতেছে।
- ২৮/০২/৯৪ মন্ত্রণালয় হইতে ডাক বিভাগকে দ্বিতীয় তাগিদ পত্র দেয়া হয়।
- ১৯/০৩/৯৪ পিএমজি (রাজশাহী) প্রেরিত সকল কাগজ পত্রের অনুলিপিসহ মন্ত্রণালয়কে তদন্তের বিষয় অবহিত করা হয়।
- ১৩/০৬/৯৪ মন্ত্রণালয় হইতে ডাক বিভাগে পত্র প্রেরণ করিয়া যে আত্মীয়টির নিকট চিঠি বিলি করা হইয়াছে তিনি কে তাহা মন্ত্রণালয়কে অবহিত করার জন্য বলা হয়।
- ২৮/০৬/৯৪ ডাক বিভাগের সদর দপ্তর হইতে পুনরায় পিএম জিকে (রাজশাহী) পত্র প্রদান করিয়া আত্মীয়টি কে তাহা জানানোর জন্য চিঠি প্রদান করা হয়।
- ১৪/০৮/৯৪ মন্ত্রণালয়কে জানান হয় যে, আত্মীয়টি অভিযোগকারীর পিতা জনাব মোজাম্মেল হক।

কমিটির মন্তব্য :

প্রাপকের নিকট চিঠি-পত্র না পৌছানোর দরুন ডাক বিভাগের বিরুদ্ধে অভিযোগ আনা হইলে সংশ্লিষ্ট ডাক পিয়নের বিরুদ্ধে বিভাগীয় পর্যায়ে কি ধরনের এবং কি পদ্ধতিতে তদন্ত/ব্যবস্থা গ্রহণ করা হইবে ডাক বিভাগের ম্যানুয়ালে তাহার সুস্পষ্ট উল্লেখ আছে। বিবেচ্য ক্ষেত্রেও দেখা যায় যে, মন্ত্রণালয় হইতে তদন্তের নির্দেশ প্রাপ্তির পূর্বেই সংশ্লিষ্ট পি এম জি'র দফতর হইতে বিভাগীয় নিয়মানুসারে তদন্ত শুরু হইয়াছে। এই রকম একটি গতানুগতিক বিষয়ে মন্ত্রণালয় হইতে তদন্তের নির্দেশ, তদন্ত প্রতিবেদনের জন্য বারংবার তাগিদ প্রদান এবং তদন্ত প্রতিবেদন প্রাপ্তির ৩ মাস পর একটি অত্যন্ত গৌণ বিষয়ে পুনরায় তথ্য প্রেরণের নির্দেশ প্রদানের তেমন কোন যৌক্তিকতা আছে বলিয়া মনে হয় না। মন্ত্রণালয়/বিভাগের পত্র হইতে ইহা স্পষ্টতঃ প্রতীয়মান হয় যে, অধিদপ্তরের কর্মকাণ্ডে মন্ত্রণালয়ের তেমন বিশ্বাস নাই।

--

সংযোজনী - গ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
ঢাকা।

স্মারক নং- ৫১.১১০.২.০.১.৯২-৩০২(৫০০)

১৫-১০-৯২ইং
তারিখ :-----
৩০-৬-৯৯ বাং

আদেশ

বিষয় : মন্ত্রণালয়/বিভাগ/স্বশাসিত সংস্থা/কর্পোরেশনকে প্রশাসনিক ক্ষমতা প্রদান।

ইতিপূর্বে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জারীকৃত ১২-৭-৯৮ বাং/ ২৭-১১-৯১ ইং তারিখের স্মারক নং ৫১.১১০.২.০.১০.৯০(অংশ)/১৪(৫০০) এবং ৪-১২-৯৮ বাং/ ১৮-০৩-৯২ ইং তারিখের ৫১.১১০.২.০.১.৯২-৪৮(৫০০) এর আদেশ নিম্নলিখিত মর্মে সংশোধন করা হল :

সংগঠন ও সরঞ্জাম তালিকা (Table of Organization and Equipment)

১। অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকার পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন-এর সিদ্ধান্ত নিম্নরূপভাবে গৃহীত হবে:

(ক) লোকবল (Manpower):

(১) মন্ত্রণালয়/ বিভাগের অস্থায়ী পদগুলি সংরক্ষণের জন্য প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে।

(২) উন্নয়ন খাতের কোন পদ রাজস্ব খাতে স্থানান্তরের সময় যদি কোন ক্যাডারের পদের সংখ্যা পরিবর্তন হয় এবং কোন মন্ত্রণালয়/বিভাগের সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকার পরিবর্তন হয় তবে অর্থ বিভাগ ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতি নিয়ে প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে।

(৩) বিভিন্ন স্বশাসিত সংস্থা/কর্পোরেশনের অধীনস্থ রাষ্ট্রীয় মালিকানায় প্রতিষ্ঠানসমূহ (Public enterprises) এর লোকবল কাঠামোর পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন সংশ্লিষ্ট স্বশাসিত সংস্থা/কর্পোরেশন এর পরিচালক মন্ডলী (Board) অনুমোদন করতে পারবেন। তবে সিদ্ধান্ত গ্রহণকালে কেবলমাত্র উৎপাদন ও দক্ষতা বৃদ্ধির প্রয়োজনে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান সাপেক্ষে এবং সরকারের কর্মসংস্থানের সার্বিক নীতির আলোকে এই সব বিষয় বিবেচনা করতে হবে।

(৪) স্বশাসিত সংস্থা/কর্পোরেশন/অধিদপ্তর এর লোকবল কাঠামোর পরিবর্তনের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিবেচনা করবে। সংস্থাপন মন্ত্রণালয় (সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ) - এর সম্মতি, বাজেটে অর্থের সংস্থান এবং সরকারের কর্মসংস্থানের সার্বিক নীতির সাথে সুসংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে মন্ত্রীগণ সংশ্লিষ্ট সংগঠন ও সরঞ্জাম তালিকায় লোকবলের পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন অনুমোদন করবেন।

৩। কনডেমনেশন কমিটির সদস্য-সচিব সভাপতির সহিত আলোচনাপূর্বক কমিটির সভা আহ্বান করিবে এবং অকেজো ঘোষণাযোগ্য মটরযানের সুপারিশসহ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের প্রধানদের চূড়ান্ত সিদ্ধান্তের জন্য প্রেরণ করিবে।

৪। কনডেমনেশন কমিটি প্রয়োজন মনে করিলে সকল বা কিছু সংখ্যক গাড়ী প্রত্যক্ষ পরিদর্শন করিতে পারে।

৫। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে গঠিত মটরযান কনডেমনেশন কমিটিগুলি এবং স্থানীয় মটরযান পরিদর্শকগণ সরকারী গাড়ী অকেজো ঘোষণার জন্য পরিশিষ্ট 'ক'-এ সংযোজিত নির্ণায়কের আলোকে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

পরিশিষ্ট 'ক'

- (ক) ঘন ঘন মেরামতের ফলে মেরামত করিয়া চালানো অলাভজনক হইয়া পড়িয়াছে এইরূপ যানবাহন।
- (খ) মডেল পরিবর্তনের দরুন বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরূপ যানবাহন।
- (গ) মেরামত করিয়া প্রথম শ্রেণীর পর্যায়ভুক্ত (Class 'A' condition) করিতে যে সমস্ত যানবাহনের বর্তমান মূল্যের (present value) ৫০%-এর বেশী ব্যয় হইবে এইরূপ যানবাহন।
- (ঘ) দুই-এর অধিক প্রধান ইউনিটের (major unit) সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত (signs of general wearing) হইয়াছে এমন যানবাহন।
- (ঙ) দুর্ঘটনার জন্য ক্ষতিগ্রস্ত হইয়া যে সকল যানবাহনের কাঠামো (frame) দুমড়াইয়া/ মোচড়াইয়া (bent & twisted) গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এইরূপ যানবাহন।
- (চ) কোন বড় রকমের গলদের জন্য রাস্তায় চালানো বিপদজনক এইরূপ যানবাহন।

THE BANGLADESH GAZETTE

MONDAY, OCTOBER' 22, 1984
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF ESTABLISHMENT
Transport Section

অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয়ের নীতিমালা।

১। কোন মন্ত্রণালয়/বিভাগ বা দপ্তর বা তাহাদের অধীনস্থ অফিস যদি নিজেদের কোন অকেজো যানবাহন মেরামতের অযোগ্য বলিয়া বিবেচনা করেন তবে সংশ্লিষ্ট সরকারী মটরযান পরিদর্শক (Motor Vehicle Inspector) -এর নিকট উক্ত গাড়ীর যাবতীয় বিস্তারিত বিবরণ ও ইতিহাস প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করিয়া মেরামতের অযোগ্যতার প্রত্যয়ন পত্র প্রদান করিবার জন্য অনুরোধ করিবে। এই অনুরোধ পত্রের একটি প্রতিলিপি পরিচালক, সড়ক পরিবহন রক্ষণাবেক্ষণ, ঢাকা এর নিকট প্রেরণ করিতে হইবে। সংশ্লিষ্ট মটর যান পরিদর্শক সরেজমিনে পর্যবেক্ষনের পর অনূর্ধ্ব ১৫ দিনের মধ্যে উক্ত মটর গাড়ীখানা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক হইলে উহার প্রয়োজনীয় ইনভেন্টরী প্রণয়ন করিবে এবং উহা মেরামতের অযোগ্য বা উহার ব্যবহার অলাভজনক এই মর্মে সার্টিফিকেট প্রদান করিবে। ১৫ দিন পরে সার্টিফিকেট না পাইলে অথবা উপরোক্ত সার্টিফিকেট ও ইনভেন্টরী রিপোর্ট প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তা উহা স্থায়ী মন্ত্রণালয়/বিভাগের নিকট প্রেরণ করিবে। মন্ত্রণালয়/বিভাগ উহার সুনির্দিষ্ট একটি শাখায় উক্ত মটরযান সংক্রান্ত কাগজপত্র হেফাজতে রাখিয়া পরবর্তী কার্যক্রম গহণ করিবে।

২। প্রতি মন্ত্রণালয় /বিভাগ নিম্নে বর্ণিত কনডেমনেশন কমিটি গঠন করিবে :

(ক) যুগ্ম -সচিবের নিম্নে নয় এমন একজন কর্মকর্তা	 সভাপতি
(খ) মটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন উর্ধ্বতন প্রকৌশলী।	 সদস্য
(গ) অর্থ মন্ত্রণালয়ের একজন উপ-সচিব	 সদস্য
(ঘ) সংশ্লিষ্ট গাড়ীর মালিকানা দপ্তরের একজন কর্মকর্তা	 সদস্য
(ঙ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় / বিভাগের উপ-সচিবের মর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তা।	 সদস্য সচিব

এই সদস্য পদের জন্য বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ নিম্নলিখিত কর্মকর্তাদের মধ্যে হইতে যে কোন একজনকে মনোনয়ন করিতে পারেনঃ

(১) পরিচালক, সড়ক পরিবহন রক্ষণাবেক্ষণ, ৮৮-২, শহীদবাগ, ঢাকা।

(২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ওয়াকিসপ সার্কেল, সড়ক ও জনপথ, তেজগাঁও, ঢাকা

(৩) চীপ টেকনিক্যাল অফিসার, বি আর টি সি, পরিবহন ভবন, ঢাকা।

(৪) মালিক দপ্তর বা পরিদপ্তরের নয় এমন একজন উর্ধ্বতন প্রকৌশলী (যান্ত্রিক / অটোমবাইল)।

(খ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যতীত অফিসের জন্য সংগঠন ও সরঞ্জাম তালিকায় বরাদ্দকৃত অন্যান্য অফিস সরঞ্জাম (Office Equipment) বরাদ্দের পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী অনুমোদন করবেন।

(গ) প্রধানমন্ত্রীর পূর্ব অনুমোদন ব্যতীত সংগঠন ও সরঞ্জাম তালিকায় যানবাহনের প্রাধিকার (Authorization) পরিবর্তন করা যাবে না। যানবাহনের প্রাধিকার পরিবর্তনের প্রস্তাব প্রেরণের পূর্বে সংস্থাপন মন্ত্রণালয় (সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ) এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে। অনুমোদিত সাংগঠনিক কাঠামো ও সরঞ্জাম তালিকার (TO & E) প্রাধিকারের মধ্যে বিধি অনুযায়ী বাজেটে অর্থ বরাদ্দ থাকা সাপেক্ষে সকল যানবাহন ক্রয়ের অনুমোদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী প্রদান করবেন।

২। (ক) লোকবলের পদ সৃষ্টি/নিয়োগের ক্ষেত্রে প্রদত্ত ক্ষমতাবলীর প্রয়োগে চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ এবং চাকুরী স্বশাসিত এবং রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠানসমূহ (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯১ অনুসৃত হবে।

(খ) সংগঠন ও সরঞ্জাম তালিকা (TO & E) এর যে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অর্থ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং এ বিষয়ে ৯ নভেম্বর, ১৯৮৬ তারিখের ৭১৬১/কমন/বাস্তবায়ন - ৩ স্মারকের পদ্ধতি অনুসৃত হবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরঃ

(ডঃ কামাল উদ্দিন সিদ্দিকী)
প্রধান মন্ত্রীর সচিব।

বিতরণ।

- ১। সকল মন্ত্রী মহোদয়
- ২। সকল প্রতি-মন্ত্রী মহোদয়
- ৩। সকল উপ-মন্ত্রী মহোদয়
- ৪। মুখ্য অর্থ সচিব/মন্ত্রিপরিষদ সচিব।
- ৫। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ
- ৬। সকল স্বশাসিত সংস্থা/কর্পোরেশনের প্রধান
- ৭। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সকল কর্মকর্তা।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

REPORT

ON

**ADMINISTRATIVE REORGANISATION :
TRANSMITTAL NOTE**

ADMINISTRATIVE REORGANISATION COMMITTEE

JUNE, 1996.

The Administrative Reorganisation Committee

Note of Transmittal

Bangladesh Government began its work with all the functionaries as they had existed at the time of its birth. Prior to that there existed two Governments—the Federal Government of Pakistan and the Provincial Government of East Pakistan. The Federal Government was organised to deal with Federal and Residual Subjects and the Provincial Government Provincial Subjects. The central government was organised into Ministries and Divisions with Departments and other offices under their administrative control. The Provincial Government, on the other hand, was organised into Departments, most of which were in charge of Provincial Ministers. These Departments had Directorates under their administrative control for executing Government decisions. Most provincial departments were headed by provincial Secretaries, equal in status and position to Deputy Secretaries of the Federal Government. Five Departments, however, were headed by officers of the level of Joint Secretary of the Federal Government. Likewise, all heads of Directorates were of the level of central Deputy Secretary or below except the Inspector General of Police, who was of the level of a Central Joint Secretary. All Departments of the central government were headed as a rule by the Director General, an officer of the level of Joint Secretary.

Unplanned Reorganisation of

Central and Provincial Government Organisations.

12. When liberated Bangladesh started functioning, it drew on the provincial and central bureaucracy. Not only names of provincial Departments (in effect Ministries) and Directorates differed from their counterparts in the Federal Government, pay scales and positions of

